সারত্বত গ্রন্থাবলা—সংখ্যা ২

या शी छ त

বা

যোগ ও সাধন-পদ্ধতি

一袋*袋—

জ্ঞানং বোগাল্মকং বিজি বোপকান্তাক্সংযুত্য। সংযোগ বোগ ইত্যাক্তো জীবালাপরমাল্পনোঃ।

পরিব্রাজকাচাধ্য পরমহংস
ত্রীমৎ স্বামী নিগমানন্দ সরস্বতী
প্রশীত



প্ৰকাশক স্পামী চিদ্যালক গান্ধত মঠ


L সর্ব্ব স্বত্ব সংবৃদিত

্রেপন সংখ্যার, ১০১২—বিতীয় সংখ্যার, ১৩১৭—তৃতীয় সংখ্যার, ১৩২১—
চতুর্থ সংখ্যার, ১৩২৫—পঞ্চম সংখ্যার, ১৩২৮—বৃষ্ট সংখ্যার, ১৩৩১—
সপ্তম সংখ্যার, ১৩৩৩]
তাষ্ট্রম সংখ্যারণ—উন্বিংশ সহস্ত—১৩৩৬

युक्त कंत्र

बुगा-->॥•]

শ্রিসভীশ ক্রেক্সচারী বোগনাবা-শ্রিকিং ওয়ার্কস্, সার্থত মঠ, বোরহাট।



धीमनाठार्या सामी निशमानम পরমহংসদেব

ৰ্ণ্ড ডৎ সৎ





প্রাণের শ্রুবভারা---

জীবনের একমাত্র সারাধ্য দেবভা

উদাসীনাচার্য্য औष्ट, स्ट्रायत्रमामजी

গুরুদেব-শ্রীচরণসরে।রুহেষু —

গুতর !

আমার প্রথম গুরু সংসার—অর্থাৎ পিডা, ভাই-ভগ্নী,
ত্রী-পুত্র, মাতামহী, মাতৃস্বসা, আত্মীয়স্বজন। কেননা,
তাঁহাদের ব্যবহারে বুঝিলাম, মায়ামমতাস্বার্থের দাস। স্বার্থহানি হইলে পিডা—পুত্রস্থেহ বিসর্জন দিভেপারেন, ভাইভগ্নী—শক্র হর্মীত পারে, ত্রী-পুত্র—বুকে ছোরা বসাইতে
পারে, মাভাস্থী-মাতৃস্বসা—বিষ উদ্গীরণ করিতে পারেন,
আত্মীয়-স্বজন—পদদলিত করিতে পারেন। যদিও সংসারে
কোন অভাব অনুভব করি নাই, তথাপি অলক্ষ্যে কে
বেন জানাইরা দিভ, "সংসারে সকলেই স্বার্থদাস।"

<u>Propertual de la comprese de la com</u>

স্বার্থান্ধ সণ কেইট দেখিলেন না যে, তাঁহাদের ব্যবহারে সামার হৃদয় কোন্ উপাদানে গঠিত চইতেছে। তারও বুঝিলাম, রোগে-শোকে মানবের পঞ্জরাস্থি ভগ্ন, হৃদয়ের রক্ত শুক্ষ ও সর্মাগ্রন্থি শিপিল হয়। ক্রমে বুঝিলাম, মহতে দরিদ্র দেখিলে উপাস করে—নিরন্ন বা ব্যাধি-গ্রন্থের কাতর প্রার্থনা পাগলের প্রলাপনাকা বলিয়। উড়াইয়। দেয়—হৃংহীর দীর্ঘনিঃখাস দেখিয়া পাপের ফল বলিয়। ঘণা করে। হায় !—মন্ত্র্যান্তদয় দয়া-মায়া, সহাম্ব্ ভূতি ও পরহৃংখ-কাতরতার পরিবর্ত্তে কেখল হিংসা, দেখ, নিষ্ঠুরতা ও পরশ্রীকাতরতায় পরিপ্রি। স্কুতরাং প্রথম শিক্ষায় সংসারে বিত্ধধা জন্মল। তাই বলিতেতি "সংসার প্রথম শুক্র।"

দিতীয় গুরু—সাণিত্রী পাহাড়ের পরসহংস শ্রীমৎ
সচিচনানদ সরস্থা। যথন সংসারের নিষ্ঠুরভায় ও
কালের করাল দংখ্রীঘাতজনি হ কাতরভায় ছিল্লকণ্ঠ কপোতের স্থায় লুটিভেছিলাম - দাবদগ্ধ হরিণের স্থায় ছুটিতেছিলাম, তখন এই মহাত্মার রূপায় শান্তিল ভ করিলাম;
ভ্রম ঘুটিল—চমক ভাঙ্গিল। তিনি শেদ, পুরাণ,
সংহিতা, দর্শন, গীভা ও উপনিষং প্রভৃতি শাস্ত্র সাহায্যে
বুঝাইলেন, সংসারের ঘাতপ্রতিঘাতই জীবের আখ্যাত্মিক

anaritating panggapang panggapang

উন্নতির করেণ। জাঁব সাংসারিক স্থা মৃদ্ধ চইরাই
জগলাতা ও পরম পিতার চরণ বিশ্বত হয়। জীবের
চৈত্ত সম্পাদন জ্বাই মলনময় জগদীশর কর্তৃক নিষ্ঠুরতার
স্থি হুইয়াছে।" আমি এতদিনে জীবন সার্থক জ্ঞান
করিলাম। স্বল্লায়াসে নিগমের এই নিগৃত্ বাক্য ব্ঝিতে
পারায় তিনি সানন্দে আমাকে শিহারপে গ্রহণ করিয়া
নিগমান্দ্ নাম প্রদান করিলেন।

কৃতীয় বা শেষ গুরু আপনি। বিপথে পড়িয়া

যথন পরমহংসদেবের উপদেশে পথ-প্রদর্শক অনুসন্ধান

করিতেছিলাম, পূর্বজন্মের সুকৃতি ফলে তথন আপনাব

চরণ দর্শন হইল। আপনার কুপায় নবজীবন লাভ

করিয়া, পূর্ণ সুখ-শান্তির অধিকারী হইয়াছি। অভূতপূর্বব বিমল আলোকচ্চটা দর্শনে নিয়্নত শিরায় শিরায়
আনন্দ-প্রবাহ প্রবাহিত হইতেছে। রক্জুতে সর্প অমের

আয় মানব স্থের আশায় লালায়িত হইয়া র্থা সংসারে

ছুটিয়া বেড়াইতেছে। আজি আমি গৃহায়শৃত্য হইয়াও

অক্ষুপ্ত মনে জাবনকে ধতা ও শ্লাঘা জ্ঞান করিতেছি।

বদি একজনতা সংসারপীড়িত ব্যক্তি পূর্ণ স্থানান্তি লাভের

বদ্ধ করে, সেই আশায় গুরুপদিষ্ট সাধনভজনের স্থাম
পত্যা গ্রন্থাকারে প্রকাশ করতঃ গঙ্গাজলে গঙ্গা পূজার

আয় আপনার চরণে অধিত হইল।

বিদায়-গ্রহণকালে নিবেদন, আপনার চরণসায়িধ্যে অবস্থানকালে যদি কোন অপরাধ করিয়া থাকি, "সস্থা-নের শত অপরাধ শিতার নিকট ক্ষমাহ" এই ভাবিয়া আমার অপরাধ মার্জনা করতঃ আশীর্বাদ করুন—যেন অবপার শেষ ব্যাপে আপনার ব্যাপ সমর্পণ করিতে পারি। আরও প্রার্থনা, যাহার। আমাকে "আমার" বলিয়া জানিয়াছে, ভাহাদের লইয়া যেন চরমে আপনার প্রমপ্রে লীনহুইতে পারি। শ্রীচরণে নিবেদনমিতি।

দেবতার। দর্শনঞ্চ করুণাবরুণালয়ন্।'
সর্বাদিজি প্রদাতারং প্রীপ্তরুপ্রণমাম্যহম ॥

সেবক--জী গুল্লচরণ



গ্রন্থকারের নিবেদন

-#-

নারায়ণং নমস্কুত্য নরকৈব নরোত্তমম্। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জ্যুমুদীরয়েৎ ॥

.t.

কী, মৃদ্ গুরু নারারণ চরণারবিন্দ-ছন্দ্র-শুন্দমান-মকরন্দ-পানে আনন্দিত ছটয়া তদীয় রূপায় অভিনব উপ্তমে "বোগী গুরু" এতদিনে লোকলোচন-গোচর করিলাম।

সামাদের দেশে প্রকৃত যোগশাস্ত্র বা যোগোপদেষ্টা গুরু নাই। পাতঞ্জল দর্শনের যোগস্ত্র বা শিব-সংহিতা, গোরক্ষ-সংহিতা, যাজ্ঞবদ্ধান্দ সংহিতা প্রভৃতি নাহা যোগশাস্ত্র নামে প্রচলিত আছে, তৎপ্রদর্শিত পদ্বায় সাধনে প্রবৃত্ত করাইয়া প্রত্যক্ষ ফল দেখাইতে পারেন, এমন কেহ আছেন কি ? যোগ, তন্ত্র ও স্বরোদয়শাস্ত্র সিদ্ধ সাধকের নিকট উপদেশ প্রাপ্ত না হইলে কাহার ও বুঝিবার সাধা নাই। যিনি যত বড় পণ্ডিত হউন না কেন, পাণ্ডিতাবলে উক্ত শাস্ত্র ব্ঝাইবার ক্ষমতা কাহারও নাই। যোগী গুরুও নিতান্ত গুরুভ; গৃহস্থগণের মধ্যে নাই বলিলেও অত্যক্তি হয় না। আমি বছদিন তীর্থ ও পর্যক্তা বনভূমিতে বছ সাধুসন্নাসীর অনুসর্ম করিয়া বিশেষক্ষপে জানিতে নারিয়াছি, আজকাল যে সকল জটাজাটুসমাযুক্ত সন্ন্যাসীর বিরাট্ মূর্ত্তি দেখা যায়, ভাহাদের মধ্যে হাজারকরা একজন যোগী বা ডয়োক্ত সাধক চল্লভ। অনেকে পেটের দায়ে জনজোপায় হইয়া সন্ন্যাস্ গ্রহণ করে; তাহাদের সাধনে প্রবৃত্তি ত যায়ই না, পরম্ভ কতক গুলি ভেন্ধ-বুজর্কি শিক্ষা করিয়া সাধারণের চক্ষে ধূলি নিক্ষেপ করিয়া নিশ্চিস্তে

বিনা-পরিশ্রমে উদর পোষণ করিয়া বেড়ায়। আমাদের দেশে একটা প্রবাদ-বাক্য প্রচলিত আছে, "গোত্র হারাইলে কাশ্রপ, আর জাতি হারাইলে বৈষ্ণব"—এখন এই কণার সত্যতা উপলব্ধি করিতে পারিয়াছি। বাস্তবিক গৃহস্থ বা সন্নাংশী সম্প্রদায়ের মধ্যে যোগী গুরু নিতাস্ত বিরুপ। থাকিলেও তাঁহাদের দৌড় প্রাণায়াম পর্যান্ত; তাহা ও যে উপর্ক্ত শিক্ষায় অনুষ্ঠিত, বিশ্বাস হয় না। আজকাল বন্ধদেশের গৌরবম্বরূপ কোন কোন কৃতবিষ্ণ ব্যক্তি চই-একখানি যোগশাস্ত্র প্রকাশ করিয়াছেন বটে, কিছ তাহাতে তাঁহাদের বিভা-বুদ্ধি ও কণিজের ক্তিম্ব বাতীত ুসাধনপদ: এর কোন স্থগম পন্থা দেখিতে পাওয়া যায় না। ব্যবসাদারগণের বিক্রাপনের প্রলোভনে পড়িয়া কোন কোন সাধনপ্রয়াসী ব্যক্তি ঐ পুস্তক ক্রুর করেন, পাঠান্তে যথন বুবিতে পারেন, "চাবি শুরুর হাতে", তখন অর্থনাশে মনস্তাপে পান্তিস্থা বঞ্চিত হন। কেহ কেহ এসকল পুস্তক-প্রদর্শিত প্রাণায়ামাদি করিতে গিয়া কট ভোগ ও দেহ নট করেন। বহু মহাপুরুষ-পরম্পরায় প্রকাশিত জ্ঞানগরিষা গণ্ড,বে উদরসাৎ করিতে গেলে পরমার্থ-লাভ দূরের কথা, অনর্গ উৎপাদিত হইবে, ইহা প্রব।

সমস্ত সাধনার মূল ও সর্বোংকৃষ্ট সাধনা যোগ। স্থাথের বিষয় এই, যোগসাধনে আজকাল অনেকেরই প্রবৃত্তি হইয়াছে। কিন্তু প্রবৃত্তি হইলে কি হইবে ? উপদেশ বা শিক্ষা দেয় কে ? গুরু ব্যতীত এই নিগুল্ পথের প্রদর্শক কে ? আজকাল ফেলকল ব্যবসাদার শুরু দৃষ্ট হন, তাঁহারা ব্যবসার থাতিরে মন্ত্রদান করিয়া বেড়ান, শিয়ের অজ্ঞান-অক্ষকার দৃব করিয়া দিব্যজ্ঞান প্রদান করিবার ক্ষমতা তাঁহাদিগের নাই। স্থতরাং অন্ধ ব্যক্তি অন্ধ ব্যক্তিকে পণ দেখাইবেন কির্নপে ? বরং পৈতৃক গুরুদেব অপেক্ষা অনেক স্থলেই শিষ্কাকে জ্ঞানী দেখিতে পাওয়া যায়। আর শাল্পে বেসকলু বোগপছা উক্ত হইয়াছে, তাহা কোন বোগী গুরু হাতে-কলনে

শিখাইয়া না দিলে ভাগতে ফললাভ করা স্বদূরপরাহত। আর এক কথা, কলির জীব স্বল্লায়ু ও তুর্মল: বিশেষতঃ চবিবশ ঘণ্টা হাড়ভাঙ্গা পরিশ্রম করিরাও আঞ্চকাল অনেকে অন্তবন্তু সংগ্রন্থ করিরা উঠিতে পাবে न। এরপ অবস্থায় সদগুরু মিলিলেও অষ্টাক্ষ-সাধনের কঠোর নিয়ম, সংষম ও প্রাণায়ানাদির ক্সায় কায়িক ও নানসিক 🖛 ঠিন পরিশ্রম এবং অভাবের ফুদীর্ঘ সময় কাহারও নাই। এই গব প্রতিবন্ধকবশতঃ কাহারও সাধনে প্রবৃত্তি গাকিলেও ভাষা পক্ক বিষদলে কাকচঞ্পুটাঘাতের "নামু বুপা।। এই সকল অভাব ও প্রতিবন্ধক দূব কবাই আমার এই গ্রন্থ-প্রকাশের উদ্ধান আমি সংসারাশ্রম পরিত্যাগ করিয়া বছদিন রুপা পরিভ্রমণ ও সারু-সন্মাসীর সেবা করি, পরে জগদগুরু ভূতভাবন ভবানী-পতির কুপার সদ্পুক্ লাভ করিয়া তুদীয় কুপার লুপুপার গুপু যোগ-সাধনের সহজ ও স্থপাধা কৌশল-উপায়াদি শিক্ষা করিয়াছি। বহুদিন ধরিণা সেই সকল কৌশলে ক্রিয়া অনুষ্ঠান করিয়া প্রাত্তক ফল পাইগাছি। তাই আজ ভারতবাণা সাবক-আতৃবুদের উপকারার্ণে রুতসঙ্কয় হটয়া এই গ্রন্থ প্রকাশ করিলাম।

শাস্ত্র অসীন, জ্ঞান অসীন, সাধন অনস্ত। বে সকল সাধন-কৌশল
শিক্ষা করিয়।ছি, ভাঙা সমস্ত আলোচনা ও আন্দোলন করা বাক্তিগত
কনতার সায়ন্ত ন:ে; আরত্রাধীন হটলেও মুদ্রিত করিতে না পারিলে
কিরপে সাধারণের উপকার হইবে ? আনার ও "অন্ত ভক্ষো। ধহু ও বিঃ।"
মুদ্রিত করিতে মুদ্রার প্রায়াজন। বিশেষতঃ নেতি, ধৌতি, বস্তি,
লৌলকী, কপালভাতি ও গজকারিণী প্রভৃতি হঠবোগাল সাধন
গৃহত্যাগী সাধুসয়ামীরই সাজে। এই "হা-অয়, বো-অয়" বাজারে চাকুবীভারা জীবিকা-নির্মাধ করিতে সময় কুলায় না, সাধনের সময় এবং নিয়্ম

পালন হইবে কিন্তুপে ? আর ব্যঙ্গালীর হঠবোগালি সাধনের উপর্ক শরীরও
নর। আরও এক কথা, বোগসাধনের এমন কড়কগুলি ক্রিরা আছে,
বাহা মুখে বলিরা, হাডে কলমে দেখাইরা না দিলে লেখনীসাহাব্যে
বুঝাইডে পারা বার না। অকারণ দেই সমস্ত শুহু বিষয় প্রকাশ করিয়া
পুতকের কলেবর বুদ্ধি বা বাহাছরী লাভ করা এই পুত্তক-প্রকাশের
উদ্যেশ্ত নহে। ভবে বদি কাহারও ঐরপ সাধনে প্রবৃত্তি হর এবং ভিনি বদি
অন্তর্গ্রহ করিরা এই কুল্ল গ্রহকারের নিকট উপস্থিত হুন, পরীকা বারা
উপযুক্ত বুনিতে পারিলে বড়ের সহিত শিথাইরা দিতে প্রস্তুত আছি

কলিকালে হর্মল, বরার ও অরসংস্থানের ব্বস্তু অনিরমিত পরিপ্রমঞ্জারী মানবগণের ব্বস্থ বাগেবর অগদ্ভর মহাদেব সহক্ষ ও ক্রথসাধ্য লরবোগের বিধান করিয়াছেন। প্রাণারামাদি প্রকৃত বোগ নহে, বোগসাধনের বিশেষ অনুকৃত্ব ও সহারকারী বটে; কিছু অনিরম ও বারুর বাতিক্রম হইলে হিছা, বাস-কাস ও চক্ষু-কর্ব-মন্তকের পীড়াদি নানা রোগ উত্তব হইরা থাকে। এই সকল বিবেচনা করিয়া করেকটি সহক্রসাধা বোগসাধন-পদ্ধতি এই পুরুকে প্রকাশ করিলাস, বাহাতে সাধারণে ইহার মধ্যে বে কোন একটী ক্রিয়ার অনুষ্ঠান করিলে প্রভাক্ষ কল পাইবেন। কিছু লিখিত নিরম ও উপদেশমত কার্য্য করা চাই। নিজে ওস্তাদী করিয়া Principle ঘাটাইতে গেলে কল হইবে না। বে কোন একটী ক্রিয়া নির্মিতরূপে অক্যান করিলে ক্রমণঃ শরীর হুত্ব ও নীরোগ হইবে, মধ্যে অপার আনন্দ ও শংক্তি বোধ করিবেন এবং দেহস্থিত কুল্কুওলিনীশক্তির চৈতক্ত ও আত্মান মুক্তি হইবে।

ৰোপ্ৰসাধনু করিকে এইলে উজ্ঞান্তপে কেহতত ও দেহতিত চক্ৰাদি অব্যান্ত হটুতে হয়, নতুবা সাধনে কোন কল বৰ না। কিন্তু তৎসমূদর ষধাৰণ বৰ্ণনা করিতে হইলে একথানি প্রকাণ্ড প্রক ইইয়া পড়ে। সে অনীর্থ সময় ও মজন্র গোলাকৃতি রক্তথণ্ড কোণায় পাইব ? তবে বে করেকটী সাধন-কৌশল প্রদর্শিত হইল, সেই সকল ক্রিয়াফুর্চানকারীর বাহা অবশু জ্ঞাতব্য, তাহা তন্তংস্থানে যথাবধ লিখিত হইরাছে; সাধারণের ব্রিবার মত ভাষা ব্যবহার করিতেও ক্রটী করি নাই। ইচাতেও যদি কাহারও কোন বিষয় ব্রিতে গোল্যোগ্ ঘটে, আমার নিকট উপস্থিত হইলে সংশয় অপনোদন করিয়া দিব।

ক্ষিত্র পাঠকগণের মধ্যে জনেকে মন্ত্র-জপানি করির। থাকেন।
কিন্তু মন্ত্রজপ করিরা কেছ সিদ্ধি লাভ করিতে পাবেন না, তাহার কারণ
কি ? মন্ত্রজপ রহস্ত-সাধন ও জপসমর্পন-বিধি বাতিরেকে মন্ত্র সিদ্ধ হর
না; স্থতরাং জপ ফল প্রাপ্ত হওয়া অসন্তব। বিধিপূর্বক জপ-রহস্তাদি
সম্পাদন করিতে না পারিলেও মন্ত্রের প্রোণরূপ মণিপুর্চক্রে তাহার ক্রিয়াদি
না করিলে কখনই স্ত্রের চৈতক্র মুইকে না; স্থতরাং প্রাণক্ত্রীন দেহের ক্রায়
প্রাণহীন মন্ত্র জপ করিলেও কোন ক্ষম হইবে না। ইহা আমার মনগড়া
কণা নহে; শাত্রে উক্ত আছে—

কৈতন্ত্র হিতা মন্ত্রা: প্রোক্তবর্ণাস্ত কেবলা:। ফলং নৈব প্রথক্তন্তি লক্ষকোটিজপৈরপি ॥

----**ভ**রগার

সটেডক মন্ত্র ক্ষেত্র বৈশ্বনাত, মটেডক মন্ত্র লক্ষণেটি জণেও ফল প্রাপ্ত হওরা যার না। ভবেই দেখুন, মালা-বোলা লইরা শুধু বাহ্যাভ্যার ও অফ্র-প্রান ক্ষিলে মন্ত্রকণে কল পাইবেন কিরণে ? কিন্তু ক্ষমন শুক্র দীক্ষার সলে নিক্তকে মন্ত্র-টেডকের উপায়ালি শিক্ষা দিরা থাকেন পুর্বরত শুরু-দেবই ভবিধরে অন্তিক্ত, কাজেই শিক্ত বেচারী শুক্তর সেই নীরস শুক্ মত্র বিধাসারা হ্রপা করিব। বে তিমিরে—সেই তিমিরে !—ডাহার হাগর-লেজের অবছা সেই এক প্রকার! আফ্রনাল এই শ্রেণীর ওক্রনেবর্গণ বিলিয়া থাকেন, "কলিকালে মানবর্গণ সাধু-গুরু মানে না।" কিন্তু সেইটা বে নিজেদের জ্রুটাতে হইরা গাকে, তাহা স্বীকার করেন না। কিন্তু কেবল মত্র দিয়া নির্মিতরূপে বার্বিকী আদার করিবা ক্রুন্ত্রহার্থ করিলে ছক্তি থাকে কির্ন্তেণ ? বিভা-বৃদ্ধি, আচার-বাবহার, আহার, সাংসারিকতা বা ক্রিয়া-কর্ম্বে শিন্তা হইতে গুরুদেবের কোন প্রভেদ নাই। শিব্যের আজ্ঞানান্ধকার বিদ্বিত্র করিয়া সংসারের ত্রিতাপস্বরূপ বিশ্বরের কিন্তা করিবার গুরুত্বর করিবার গুরুত্বর করিবার গুরুত্বর করিবার গুরুত্বর করিবল। শ্রুত্বর করিবল গুরুত্বর করিবল কর্মান গাকিবে কির্নেণ ? এই সকল নিবেচনা করিবা স্থাপকগনের উপকারার্থে মন্ত্রটৈতক্তর সহজ্ঞ ও স্থান পছা শেষকলে লিখিত হইল। সাধকগণ জগ-রহস্ত অবগত হইরা পক্রাত্বক প্রণালীতে ক্রিয়াম্ন্রান করিবো নিশ্বরই মন্ত্রটৈতক্ত ইইবে এবং জগে সিদ্ধিলাত করিবেন।

এই প্রছের প্রতিপান্থ বিষয় আমার পূঁথিগত বিল্পা নহে। ঐশীশুরু-দেশের রূপার বে সকল জিখান্দ্র্যান করিয়া আমি সাফলা লাভ করিয়াছি, তদীর আদেশান্ত্রসারে তাহারই মধ্যে করেকটা সহল ও স্থাসাথা প্রছিত সরিবেশিত হইল। একণে পাঠকগণের নিকট সনির্বন্ধ অন্তরোধ, নিজে নিজে শার পঞ্জিয়া বা কাহারও ভড়ং-ভাড়ং বচন-রচ্নুন দেখিরা-শুনিয়া তদীয় উপরেশে সাধনে প্রার্থ্য হইবেন না। আনাজী বাবসাধারের উপদেশে জিরান্ত্রীন করিলে কলশান্তের আশা নাই, বরঞ্চ প্রভাবারভাগী হইবেন; খাসকালান্তি কটিন রোগে আজাত্ত হইরা, জন্মের মত সাধন-ভন্সনের

ক্রমণান জ্রিরঃ বিধিপুর্বাদ বছটেতের করাইরা প্রত্যক্ষ কল দেবাইরা দিতে গায়িলে, উর্বাহনটি বলিডেরি, শ্রতি গাগতের হৃবরেও ভভিত্র সক্রি ভূটবে।

আশার অনাঞ্জন দিন্তে হইবে এবং অকালে কালকবলে পতিত বা আজীবন স্বোপার্জিত রোগন্তবা ভোগ করিতে হইবে। এই প্রছে সরিবেশিত যোগপদ্ধতি কর্মী অতি সহজ্ঞ স্থ স্থপাধ্য এবং সিদ্ধ-বোগি-গণের অন্থনোদিত। ইহার মধ্যে যে-কোন একটা ক্রিয়া অন্থনান করিলে নীরোগ হইয়া ও তৃপ্তিলাভ করিয়া দিন দিন মুক্তিপণে অপ্রসর হইবেন। তবে বাঁহারা অভ্যানসলিন পৃথিবীতে পূর্ণ জ্ঞানপ্রভাবের বিমল আলোকছেটা আকাজ্জা করেন, অচঞ্চল অনস্ক আলোকাধার স্থাসপ্তল-মধনভূত্তী মহ্যু-আলোকসর মহাপুরুবের সারিধ্য বাতীত এই ক্ষুদ্র পৃত্তকে তাঁহাদের মহাক্ষকা নির্ভি হইবার নহে।

প্রথম প্রথম বায়ধারণা অন্ত্যাসকালে অব্দি, কর্ণ, পঞ্জরান্থি ও শিরো-বেদনা অমূভূত হয়; এমন কি খাস-কাসের লক্ষণও প্রকাশ পায়। হঠবোগ প্রভৃতিতে ঐরূপ রোগাদির উদ্ভবের কথা বটে, কিন্তু এই গ্রন্থসন্ধিবেশিত সাধনে সে আশকা নাই। তথাপি স্বরকরে শরীর হস্তু, নীরোগ ও দীর্ঘ-জীনী এবং বলিপলিতরহিত কান্তিবিশিষ্ট করিবার কৌশল বর্ণিত হইল। পাঠকগণ! পরীক্ষা করিয়া সতাতা উপলব্ধি করিতে পারেন।

মানব ভূল-ভ্রান্তির দাস, তাহাতে আমার বিভা-বৃদ্ধির পুঁজি নাই বিলিলেও হয়। সদা-সর্বদা আমার নিকট শিক্ষিত-অশিক্ষিত ভ্রাভ্রগণ গমনাগমন করিয়া থাকেন, তাঁহাদের সহিত কথাবার্তা কহিতে কহিতে এবং এলাহাবাদ ক্তমেলা দর্শনে গমন করিব, এই জন্ত ভাড়াভাড়ি কাপি লিখিয়াছি, স্তরাং ভূল অবশুভাবী। মরালধর্মান্ত্রসরণকারী জাপক ও লাখকগণ লোবাংশ পরিত্যাগ করিয়া স্কার্থে প্রেল্ক হইলে স্কল্কাম হইবেন এবং ক্লুম্ন প্রস্কারও স্থা হইবে।

আসাম প্রদেশন্থ গারো-হিল্স্এর হাজং-বন্তির আমার পরমন্তক্ত অপত্যতুলা শ্রীনান্ সীতারাম সরকার ও শ্রীমান্ মদনমোহন দাস কারমূন:প্রাণে বেরূপ সেবা ও ব্যরাদি বহন কবিরা আমার সাধনকার্য্যে সহারতা করি-রাছে, তাহা প্রকাশ করিবার মত বাগ্বিভব আমার নাই। তাহাদের উপকারের প্রত্যুগকার আমার বারা সম্ভবে না। এই পরপিওভালী ভিবারীর আজকাল আশ্রীর্বাদ সম্বল; তাই কারমনোবাক্যে আশীর্ষাদ করি, নিরূপাক্ষবক্ষোবিহারিণী দাক্ষারণীর ক্রপার উক্ত বাবাজিবর স্বস্থা প্রক্রিক্স শরীরে দীর্ষজীবী হইরা বৈষ্টিক ও আধ্যাত্মিক উর্নিত্ন উচ্চ সোপানে অধিষ্ঠিত হউক।

পাতিলদহ পরগণার তহশীল-কর্মচারী আসার প্রিয় ভক্ত প্রীউমাচরণ সরকার ও তৎপত্নী প্রীমতী হেমলতা দাসী সর্ববিষয়ে এই গ্রহপ্রকাশে বেরূপ বৃদ্ধ ও সাহাষ্য করিয়াছেন, তাহা প্রকাশ করিবার মত ভাষা নাই। ফল কথা, তাঁহাদের সাহাষ্য না পাইলে এ গ্রন্থ প্রকাশ অসম্ভব হইত।

এই পুত্তক প্রকাশের অন্ধ্র শিক্ষিত বহু মহাত্মার উৎসাহ ও আর্থিক সাহাত্ম পাইরাছি। তাহার মধ্যে হরিপুরের প্রসিদ্ধ জনিদার আশ্রিত-প্রতিপালক অধ্যনিরত অকপট্রদার ও আনার অকারণ-বৃদ্ধ প্রধ্যাতনামা শ্রীবৃক্ত বাবু রার সারদাপ্রসাদ সিংহ আগাগোড়া বেরপ সাহাত্ম করিয়াছেন ও সহাত্মভৃতি দেখাইরাছেন, তাহা অবর্ণনীর। হরিপুরনিবাসী উক্লি উদারহানর বাবু লাগিতনোহন ঘোর বি-এল্, প্রবেশিকা-বিভালরের প্রধান শিক্ষক বোগসাধনরত বাবু জন্নাপ্রসাদ বন্দ্যোগাধ্যার এম্-এ, সংক্রম-শিক্ষক মিইভারী শ্রীবৃক্ত অঘোরনাথ ভট্টাচার্য্য কার্তীর্ব, প্রেক্টির বিন্তী বাবু সহস্কেন্ত্র সেন প্রভৃতি শিক্ষিত মন্ত্রের্থণ

খতঃ-পরতঃ বথেষ্ট উপকার করিয়াছেন। ক্বতজ্ঞচিত্তে সর্বাদ্দলার নিকট তাঁহাদের সর্বাদ্দীণ মঙ্গল কামনা করি।

বিদারপ্রহণ-সময়ে পাঠকগণের নিকট সাছ্নর নিবেদন এই বে, এই
কুদ্র প্রছে প্রম-প্রমাদ প্রভৃতি অপ্রান্থ করিয়া সাধনকার্য্যে প্রবৃত্ত হইলেই
আমার সকল আশা ও পরিশ্রম সফল হইবে। আমি নাম-বশ চাই না;
এ বাজারে অধ্যাতিরও অভাব নাই। কিন্তু কিছুতেই আমার ক্রক্ষেপ
করিবার প্রেরোজন নাই; এই ধর্ম-বিপ্লবের দিনে একজন সাধকও বদি
আমার বর্ণিত ক্রিয়া অভ্যাস করিয়া সাফলা লাভ করিতে পারেন, ভাহা
হইলে লেখনী ধারণ সার্থক ও গৃহারশৃষ্ট হইয়াও অক্র্র-মনে জীবনকে ধন্ত
ভান করিব। নিবেদনমিতি।

গারোহিল্-বোগাপ্রম ১•ই পৌব, বড়াদিন্স ১৩১২ ভক্তপদারবিন্দভিক্ দীন—ক্রীন্দিগমান্দল

অফ্টম সংস্করণের বক্তব্য

বোসী শুক্ত পৃত্তকথানির বিভীর সংশ্বরণ কালে বোপকরের চক্রেও করেকটাতে কিছু সংবোজনা আর স্বরকরে করেকটা প্রয়োজনীর বিষর বর্ত্তিত করা হইরাছিল। কিন্তু এবার আংছাপান্ত বংগাদৃই ক্ষণোধন করা সন্থেও ইচ্ছামত পরিবর্ত্তিত করা গেল না। সপ্তম সংস্করণের পৃত্তক সমূহ অর্লিনে নিংশেব হইরা বাওয়ার বাধ্য হইরা ভাড়াভাড়ি পুনমুজিত করিতে হইল। ধর্মপুত্তকের এইরূপ সমগ্র দেশমর আদর দেখিরা শিক্ষিত সমাজে ধর্মপ্রাণভার পরিচর পাইতেছি। ভজ, ভাগবত ও প্রভিগবানের জর হউক। কিম্ধিকবিশ্বরেণ।

নারবত মঠ
১৪ই কার্তিক, স্থ্যামাপুজা

ঞ্জীপক্ষরণাশ্রিত দীন—প্রকা**শক**

সূচাপত্র

वांगी-वावाहन ···

গ্ৰন্থ

প্রথম অংশ—বেগগকল্প

६ विवें	পৃষ্ঠা	বিষর	পৃষ্ঠা
গ্রন্থকারের, সাধন-পদ্ধতি :	•	৩য়—মণিপুব-চক্র	84
• বোগের শ্রেষ্ঠতা	24	৪র্থঅনাহত-চক্র	89
বোগ কি ?	₹9	«মবি শুদ্-চক্র	81
শরীব-তত্ত্ব	25	ৰ্ম্য — সাজাচক্ৰ	8>
নাডীর কথা	२৯	৭মললন্-চক্ৰ	c•
বায়ুর কথা	৩২	৮ন—শুক্ চক্	45
मम वाद्व ७०	98	>মগ্লার	દર
হংসভত্ম	96	কামকলা-ভত্ত্ব	'€≎
প্ৰণ্ব-ভত্ত্ব	9	বিশেব কথা	€8
কুলকুওলিনী-তথ	82	বোড়শাধারং	ee
440000	88	विगमाः	cc
>শ-শূলাধার-চক্র	8¢	ব্যোষপঞ্চকং	46
২য়বাধিচান-চক্র	84	এছিজ য	ć b

**************************************	~~ ~	v	·····
विका	পৃষ্ঠা	বিবন্ন	পৃষ্ঠা
শক্তিব্ৰ	41	ধ্যান	15
বোগভৰ	(b	সমাধি	12
বোগের আটটা অল	63	চারি প্রকার বোগ	90
ৰম	6 3	মন্তব্যেগ <i>ঁ</i>	98
নিৰ্ম	66	হঠবোগ	18
আসন	60	রাজবোগ	A7 96
ঞাণারাম	**	লরখোগ	* 10
প্রভাহার	4 2	अञ् विवन	1>
यात्र णा	۹•		

দ্বিতীয় অংশ—সাধ্ন-কল্প

সাধকগণের প্রতি উপদেশ	وط	অটিকবোগ	১৩১
উর্ রেডা	46	কুলকুগুলিনী-চৈতন্তের কৌশল	> 00
বিশেষ নিয়ম	>>•	লয়বোগ-সাধন	306
আসৰ-সাধৰ))F	मनमंकि ७ नान-गांधन	30 +
তৰ-বিজ্ঞান	><>	আত্মজ্যোতিঃ দর্শন	38
তত্ব-লক্ষণ	১২৩	ইট্রদেবতা-দর্শন) દર
ডৰ-সাধন	> ર૯	শাদ্মপ্রতিবিশ্ব-দর্শন	see
माफी-देणायन	254	নেবলোক-দর্শন	>64
নকৃষ্টির করিবার উপার	50 •	মৃতি	>4•

তৃতীয় অংশ—মন্তৰ্জ

विवन्न	পৃষ্ঠা	বিবর	পৃঠা
দীকাণ্ডাণালী	396	ছিয়াদি দোব-শাভি	>>•
সদ্গুরু	>+>	সেতৃ নিৰ্ণৱ	>>-
শন্তৰ	>><	ভূত ত দ্ধি	>>>
নত্ত-জাুগান ,	>> ¢	কণের কৌশল	730
মন্ত্ৰ-শুক্তিত্ব সপ্ত উপার	5 64	মন্ত্ৰ-সিদ্ধির শক্ষণ	>>
মন্ত্ৰ-সিদ্ধির সহক উপার	723	শ্ব্যাশুদ্ধি	266

চতুর্থ অংশ-স্থরকল

विवेद्र	পৃষ্ঠা	বিষর	পৃষ্ঠা
খরের খাভাবিক নিরম	२•১	নিঃখাস পরিবর্ত্তন করিব	ার
বাৰ নাসিকার খাসকল	₹•8	কৌশল	•••
দক্ষিণ নাসিকার খাস-ফল	₹•€	বশী কৰণ	₹ 5•
স্ব্ৰার খাসকল	2.6	ৰিনা-ঔৰধে লোগ আলোগ	打 > > <
রোগোৎপত্তির পূর্বজ্ঞান ও		বৰ্কসনিৰ্ণর	२ऽ१
ভাহার প্রতীকার	₹•७	বাজা একরণ	424
লাদিকা বন্ধ করিবার নির্ম	₹• ₩	পৰ্কাধান	२ ३०

3}=				
विवन	পৃষ্ঠা	विषम	পৃষ্ঠা	
কাৰ্য্য-সিদ্ধিকরণ	२२১	চিরযৌবন-শাভের উপা	३७०	
শুক্ত-বুলী করণ	२२२	দীর্ঘজীবন-লাভের উপায়	২৩৩	
অন্ধি-নির্ব্বাপণের কৌশন	२२७	পূৰ্বেই মৃত্যু জানিবার		
রক্ত পরিষার করিবার কৌ	न्त्र २२८	উপায়	২৩৮	
কয়েকটা আশ্চৰ্য্য সঙ্কেত	२ २७	∙উপসংহার	₹8\$	



বাণী-আবাহন

মরামরাজ্রারাধ্য। বরদাসি হরিশ্রৈয়ে। মে গভিত্বৎপদাত্মকং বাজেদবীং প্রণমাস্থম্॥

গীভ

कूक कक्षां सननि!

সরোজনি—বেড-সরোজ-বাসিনি!
অমল-ধবল উজল-ভাতি,

শ্রীমুথে জড়িত ডড়িত-জ্যোভিঃ,
চাঁচর চিকুরে, চূড়া শিরোপরে, কুয়ারবিন্দলোচনী॥
শোভিছে কর্নেতে কনক-কুগুল, সোলামিনা জিনি করে টলমল,
বলসে ভাহাতে মাণিক-মগুল, গজমতি মতি হরে;—
স্কুচার্ক হিতুল মূণাল-গঞ্জিতা,
বীণা-বল্ল করে, করে সুশোভিতা,
কত শোভা করে, নথর-নিকরে, প্রভাকর-করে জিমি॥
চরণে ডরুণ-জরুণ-কিরণ, লাজে বিজরাল লরেছে শরণ,
হংস পরে রাখি বুগল চরণ, দাঁড়ারে জিজল ঠামে;—
ভোমারি কুপার কবি কালিদান,
বেদবিভাগ করে নাম বেদব্যান,
পুরাও অভিলাব, ক্রিলিভেন্ম ভাব, মৃত্য-বিভর্মণিবি॥

(रेक्ट्रवी--- अकडांना)

প্রথমমি পদাস্থ্য অস্ক্রবাসিনী,
স্বাস্বনরারাধ্যা বিছা-বিধারিনী !
আমি হীন দীন-সন্ধ,
কি বৃন্ধিব তব তন্ধ—
গীর্বাণগণেশ বার নাহি পান সীমা ?
স্বাচমতি আমি অতি, না জানি মহিমা ।

শুন মা প্রাণের উন্মাদনা-আকুলতা— ভোমা বিনা কার কাছে ভানাইব ব্যবা ? বিধির বিচিত্র বিধি, সাধ্য নাহি আমি রোধি; মম গভি যে শ্রীপভি, ভাঁহার বিধানে প্রাধ্যালি ভালি আজি নিবাস শ্রাণানে!

নেমিনী চক্রের মত জদৃষ্ট নিরত.
কর্মসূত্র ফলে হইতেছে বিষ্পিত;
বিধির নির্বন্ধ যাহা,
নিশ্চর ফলিবে ভাহা,
স্থাত্বংখ সম ভাবি ভাহে নাহি খেল—
ছরমে সমান গতি নাহিক প্রভেদ।

শান্তিফ্থ নাই মাগো ভবের বিভবে—
প্রকৃত ক্ষের মুখ দেখিরাছি এবে।
গায়ে চিডাভন্ম মাখি,
"মা—মা" বলে সদা ডাকি,
নীরব-নিশীথে শুনি অনাহত নাদ—
ক্তই উপক্ষে মনে অমল আফ্লাদ!

অন্তে বেন পাই আমি জীহরিচরণ,
পার্থিব পদার্থে মোর নাহি প্রয়োজন।
খ্যাভি, প্রভিপত্তি, আশা,
শ্রীভি, প্রেম, ভালবাসা,
মায়া, মোহ, দয়া, ধর্মা, দিছি বিসর্জ্জন—
হুদয় শ্রাণান-সম ভীভির কারণ!

মক্ল-সম এ বিষম আমার ক্ষর— আশার অন্থ্য কেন ভাহাতে উদর । উদাসীন ধর্ম নর— ভ্রাশার অন্থ্যদয়, ধৈষ্য-বাঁধে রোধিবারে নারি আশা-নদী, সবেগে ক্ষর-ক্ষেত্রে বর্ধে নিয়বধি। স্থানার শুরশার করিছে প্রকাশ, হরেছে আমার মনে বড় অভিলাব। জ্রীগুরুর কুপাবলে, সিদ্ধ-যোগিগণ—স্থালে, বোগ-সাধনের বভ সহজ কৌশল, বছদিন স্থার স্থার করিছে সম্বল।

সেই সব স্থাসাধ্য সাধনপদ্ধতি,
প্রচার করিতে সাধ গুল মা ভারতি।
কিন্তু কোন্ গুণ-ভারে,
লেখনী করেতে ধ'রে,
শিবোক্ত শাল্পের কথা করিব প্রচার ?
বিদ্যাবৃদ্ধি-বিবর্জিক আমি তুরাচার।

তবে কেন অসম্ভব আশা করি মনে,
ধশ্রের ছরাশা যথা হিমাজি-লভ্যনে ?
জন্ম শন্মুক কবে
সিংহ-নজে বিনাশিবে ?
ভবাপি হ'তেছি কেন ছরাশার দাস ?—
অসম্ভব মরুভূমে কমল বিকাশ !

যাহাদের উপকার সাধিবার তরে
সাধনপছতি লিখি সানন্দ অস্তরে
সেই বঙ্গ-জাভাগণ
করি পুস্তক পঠন,
কোতৃকে হাসিবে আর দিবে করভালি—
কোন নীচাশর দিবে স্থুখে গালাগালি !

নাহি এ ধরায় এক বিন্দু অঞ্চলন,
ধল পিশাচেতে পরিপূর্ণ ভূমণ্ডন।
কেহ বাক্ অধঃপাতে,
কারো ক্ষতি নাই ভাতে,
হিংমুক পাষ্ড ষ্ড পর্জীকাভর—
পাপে পরিপূর্ণ সব বাহির অন্তর!

মদ-গর্বের স্ফীত বক্ষে জমযে সংসারে—

ছুর্বল দেখিলে-সুখে পদাঘাত করে।

দেখি ভবে অবিরত,

ছুংবী ভাগী জন কত্ত

আছে এই বিশ্বমানে সংখ্যা নাছি ভার;—

মনোহুংখে মুহুমান মন স্বাকার।

নিরাশার নিপীড়িত হইরা জননি,
ভাকি মা কাভরে ভোরে মাধব-মোহিনি !
বার পানে মুধ ডু'লে
চাহ তুমি কুত্হলে,
ভার কি অভাব মাতঃ এ ভব-ভবনে ?
সাক্ষী ভার কালিদাস ভারভগগনে ।

ভোমার প্রসাদে মহাদস্য রক্ষাক্র,
লভিয়া ভাষর-জ্ঞান হ'ন কবীশ্বর।
ভাই মা ভোমারে ভাকি,
ফদি মাঝে এস দেখি,
চরণে সঁপিয়া মন ধরি মা লেখনী—
বিজ্ঞাপের ভয়ে ভীত নহে এ প্রাণী!

কাতরে করুণা মাতঃ, কর নিজ গুণে,
ক্বপাসিদ্ধু ফুরা'বে না বিন্দু-বিভরণে।
বলের গোরব-রবি,
শ্রীমধুসুদন কবি,
ঘ-রে র কলা ঈ দিয়া স্থৃত লিখিরা সে,
ভোমার প্রসাদে কাবা প্রকাশিল শেষে।

ভাই মা ভারতী ভোমা করেছি শরণ,
অবশ্য হটবে মম বাসনা পূরণ।
মনে হর বার বাহা,
স্থেতে বলুক ভাহা,
থৈয়ি শিক্ষা করিব মা ভোর কুপাবলে—
উপেক্ষা করিব সর্বর বচন কৌশলে।
দেহ দিব।জ্ঞান দাসে অজ্ঞাননাশিনী,
কুষশ-স্থাশে বেন না টলে পরাণী।
স্থ হংখ সম জ্ঞানে,
র'ব স্থকার্য্য সাধনে,
নিভানিরপ্তান ভাবি নিভানিক্দ পাব—

সার এক কথা মাগো নিবেদি চরণে— বিরহ-বিধুর মম আত্মীর-স্বলনে,

সর্বব জীবে ব্রহ্মভাবে সদা নির্বিব।

দেহ দিব্যজ্ঞান দিয়া,
দিব্যপথ দেখাইয়া,
হতভাগা তরে বেন নাহি পায় ব্যথা—
ক্রেণো মা ভারতী শেব কিছরের কথা!

সেবকাধম শ্ৰীশলিশীকান্ত



क्षयम बरम राश-कन्न

(या शी छ क



প্রথম অংশ—বোগকর

-#-

.গ্রন্থকারের সাধনপদ্ধতি সংগ্রহ

নম: শিবায় শাস্তায় কারণত্তরহেডবে। নিবেদয়ামি চাত্মানং তং গভিঃ পরমেশ্বর ॥

ভূতভাবন ভবানীপতির ভবজীতি-ভন্তন, ভক্তজ্পিরঞ্জন বুগল-চরণ শ্বরণ ও পদাস অমুসরণ করিয়া গ্রন্থ আরম্ভ করিলাম।

বিশ্বণিতা বিধাতার বিশ্বরাজ্যে সর্বত্ত একই নিরন, চিরদিন সমান বার
না। আজ বিনি স্থা-ধবলিত সৌধমধ্যে স্থাবে শরন করিয়া চতুর্বিধ রুসাখাদনে রসনার তৃথিসাধন করিতেছেন, কাল তিনি বৃক্ষলতা আশ্রের করিয়া
এক মৃষ্টি আরের জন্ত অক্তের ধারস্থ। আজ বে পিতা প্রের জ্বোৎসরে
সুক্তেক্তে অজ্ঞ ধনবার করিয়া আপনাকে সৌভাগ্যবান্ ক্যান করিতেছেন,
কাল তিনি সেই নরনানকদারক প্রের সূত্রের সূত্রের বার করতঃ খাদানে
পড়িরা বিরক্ত কপোডের ভার ধড়কড় করিতেছেন। আজ বিনি নির্বাহন
খাসরে অবভ্রতনক্ষী বালিকা-ব্যুর ব্যান নিরীক্ষণ ক্ষিত্রে করিতে ভাষীস্থাবে
বিলেক্তিক্তিক্তিক ক্ষাণার ক্ষিত্র প্রিক্তিক্তেন, ক্ষেত্র ভিনি সেই প্রাণ্ডন

ব্ৰিম্ভনাকে অপরের প্রব্যাকাভিক্তী জানিরা প্রাণপরিভ্যাপে উল্লভ আৰু বিনি পৰ্য্যৰ'পরে প্রিন্ন পতির পার্ছে বসিন্না প্রেমের তৃফানে প্রাণ পরিভুগ্ন করিতেছেন, কাল তিনি আলুলারিতকেশা ছিন্নভিন্ন-মলিনবেশা পাগলিনী প্রায় মৃত্যভিন্ন পার্বে পড়িয়া ধূল্যবলুটিভা হইতেছেন। দেশে অন্ত জাতিগণ বে শশর দিখসন পরিধান ও বৃক্ষকোটরে পর্বাতগহরটো ৰাদ ক্ষিয়া ক্ষার কলমূলকলে কুলিবারণ ক্রিড, সেই সময় আর্যাবর্ত্তের আর্বাগণ সরস্ভীতীরে বসিয়া স্থললিভস্বরে সামগানে দিগ্দিগন্ত প্রতি-ধ্বনিত করিতেন। কালে মুসলমানধর্মের অভ্যুদরে রাজ্যবিপ্লব উপ্লস্থিত हरेश हिन्मुश्य चारीनछात्र मह्म मह्म क्रमनः विश्वन क्यानशित्रा, कार्यावीर्या, আচার-ব্যবহার ও ধর্ম হইতে বিচ্যুত হইলেন; ভারত-গগন খোর অঞ্চান अक्रक्रमत्त्र नमाञ्चल रुकेन । वीर्रवाचवामानी आवात्रन लाख नर्वविवत স্ক্তোভাবে পরম্থাপেকী হইয়া পঞ্চিলন। কালে মুসলমান রাজত্ব অন্তৰ্হিত হইরা বুটিশ আধিপতা বিভারিত হইল। পাশ্চাতা শিক্ষার হিন্দু-পুণ বিক্রতমন্তিক ও পুণ্যারা হইলেন। বে হিন্দুধর্ম কত বুগবুগান্তর হইতে বিমল মিথ কিবণ বিকীৰ্ণ করিবা আসিতেছে, কভ অতীত কাল হইতে धारे धर्मात चारनावना, चारनानन ७ गांधनतरू छेरहन स्टेर्फरस्, क्छ বৈজ্ঞানিক, কভ দার্শনিক ইহার সহক্ষে বাদাপ্রবাদ ও ভর্কবিভর্ক করি-মাছেন, দেই সনাতন হিন্দুধর্মান্রিত হিন্দুগণকে বর্ত্তমান যুগের সভ্য শিক্ষিত পাশ্চাভ্যবেশীরগণ, তথা পাশ্চাভ্য-শিকাবিক্বত-মতিক ভারতবাসীর বধ্যে অনেকেই পৌছলিক, অড়োপাসক ও কুসংখারাজ্য বলিয়া ভাজীল্য করি-लात । दिन्त्रार्यस मून चिक्ति काठाक तृष्ट्र यनितारे वर्धयान तृत्त्व, जाडेविशव ধর্মবিপ্লবের দিনে অপের অভ্যাচার সত্ব করিয়াও সজীব রহিয়াছে।

ক্তি পূর্বেই বলিয়াছি, "চিয়দিন সবান বায় না"—স্মোভ কিরিয়াছে। এবন বিন্দুরণের অবহে ভান, ধর্ম ভ বাধীনভালিকা কালিয়া উঠিয়াছে। হিন্দুগণ বুঝিতে পাবিয়াছেন, এই অভি বৈচিত্ত্যময় স্টিবাজ্যেব সীমা কৌথার ? হিন্দুধর্ম গভীব, হৃদ্ধ, আধ্যাত্মিক বিজ্ঞানসন্মত, দার্শনিকতার পরিপূর্ণ। হিন্দুধর্মের নিগৃত নম্ম কিছু কিছু বুরিভে পাবিয়া পাশ্চাত্য জভবিজ্ঞান অজ্ঞান হইরা বাইতেছে। দিন দিন ছিলুধর্শ্বেব বেরূপ উর্জি ৰুৰা বাইতেছে, ভাহাতে আশা কবা বান্ন, অতি অৱ দিনেব মধ্যেই এই ধর্মের অসল ধবল কৌমুদীতে সমগ্র দেশের সমগ্র মানর, সমগ্র জাতি উত্তাসিত ও প্রফুরিত হটবে। আলকাল হিন্দুসন্তান হিন্দুশাস্ত্র বিখাস করেন, ছিলুগম মানেন, হিন্দুমতে উপাসনা কবেন। স্থলকলেজের ছাত্র হইতে যুদক, প্ৰোচ অনেকেবই সাধনভদনে প্ৰবৃত্তি আছে, কিন্তু উপযুক্ত উপদেষ্টাৰ অভাবে কেহই সাধন বিষয়ে প্রক্লুত পথ দেখিতে পান না। অন্মন্দেশীয় প্রখ্যাতনামা পণ্ডিতগণ সাধনের বেশ্পপ কঠিন বাধন ব্যক্ত কবেন, সাধনে প্রবৃত্তি হওয়া দূবে থাকুক, শুনিয়াই সে আশায় জল্মের মত জনাঞ্জনি দিতে হব: ধর্মকর্মেব বেরূপ লখা চওড়া পাডনামা প্রস্তুত করেন, আজীবন কটোপার্জিত অর্থব্যয় কবিরাও তাহা সম্পাদন করা অনেকের পক্ষে স্থকটিন। ধর্ম কবিতে হইলে জী-পুত্র পরিত্যাপ কবিতে रहेरन, धनवरक बनाश्रमि मिरक रहेरन, यवनाकी हाकिएक रहेरन, बनाशास নেহ ওছ করিতে হইবে, সং সাজিয়া বুক্তল আশ্ররে শীতবাত সম্ব করিতে इहेरव, नजुवा जनवारनत कुना इहेरव ना ! शर्म्य व अज्हे। विज्यान रजान कतिरु इत, रुष्टे जाक्तर कथा। जामि बानि, सर्थवर बन्ध धर्माहत्व ; শাল্পেও এই কথার প্রমাণ পাওয়া বার---

> স্থাং বাঞ্চতি সর্বো হি তচ্চ ধর্মসমূত্রম। षणाषाणीः महा कार्याः मर्ववर्देनी क्षांत्रप्रकः ।

करवरे रमकून, श्वीहमर्गन केरककरे क्य नाक । जनाहान, जर्बनात

করিরা কারিক ও মানসিক কট ভোগ অজ্ঞানতার পরিচারক। ছ:থের বিষয়, উপযুক্ত উপদেষ্টার অভাবেই গৃহে প্রচুর ক্ষম থাকিতেও উপবাস क्तिया कान कां हो हेटल हम । जामात्मत्र जनीम भाषा, जनस नाधनत्कोभन । আমরা বৎসরের মধ্যে ভাদ্রমাসে একদিন শান্ত্রগুলি রৌদ্রে দেই, পরে গাঁঠনী বাধিয়া শুক্মুৰে পরের দিকে চাহিয়া থাকি; কিয়া একটা বিক্কুত সাধনে প্রবৃত্ত হটরা বিজ্যনা ভোগ করি, নর কলিকালের স্বব্ধে দোবের বোঝা চাপাইরা নিশ্চিত্ত হই। পাঠক ! আমি কিরুপ বিভূষনা ভোগ ক্রিয়া, শেষে সর্বামল্শমর সভাস্বরূপ সচ্চিদানন্দ সদাশিবের অফুগ্রহে সদ্ভক্ষ লাভ করি, তাহা আপনাদের না জানাইয়া প্রতিপাত্ত বিষয় বর্ণনার প্রবন্ত হইতে পারিলাম না।

এমোবিংশবর্ষ বয়সে ফুল্ল প্রাণের সমস্ত মুখপান্তি, আশাভরসা, উল্পস ও অধ্যবসায় ভাষ্ট্রের ভরা ভৈরবনদতীরস্থ কদ্বতলে ভশ্মীভূত করত: শ্বভির অলম্ভ চিস্তা বুকে লইরা বাটী হইতে বাধির হুই। পরে কভ নগর, গ্রাম, পদ্রী পরিশ্রমণ করিয়া সূচাক স্বাক্তবার্যাথাচত স্থধাধ্যলিত স্থদুপ্ত সৌধরাজি নিরীক্ষণ করিলান; কিন্তু প্রাণের আগুন নিভিল না। কত নদ, নদী, ছদাদির উদ্ধান তর্জস্মাকুল, কলিঞা-কম্পিডকারী কলকল নাদু কর্ণকুংরে প্রবিষ্ট হইল, কিছ কালের করাল দংট্রাঘাতজনিত কাভরতা কমিণ না। কত পর্বত, উপত্যকা অধিত্যকা অধিরোহণ করিরা, বিশ্বপাতা বিধাতার বিশ্বস্টিকৌশলের বিচিক্ত ব্যাপারাবলী অবলোকন क्त्रिनाय, क्कि जीवत्वत्र वाना क्फ़ारेन ना । क्फ क्षान्तवहून वनकृत्व অপূর্ব্ব প্রকৃতি পদ্ধতি ও বনকুমুমের জ্বন্ত কুম্মর স্থবমা সন্দর্শন করিলাস, क्षि अक्षत्रकाना व्यवस्थि रहेन ना । दह निर्नाद वाडा, बका-विकू-**শিখালাখ্যা, বিষ্ক্যান্তিনিলয় মহামান্ত্র কুপার সাবিত্তী** পাছাড়ে সাবকাঞ প্লব্ধ পদ্মবহনে জীমৎ সঞ্জিদানন্দ সর্বভীর সহিত সাক্ষাৎ সন্দর্শন সংঘটিত

इहेन। পরম্ঞানী পরমহংসদেবের উপদেশে জীবের জন্ম ও জন্মান্তর রহস্ত গত্যগতি, কর্মকলভোগ, মারাদি নিগমের নিগৃচ তত্ত্ব অবগত হইয়া মারার মোধ দুরীভূত হইল। পার্থিব পদার্থের অধারতা বুঝিলাম, স্বাধনিকুঞ কোকিলা তথন তান ধরিল—কি এক অভতপূর্ব আনন্দে হাদর আপ্রত হইল। মনে মনে স্থির সকল করিলাম, মর জগতে আর মদন মরণের অভিনয় করিতে ফিরিব না। আমি কার? কে আমার? কেন রুখা ক্রন্দরে রোল ? একাকী আর্সিগাছি: একাকী ঘাইব। সাধ করিয়া কেন অশাস্তির আগুনে দগ্ধ ধই ? হৃদরের নিগূচ্তম প্রদেশ হইতে শাস্ত্র-বাকা ধ্বনিত ধ্ইল.—

> পিতা কম্ম মাডা কম্ম কম্ম ভ্রাতা সংহাদরাঃ 🔻 কায়াপ্রাণে ন সম্বন্ধ:-ক। কন্স পরিবেদনা।

মায়ামোছের আবরণ অনেকটা অপসারিত হইল বটে; কিন্তু প্রাণে একটা প্রবল পিপাদা জাগিয়া উঠিল; স্থির করিলাম, কোনও একটা সাধক সম্প্রদায়ে সম্মিলিত হইয়া একটা স্থপাধ্য সাধনের অফুষ্ঠান করিয়া গীলাম্বের বিচিত্র লীলার মধুর স্বাদ আস্বাদন করিতে করিতে জীবনের वाकी कथि। पिन काणिदेश पित । धेर जातिता निष मराशुक्रास्त जन्मसारन নিবুক্ত হইলাম। বছ সাধু-সন্ন্যাসীর অন্থসরণ করিলাম। কেহ ধুনীর ছাইকে চিনি করিতে শিখাইল, কেহ তথ্যতৈলে হাত দিবার কৌশল দেখাইল, কেই কাপতে আগুন বাধিবার পদা প্রদর্শন করিল, কিছু আমার প্রাণের প্রাথক পিথাসা পূর্ব ছইল না। একজন প্রাথাতনামা ভাষ্ট্রিক সাধকের সংবাদ পাইবা তাঁহার নিকট উপস্থিত হইলাম এবং শিক্স স্বীকার করিয়া ভড়োর কার পেবা করিলাম। কিছুদিন পরে তিনি এক অবাভাবিক দ্রব্য সংগ্রহের আদেশ করিলেন। "পনি মকলবারে বক্সাহত গর্ভবতী চণ্ডাল-রম্পার উল্লেখ্য মুক্ত স্কানের উপরি জ্ঞাসন ভিন্ন তল্পোক্ত সাধনে সিদ্ধিলাভ ক্লুক্টিন।" এই কথা শুনিরাই তাঁহার নিক্ট হইতে বিদার গ্রহণ করিলাম। ধাহারা বোগী বলিয়া পরিচিত, আঁহারা নেতি ধৌতি প্রভৃতি এরপ কঠিন ক্রিয়ার অমুষ্ঠান করিতে উপদেশ প্রদান করিলেন বে আমার বংশের मर्था रकर छम्लारम मक्तम स्टेर्स ना । देवतानी वावाखीरमंत्र मर्था अक সম্প্রদায় বলিলেন, "বিৰ্ফলের স্থায় মন্তক সুদুত্ত করিয়া স্থলীর্ঘ শিখা রাধ, গলার মালার পিত্তলের আংটার ঝুলি ঝোলাইরা, কাঠের মালার গুরুনত মন্ত্র স্বপ কর—নির্মিতরূপে হরিবাসর ও প্রত্যহ কিঞ্চিৎ গোপীমৃত্তিকা গাতে লেপন না করিলে গোপীবলভের ক্বপা ছইবে না^ন সার এক সম্ভাগার আধুনিক বৈরাগী শান্তের কতকগুলি বাঙ্গাল৷ পরার আওড়াইয়া নিজেদের অনুকৃণে কদর্থ করিয়া ব্ঝাইলেন, "শক্তি বাতীত মুক্তির উপার নাট" এবং মাতামন্ত্রীর সমবয়ন্তা একটা মাতাজী গ্রহণের বাবস্থা দিলেন। এই হেতৃবাদে প্রীমীবুন্দাবনের রাধাকুগুবাসী পরোপকারপরায়ণ একটা বাবাজী তদীয় অনাণা কল্লাটাকে নিঃস্বার্থভাবে দান করিয়া আমার মৃক্তির পথ পরিষার করিতে প্রস্তুত হইরাছিলেন: আমি অকুডজ্ঞ, এহেন উদার-क्रमग्र. निःशार्थ পরোপকারীর প্রার্থনা অগ্রান্ত করিয়া পলায়ন করি। পাঞ্জাব প্রদেশত্ব অমৃতসহরের উদাসীন সম্প্রদার বলিলেন, "পৈতাদি পরিত্যাগ করিয়া ছত্তিশ জাতির অন্তক্ষণ করিয়া বেড়াইলেই ব্রহ্মভাব कृतिक वहेरत।" সন্নাদিগণ অথও বিভৃতিলেশন, স্থণীর্ঘ জটাজ টুধারণ, চিষ্টাগ্রহণ ও ছরিতানন্দে দমের কৌশল শিক্ষা দিলেন। নাগা সম্প্রদার. নেটো হইরা কোমরে লোহার ভিঞ্জির ধারণ ও অরাদি পরিভ্যাগ করিরা ফলমূল ভক্ষণের ব্যবস্থা দান করিলেন। সাবিত্রী পাহাড়ের পুঞ্চাপাদ **भत्रमहरमामर शूर्व्स किकिए शाका कत्रिया मियाहित्मन, छाडे धरेमर क्काएव** कांका क्यांत्र यन रोका हरेन ना । हेराएंड ज्यांश्यार ना रहेता स्थानक <u>र्वारभष्टतत्र हत्रणे प्रत्नर कत्रित्रो प्रकार्ध-माध्यारकार्णे प्रतिरक्ष माभिनाम ।</u>

্পশ্চিম প্রদেশে কিছুদিন ভ্রমণ করিরা কামাখ্যামান্টর চরণদর্শনাভিলাবে করেকজন সাধু-সর্রাসীর সমন্তিবাাহারে আসাম বিভাগে আসিল।ম। আসাম আসিয়া পরশুরামভীর্থ দর্শনে বাসনা হটল। গৌহাটী হইতে ষ্টিমারে ডিব্রুগড আসিয়া তথা হইতে বাস্পীর শক্টারোছণে সদিয়া পর্ইছিলাম। সদিরা হইতে প্রার ২০।২৫ জন সাধু-সন্ন্যাসীর সহিত তুর্গম খাপদস্কুল বন-ভূমি ও কুদ্র কুদ্র পার্বভা টীলা উল্লন্ডন করিয়া বহুকটে পরওরাম তীর্ণে উপনীত হইলাম। তীর্থটা নয়ন ও মনপ্রাণ প্রকুল্লতাপ্রদ সভাবসৌন্দর্যে পরিপূর্ণ। শারে কণিত নাছে, ভার্মর সর্মতীর্থ পরিভ্রমণাস্তে এই ব্রহ্মকুণ্ডে অবগাথের করিয়া মাতৃহত্যাঞ্চনিত সহাপাতক হইতে নিয়তি পান এবং ুহন্তসংলয় [•]পরশু স্থালিত হয়। সেই অবধি এই স্থানেয় নাম "পরশুরাম ভীর্থ" বলিয়া প্রাদিদ্ধ। এই ব্রহ্মকুগু হইতেই ব্রহ্মপুত্র নদের উৎপত্তি হুটয়াছে, কিছু আলকাশ ব্ৰহ্মকুণ্ডের সহিত উক্ত নদের কোনও সংক্রব নাই। ব্রহ্মকুতে উপস্থিত হইয়া আমিও সকলের স্থায় ব্রহ্মকুত্তে মান পূজাদি করিয়া পরিশ্রম সার্থক ও জীবনকে ধন্ত জ্ঞান করিলাম।

বে দিবস अक्षकूत्थ जातिया जेपनीठ हरे, ভাষার ছই দিন পরে আমি প্রবল অর ও আমালয়ে আক্রান্ত হইলাম। রান্তার করেক দিন অনিয়মিত পরিভ্রমে পূর্ব হইতেই কাতর ছিলান। তাহার উপর হার ও আমাশরে চারি পাঁচ দিনেই উত্থানশক্তি তিরোহিত হইল। স্বাদীর সন্ন্যাসীগণ প্রভ্যা-গমনের জন্ত ব্যস্ত হইবা পড়িলেন ; আনি বিশেব চিম্বিত হইলাম : আনার এক পা চলিবার শক্তি নাই, কিরুপে দেই হুর্গম বন-ভূমি ও পর্বাভশ্রেণী खेबकान कविन ? प्रक्रिशनक क्रे होत्रि निन **क्रांशक।** कविरोत क्का प्रनिर्वाह অস্থনর বিনর করিলাম; কিন্তু কিছুতেই কল হইল না। ভাঁহারা একদিন ন্নাত্তে আমার অভ্যাতশারে সাধুজনোচিত সম্ভবরতা দেখাইরা প্রস্থান করিলেন। আমি একাকী সেই অন্যান্যপুত্র পার্বত্যে প্রায়েশে বিষম বিপদ ক্ষান করিশাম। নাভিদুরে অসভা পার্কতা জাতিয় একটা কুত্র বঞ্জি ছিল। আমি নিক্লপার হইরা ভাষাদের নিকট কাতরে স্থান ভিকা চাহিলাম। ভাহারা সাধু বান্ধণ মানে না, কিছ আমার নবীন বয়স, কাতর শরীয় (प्रथिशाहे रुप्रेक वा क्वांत कात्रवाहे रुप्रेक-न्यापदा ज्ञानपान कत्रिया। নুতন দেশ নূতন লোক, নূতন ভাষা-কাজেই প্রণম প্রণম কড়ের মত थाकिए उड़रे कहे रहेग। किस घरे ठात्रि मित्नत्र मधारे छाहात्तत्र जाना শিপিয়া লইলাম-ক্রমে ভাষাদের সহিত সদ্ভাব সংস্থাপিত হইল। ভাহারা সেবকের জার আমার সেবা করিতে লাগিল। আমি ভারাদের সম্বাবভারে যুগ্ধ হইয়া গেলাম। আশাভীত বন্ধ ও সেবা-শুক্রমা লাভ করিয়াও সুস্পূর্ণ-রূপে সুস্থ ও সবল হটতে কিঞ্চিনধিক একমাস অতিবাহিত হইল। আমি বঙ্গদেশে প্রত্যাগমনের প্রত্যাশায় বন্ধকুণ্ডে আসিলাম: কিন্তু সেধানে व्यानिया कानिनाम, व्यानामी कार्डिक गाम्त्र शृत्व मित्रा गाहेवात मनी পাঞ্জা বাইবে না। সেই খাপদসভূল বন-ভূমি একাকী অভিক্রম করা কাহারও সাধাামত নহে। অভবাং ভ্যোৎসাহ হইনা পুনরার পূর্ব আশ্রয়-পাতার শরণাপর হইলাম। ভাছারা সম্ভটিত্তে ছব সাত মাসের জল স্থান দিতে খীকুত হইল। বলা বাছল্য, এই সকল স্থান ভারত্তবর্ষের অন্তর্গত वा वृष्टिम-भागनाधीन नरह।

সুর্বনিয়ন্তা বিশপাতা বিধাতার চরণ ভরসা পূর্বক, "জব্ জৈসা তব তৈসা" ভাবিরা সেই সব অশিক্ষিত অসভাদিসের সঙ্গে একরপ অথেবছেন্দে কালবাপন করিতে লয়সিলাম। ভারাদের উদার বভাব, সরল প্রাণ, সভানিঠা, পরোপকার, সহারভূতি, আভিথেরতা প্রভৃতি যে সকল সন্তণ দেখিয়াছি, বর্তমান বুরে শিক্ষিত ও সভাতাভিমানী ভারতবাসীর মধ্যে কুরাপি ভাহা নৃষ্ট হর না। কোনও দেশের কোনও আভির মধ্যে এরপ ভন্নতা ও মহয়ত্ব এ হ্র্মিনে মিনিবে না। ইহাদিসকে আমরা অসভ্য ও অশিক্ষিত ব্লিরা মুণা করি: কিন্তু উচ্চকর্তে বলিতেছি, বদি প্রকৃত মহুমুদ্ধ মরকগতে দেখিতে চাও, তবে এই অসভা বাতীত অন্ত কুৱাপি মিলিবে না। আর আমরা দদি মাসুষ বলিয়া পরিচিত হই, তবে ইহারা দেবতা। হায় ! কি কুক্লণেই আগরা সভাতা শিকা করিয়াছিলাম ! একজন সভা-শিক্ষিত বাবুর বাটীতে দাস দাসী ও কুকুর বিভাবে অল খাইলা ফুরাইতে পারে না, কিছ বাবু দেশের কি গ্রামের নিরন্ন ব্যক্তির সাহাব্য করা দূরে পাকুক, তদীয় ভাতা বাটার পার্বে বাদ করিয়া, সারাদিন অনাহারে ঘুরিয়া, অরসংগ্রহে অসমর্থ হুইয়া বেলাশেষে গুক্ষমুথে দীর্ঘনি:খাস ফেলিভেছেন, বাবু সেদিকে দৃক্পাত করেন কি পু কুধাতুর অভিধিকে একমুঠা অল্ল দান করা আমরা অপব্যয় মনে করি। "বিপদাপর নিরাশ্রর পণিককে এক রাত্রির জন্ত স্থান দিডে কৃষ্টিত হই। ইহাতেও বৃদি আমরা সভ্য-শিক্ষিত ও মামুস হই, ভবে অভ্য পাৰত পিশাচ কাছারা ? জানাজোড়া পরিয়া, ঘড়ি ছড়ি লইয়া, টেরি वांशावेबा शाफ़ी हां काहरण मचा हव ना ; मचा कैतिबा छहें ठातिकी हेरताकी বোল ছড়াইলেই ভাহাদের শিক্ষিত বলা यात्र ना। शत्र ! कि अञ्चलकार ভারতে পাশ্চাতা সভাতা প্রবেশ করিয়াছিল—আমরা প্রকৃত মহুবাছ ছারাইয়া পশুর অধম হইরাছি। ভাই নিজের অবস্থা নিজে বুঝিডে না পারিয়া শিকা ও সভ্যতার অভিমানে হিতাহিভজ্ঞানশৃশ্ভ হইয়াছি। সেই অসম্ভা ও অশিক্ষিতগণের মধ্যে যে ভত্তা ও মমুয়াম দেধিয়াছি, এ জীবনৈ বুঝি তাহা আর ভুলিতে পারিব না। স্বগন্ধাতা স্বগদবার নিষ্ট কাতরে প্রার্থনা করি, আমার বছদেশীর ভ্রাতাগণের ঘরে ঘরে সেইরূপ অসভ্যতা প্রতিষ্ঠিত হটক।

এক স্থানে অবিক দিন অবস্থিতি করিতে করিতে ক্রেই সাধারণের সঙ্গে পরিচিত হইলাম। নিকটবর্তী অক্তান্ত বজির ব্যক্তিগণও আমার নিকট বাডায়াত করিতে লাগিল। আমার ও অনেকদিন ধরিরা একস্থানে অবস্থান

কিছু ক্টুকর বোধ হওয়ায় নৃতন নৃতন বৃত্তিতে পরিভ্রমণ করিতে আরম্ভ **করিলাম**া এইরূপে ব্রন্ধকুণ্ডের প্রায় চল্লিশ মাইল উত্তরে আসিয়া পড়ি-লাম। এইসকল স্থানে সমতল ভূমি নাই, কেবল স্তারে স্তারে পর্বাতশ্রেণী সজ্জিত, পর্বতের পাদদেশে আট দশ হর ক্ট্রা এক একটা কুদ্র পল্লী। আমি খাই, নিজা যাই, কোনদিন বা সাগস করিয়া পাছাড়ে প্রস্কৃতির ংসৌন্দর্য্য সন্দর্শন করিতে খাই। একদিন বৈকালে এক্লপ ভ্রমণে বাহির হইলাম। বর্ষাকাল, ভাবী বৃষ্টির আশকার তালি-দেওয়া একটা ছিল্ল ছত্ত সংগ্রহপূর্বক অনেক বনজন্বল, টীলা অভিক্রেম করিয়া একটা নৃতন স্থানে উপস্থিত হইলাম। সেই স্থানটী পর্মতের এক নিভূত সৌন্দর্যাময় প্রদেশ। সেখানে অনমানবের প্রসঙ্গও নাই। কেবল পাহাড়, পাহাড়ের গারে ঝর্ণা, বর্ণার কোলে নীলিম বনভূমি; বনভূমির কোলে বেত-পীত লোইত কুমুমণ্ডজ্ব, কুমুমের কোলে মুগদ্ধ আর শোভা। স্থানটা নয়ন মন-তৃথ্যিকর দেখিয়া অনেককণ ভ্রমণ করিয়া শেষে পরিঞান্ত হইয়া উপ্বেশন করিলান। ৰসিয়া স্ৰষ্টার অপূৰ্ব্ব স্ষ্টেরচনাকৌশল, প্রকৃতির বিচিত্র গতি প্রভৃতি আন্দোলন-আলোচনা করিতে লাগিলাম। ক্রেমশঃ নদীতরকের ন্তার এক একটা করিবা কত রক্ষের চিন্তা মনোমধ্যে উদিত হইল। কত দেশের কথা, কত লোকের কথা, তাহাদের আচারব্যবহার, প্রেমপ্রীতি ও ভাল-বাসাত্র কথা, সর্ক্ষেধে নিজ জন্মভূমির কথা মনে পড়িল। সেই বাল্যকাল, পিতাসাতা, তাহাদের আদর-মাথান কথা, ভাই-ভগ্নীর আব্দার, আত্মীয়-শব্দনের ক্ষেত্, বালাবস্থুর সরল প্রাণের অকণট ভালবাসা, প্রণারিনীর প্রাণমাভান কথা-এইসকল বিষয় মনে হুইবামাত্র প্রাণের ভিতর একটা व्यवन एउडे छेडिन । क्नरवंद्र वंश्वनक्षना हिना इहेबा श्रन, वुरकत किछत्र টে'কীর 'পাড়' পড়িতে লাগিল, চকু দিলা বিহাৎ ছুটল, মুহুর্তে পরসহংস্-দেবের উপদেশবাকা ভূপের ভাষ পূর্ববৃতির ধরলোতে কোথার

कांत्रिया (शत-मर्णन, विकान, श्रीता, श्रुतागांतित मात्रकान तर्राष्ट्रात (शत-শেনে আত্মবিশ্বত হইলাম।

কতক্ষণ সেইভাবে ছিলাম জানি না, বধন পূর্বজ্ঞান ফিরিরা পাইলাম, তপন দেখি, ভগবান মরীচিমালী স্বীয় ময়ুখমালা উপসংজত করিয়া অভাচল-শিখরে অধিরোহণ করিয়াছেন। সন্ধানব বালিকাবধুর স্তায় অক্কার-অবশুষ্ঠনে বদন আবৃত করিয়া দেখা দিয়াছেন। পূর্বেই পক্ষীগণ স্ব স্থ নীড়ে আশ্রর লটগাছে, কচিৎ গ্রই একটী পাধী শাথিশাথে বসিয়া স্থালিত স্থারে কর্ণকু হরে পীতৃষ্ধারা চালিয়া দিতেছে। মহামারার মারামোহের প্রভাৱ দেখিয়া আশ্চধ্য জ্ঞান করিলাম; ভাবিলাম, "আমি বা, ডাই, আছি। একটা ভরগাঘাতেই বধন জ্নরের সমস্ত গ্রন্থিকা এলাইরা পড়িল, তথন শাস্ত্রাদি ক্লানের গরিমা বুণা।" বাহা হউক, স্বধিক ভাবিবার অবসর কৈ ? ব্যক্তিকে ফ্রিডে চইবে। ভীতচ্কিত চিত্তে চলিতে আরম্ভ করিলাম। কিছুকণ চলিয়া ৰুঝিতে পারিলান, পণ হারাইরা বিপথে আসিয়াছি। তখন বনেরু ভিতর অক্ষকার জনাট বাধিয়া গিয়াছে ৷ প্রাণের তয়ে আকুলিবিকুলি করিয়া বাভিরে বাহির হট্বার জন্ত বিধিমতে চেষ্টা করিতে লাগিলাম ; কিছ সমস্ত বত্ন ও পরিশ্রম রুণা হইল। বেদিকে বাই, কেবল অসীক জকল ও তুর্ভেম্ভ অক্সকার। হতাখাস হইয়া এক স্থানে বসিধা পড়িকান। শরীর হইতে ঘাম ছুটিভে কাগিল। এখন উপায় ?—এই নিবিড় সক্ষক।রে হর্ডের বনভূমি অভিক্রম করা আমার সাধ্যায়ত নহে। পর্বতের কোন্ পার্বে বন্তি আছে, ভাহা আদৌ ঠিক নাই। অর্থানের উপর নির্ভন্ন করিরা বস্তির অন্তুসদ্ধান বৃথা ; ২রং এরপভাবে নিরর্থক ভ্রমণ করিতে করিতে হয়ত ব্যাপ্তরুকের করাল দংট্রাখাতে ভবলীলা সংবরণ করিতে हरेर ; नव वस्तर्वियुश्य भागाणिक इरेरक रहेरर । अकारण विख्य असू সন্ধানে ক্টকোপ করি কেন.? এই হানেই অবছিতি করি, যাহা হর হউক। বিপ্লা চিন্তা জীতির কারণ, কিন্তু বিপরে পতিত হটলে জাপনা হইতেই সাহস সঞ্চার হয়। একাকী সেই ভগাবহ বনভূমিতে বসিরা প্রেজিকণেই মৃত্যুর মন্ত প্রভীকা করিছে লাগিলাম। কথনও মনে হইতে লাগিল, ঐ বুরি করালবদন বিস্তার করিরা হিংল্র জন্তু প্রাস করিছে জাসিলে, জীমদর্শন ভূত প্রেভ পিশাচগণ বিকট দন্ত বাহির করিরা জট্টহাস্তে বনভূমি কম্পিত করিতেছে। সামি প্রতি মৃহুর্তে মৃত্যুযন্ত্রণা ভোগ করিতে লাগিলাম। মনে করিলাম, এরপ বন্ধা ভোগ অনেকা ব্রি মৃত্যু হইলে ভাল হইত। বাহা হউক, অনেককণ এইকপে কাটিয়া গেল, অবশেষে সাহস সঞ্চার হইল, নানারপে মন্দে ভূত করিতে লাগিলাম। শাস্ত্রকারগণের উপদেশ মনে প্রিল—

মৃত্যুর্জন্মবতাং বীর দেছেন সহ জায়তে। অছ বান্দশতান্তে বা মৃত্যুর্দের প্রাণিনাং একবঃ॥ —শ্রীনদ্ভাগরত ১০।১।২৬

বধন একদিন মৃত্যু নিশ্চরই, তধন সেই মৃত্যুর জন্ম এত অধীর ছই-তেছি কেন ?

> জাতর্ত্ত চি গ্রুবো মৃত্যুক্ত বং জন্ত মৃত্তুত্ত । তত্মাদপরিহার্যোহর্পে ন তং শোর্তিতুমর্চসি॥

> > —शैठा, शश्व

্পুজনীর পরমহংসদেবের প্রাণম্পর্নী বাকাও মনে হইল,—

"নাসোঁ তব ন তস্ত ছং বুধা কা পরিবেদনা।"

আপনা-আপনি মৃত্যুকীতি অনেকটা অন্তর হইতে অন্তর্হিত হইল। কিন্তু নিশ্চেট হইরা এরপ ভাবে বসিয়া পাকা নিতান্ত কাপুরুষভার পরি-চারক ; বুকোপুরি অধিয়োহণ করিলে হিংল প্রাণীয় করাল কবল হইতে রক্ষা পাইতে পারি। কিন্তু গাছে উঠিবার উপার কি ? আমি বে বৃক্ষ অধি-

রোহণে সম্পূর্ণ অক্ষম। পল্লীগ্রামে জন্ম হইলেও সময়ে সে কৌশল শিক্ষা করি নাই। তথাপি চেটা করিতে লাগিলাম। নিকটে একটা প্রকাপ্ত পার্কতা বুক্ষের শাধা প্রায় ভূমি-সংগগ হইয়া ঝুলিতেছিল। সামান্ত চেষ্টায় শাখার উপর উঠিম৷ কম্পিতকলেবরে ধীরে ধীরে শাখা বাহিমা তাহার উৎপত্তিস্থানে আসিলাম। অদৃষ্টপূর্ম আশুর্যা গহরর। বেখানে শাখাটা শেষ হইরাছে, ঠিক তাগারই পার্শ্ব দিয়া গুডির ভিতর প্রকাণ্ড গর্জ। বিশেষ লক্ষা করিয়া দেখিলাম, গহুবেরের ভিতর মুদ্ভিকা বারা পূর্ণ; কেবলমাত্র একজন মনুষ্য অক্লেশে বসিয়া গাকিতে পারে এমন স্থান আছে। আমি সাহসে ভর করিয়া ধীরে ধীরে কোটরে নামিলাম। কোনও ভরের কারণ নাই দেখিলা ওলায় উপবিষ্ট হইলাম এবং ছাডাটী খুলিয়া গহৰরের মুখ সমাচ্চাদিত করিলাম। কথঞিৎ নিশ্চিম্ভ হইরা অপার কম্পানিলয় স্বগৎ-পিতা অগদীখনকে ধক্তবাদ দিশাম এবং নয়ন মুদ্রিত করিয়া ইউমন্ত্র ৰূপ করিতে লাগিলাম। কত সময় কাটিয়া গেল, কিন্তু কালরাত্রি যেন আর ষ্টিতে চাতে না। বহুক্ষণ পরে রাত্তি প্রভাতের লক্ষণ লক্ষিত হইতে লাগিল। বন্তুকুট ও অন্তান্ত হুই ,একটা পাখী ডাকিতে লাগিল। হৃদয় প্রফুল্ল হইল। এ যাত্রা রক্ষা পাইলাম ভাবিরা মনে মনে ভগবানের উদ্দেশে কুতজ্ঞতা জানাইতে লাগিলাম। সমন্ত রাত্রি জাগরণ ও মৃত্যুচিন্তার অত্যন্ত ক্লিষ্ট হইরাছিলাম। এখন নিশ্চিম্ভ হওয়ায় ও উবাকালের সন্দ মন্দ সুনীতল সমীরণ শরীরে লাগায় অভ্যন্ত নিদ্রার আবেশ হইল। সেইরূপ ভাবে বসিরাই বুক্লগতে ঠেস্ দিয়া নিজিত হইয়া পড়িলাম।

নিদ্রাভদ হইলে দেখি, বন্তুমি আলোকমালার উদ্ভাসিত হইয়ছে। আশ্চব্যাহিত হইটা ছাভাটী বন্ধ করিয়া ভয়ে করে মন্তক উত্তোলন করিয়া দেখি, আমি বে বুক্ষে অধিষ্ঠিত আছি, তাহার জনদেশে শুক্ক বুক্ষপত্তে অধি প্র**ক্ষালিড ক্**রিয়া একটা স<u>ম্</u>যুদ্ধি উপবিষ্ট আছেন। রাজিশেযে সহসা এই

নিবিজ অপ্লে মাতুৰ আসিল কোণা হইতে ? উনি ও কি আমার ক্লায় বিপদাপর ? এডকণ কোণায় ছিলেন ? এইরূপ নানাবিধ চিন্তা করিয়া কিছুই মীমাংসা করিতে পারিলাম না। চিস্তানুরূপ ভূত-প্রেভাদিরংকল্পনাও একবার মনে উঠিল। শেষে ফুর্গানাম শ্বরণ পূর্বক সাহসে নির্ভন্ন করিরা কোটন হইতে বহির্গত হইলাম। এবং পূর্বের বৃক্ষশাথা দিয়া অবভরণ করিয়া মনুষ্ট্রাম্বর সম্মুখে গিয়া দাড়াইলাম। সহসা বুক হইতে আমাকে অৰভবণ করিতে দেখিয়া তিনি ভীত, চকিত কি বিশ্বিত হইলেন না। अमन कि मूर जूनिया चामात मित्क मृष्टिभाज अ कतितन ना । तम्भनाम, মক্তক অবনত করিয়া আপন মনে গাঁভা ডলিতেছেন। কৌপীন ভিদ্ন সঙ্গে षिতীয় বন্ধ নাই। তদীয় পার্ষে একটা বৃহৎ চিষ্টা এবং একটা দীর্ঘলামূল কলিকা পতিত রহিয়াছে। এতভুষ্টে তাঁহাকে গৃহত্যাগী সন্ন্যাসী বলিয়া অমুদান করিলান। কিন্তু এই পার্কত্য বনভূষে সন্নাসীর আশ্রম আছে, ভালা ত একদিনও কাহারও নিকট গুনি নাই। ঘাহা হউক, কোনও क्या गाहन कतिया किकाना कतिएक शादिनाम ना । निकार छैनविष्टे इडे-শাস। তাঁহার গাঁলা প্রস্তুত হইলে কলিকায় সাজিয়া অগ্নি উত্তোলন করতঃ বিধিমতে দম লাগাইলেন এবং আমাকে কলিকা দেওরার কর ছাত বাড়াইলেন। যদিও আমার গাঁজা খাওয়ার অভ্যাস ছিল না, তথাপি ভরে ভরে কলিকা গ্রহণান্তর হুই এক টান দিয়া প্রভার্পণ করিলাম। ভিনি পুনৱার ধন দিয়া অবি ফেলিয়া দিলেন, ভূমি হইতে চিনটা উদ্ভোলন করিবা লগুরিমান হইলেন এবং হস্তসক্তে আমাকে ভণীর অভুসরণ করিতে আদেশ করিরা চলিতে আরম্ভ করিলেন। মন্ত্রসূপ্ধ ব্যক্তির স্থার আমি তাঁহার পশ্চাৎ পশ্চাৎ মাঁগলাম। বাইছে বাইতে ভাবিলাম, "কোখার বাইতেছি ? এ ব্যক্তি কে ? ইহার মনের উদ্দেশ্ত কি ? আমাকে কিছু কিজাসা করিবেন না, পরিচর লইলেন না, অথচ সঙ্গে ঘাইডে

আদেশ করিলেন, ইছার কারণ কি ?" একবার বৃদ্ধিবাবুর "কপাল-কুওলা"র কাপালিকের কথা মনে পড়িল। অসনি বুকের ভিতর হুরু হুরু কবিষা উঠিল। তথাপি কাল-বারিণী কালবরণী কালীর চরুণ ভরদা করিবা তাঁহার দকে বাইতে লাগিলাম। তিনি গুলালতা-কন্টকাদি উপেका कतिया नानरवत्र काय शनन कतिरङ्ख्न । शैकात रनभाव आधि চকুতে সরিষা-ফুল দেখিতেছি, লজ্জাবতীর কাঁটায় পা কতবিক্ষত হইয়া ক্ষিরধারা নির্গত হইতেছে। তথাপি বণাসাধ্য কট স্বীকার করিয়াও উছেত্রে পশ্চাৎ গমনে জ্রুটা হইতেছে না। বলা বাছল্য, তথন বার্ত্তি প্রভাত হইরাম্পে।

কিছুক্ষণ এইরূপে সেই নিবিড় বন-ভূমি ছাতিক্রম করিয়া একটা টীলার নিকট আসিলাম। এই স্থানটী স্বভাবসৌন্দর্যো পরিপূর্ণ; একদিকে টীলার উন্নত শীর্ব বীরের ক্লান্ন তাল ঠুকিয়া দাঁড়াইরা আছে, অক্স তিন দিকে कुछि नौनिम वन-कृषि। मासा थानिक है। इ।न পরিকার, तुकानिभूक ; একটা কুদ্র বরণা টালার পার্থ দিয়া সবেগে স্থমধুর শব্দ করিতে করিতে পমন করিবাছে। এই স্থানে আসিমা তিনি আসার দিকে ফিরিয়া দাঁড়াইলেন। এইবার তাঁহার প্রকৃত মূর্ত্তি নমনগোচর হইল। কি বিরাট মূর্ত্তি ৷—তপ্ত কাঞ্চনের স্থার বর্ণ, প্রশস্ত ললাট, বিশাল বৃক্ষংহল, আভাতুল্ভিড মাংস্ল বাছ্ত্র, রজাত অধরোর্চ, ভ্রমরকুক্ষ ঝুমরো ঝুমরো দীর্ঘ কেশওছে, আকর্ণবিশ্রাম্ব নয়ন, সর্মশরীরে সরগতা মাধা, বন্ধতেজ भतीत कृष्टित। वाहित व्हेट्छहि । त्यहे अपृष्टेभूक् अभूक् वृद्धि तिथिता आधि ব্যস্তিত, বিশ্বিত ও রোমাঞ্চিত। এ জীবনে অনেক সাধুসন্নাসী দেখিয়াছি. ি কিছু এমন মধুর মৃতি ও পর্যান্ত একটাও নম্নগোচর হন নাই। কি এক चक्छ भूकं चानत्म समत भून स्रेम । धानाशात्र छक्तित छेरम छेरमातिछ ब्हेंग ; कि এक अश्र्य जार्व विख्यात्र स्टेश श्रिणाम । आमात्र व्यक्तालमारत দেহ আপনামাগনি তদীর চরণে নৃষ্ঠিও হইক

প্রত্যন্থ জিনি আমাকে অপভ্যনির্বিশেষে সম্নেহে বোগ ও স্বরশাস্ত্রের গুঢ় ক্টক্সানের বিশদ বাাগা করিরা শিক্ষা দিতে লাগিলেন, এবং মৌণিক ট্রপদেশ ও সাধনের সহত্র ও স্থবসাধ্য কৌশল দেখাইরা দিলেন। আমি তথার কিঞ্চিনধিক জিল মাস অবস্থিতি করতঃ সিদ্ধানোরথ হটরা ক্লভক্ত ও ভক্তিগদ্গদচিত্তে ভদীয় চরণ বন্দনা করিরা বিদায় প্রার্থনা করিলাম। তিনি প্রস্কৃত্রচিত্তে আমাকে পূর্বের পার্বভ্য বস্তিতে পৌছাইয়া দিলেন।

পূর্বপরিচিত আশ্রন্ধাতাগণ সহসা আদাকে প্রভ্যাগমন করিতে দেখিরা আশ্চর্ব্যান্তিত ও আনন্দিত হইন। ভাছারা ভিন চারিদিন পার্ব্বত্য স্কুনভূমে আমার অনুসন্ধান করিরাছিল। কিছ কোন সন্ধান না পাইরা হিংস্ত জন্তর কৰলিত হটরাছি শিল্পাস্ত করিয়া নিশেষ কুর হইয়াছিল ও মনোবেদনা পাইয়াছিল। আমি জাহাদিগকে সমস্ত বৃত্তান্ত অবগত করাইলাম এবং চুট এক দিন করিয়া ভাষাদের বাটীতে বাস করিতে করিতে ব্রহ্মকুণ্ডে আসিয়া উপনীত হইলাম। পরে সেখান হইতে ভীর্ষাজিগণের সম্ভি-ব্যাহারে বঙ্গদেশে প্রভাগমন করিলাম।

সিদ্দমহাপুরুবপ্রাদর্শিত পছান্ন ক্রিয়া আরুঠান করিয়া আমি শাস্ত্রোক্ত নাধনার স্থকন সন্ধন্ধে বিশেষ সভ্যতা উপলব্ধি করিয়াছি। তাই আৰু খদেশী সাধনপথাত্নসদ্ধিৎস্থ আতৃষ্পের উপকারার্থে করেকটা সম্ভ প্রভাক্ষ ফলপ্রেদ সহজ্ঞ ও স্থথসাধ্য সাধনপদ্ধতি সরিবেশিত করিরা এই পুস্তক প্রকাশ করিলাম। সাধনপথে অগ্রসর হটরা সাধকগণকে যাহাতে বিড়ম্বনা ভোগ করিতে না হয়, আমার ভাষাই একাস্ত ইচ্ছা। একণে কভদুর কুতকার্ব্য হইরছে, ভাহা পাঠকগঞ্জের বিবেচ্য। যদি কাহারও কোন বিষয় বুৰিতে গোল কি সন্দেহ উপস্থিত হয়, আমাকে পত্ৰ লিখিলে বা নিকটে উপস্থিত হইলে সবিশেষ ব্যাইতে চেটা করিব। কিছু আমার ঠিকানা ঠিক নাই। "কার্যাখাক--সার্থত-মঠ, পো: কোকিলামুখ, বোরহাট, আলীন"-এই টিকানার রিপ্লাইকার্ড লিখিরা আনার অবস্থিতির विषय कानिया गहेरवन ।

তিনি সঙ্গেহে স্থামার হাত ধরিয়া উঠাইয়া ধীর গন্তীর মধুর বাক্যে বলিলেন, "বাবা। সহসা রাজি শেবে আমাকে বৃক্ষতকে দেখিয়া ও ভোমার পরিচয়দি কিছু জিঞ্জানা না কণিয়া সঙ্গে আগিতে আদেশ করিয়াছি, ইহাতে তুমি কিছু ভীত ও আশ্র্যাাধিত হইয়াছ ? কিছ ইতিপূর্বেই—তুমি কে , কি অভিপ্রায়ে ঘুরিতেছ, আজি বুক্কটেরেই বা কেন অবস্থিতি করিতেছ,—তাহা আমি অবগত হইয়াছিলাম; সেই জন্ম কোন কথা জিজাসা করি নাই। নিশীণ সময় তোমার বিষয় অবগত **২ইয়া ডোমাকে এথানে আনিবার জন্তই ঐ বুক্ষতলে বদিয়া প্রতীকা** করিতেছিলাম।"

আমি অবাক !--ইনি আমার বিষয় পূর্বেই কিরপে অবগত হইলেন ? তাঁহাকে সিদ্ধমহাপুক্ষ বলিয়া আমার ধারণা জন্মিল। গত রাত্রের দ্বাক্ষণ কষ্ট বিশ্বত হটগা জীবন সার্থক জ্ঞান করিলাম। আমি তাঁহাকে আত্মসমর্পণ করিয়া ভাঁহার শরণাগত হইলাম।

তিনি মিষ্ট বাকো আমাকে আখন্ত করিয়া আমার পূর্ব পূর্ব কমোর ও এই জ্বোর অনেক গুড় রহস্ত প্রকাশ করিলেন এবং যোগশিকা ও সাধন-কৌশল দিতে প্রতিশ্রুত হইলেন। সামি বিশ্বিত ও মানন্দিত হইরা বিনীভাষাৰে ক্বভজ্ঞতা জানাইশাম। গতরাত্রির বিপদ সম্পদের কারণ वृतिएछ পाরিরা সর্ক্ষরকশন্ধ পরমেশরকে ধক্তবাদ দিলাম। এডদিনে মনো-রণ সিদ্ধির সম্ভাবনা বৃঝিয়া জনর প্রাফুল ও উত্তাসিত হইরা উঠিল।

ষম, নিরম, আসন, প্রাণারাম, প্রভাহার, ধারণা, ধানে ও সমাধি এই আটটা বোগের অন্ধ। বোগ সাধন করিতে হইলে অর্থাৎ পূর্ণনামূব হইরা স্করপজ্ঞান লাভ করিতে হইলে, এই অপ্তবোগালের সাধনা কর্থাৎ অভ্যাস করিতে হর; প্রথমভঃ

যম

--*--

কাহাকে বলে এবং ভাহার সাধনপ্রণালী জানা জাবস্তক। অহিংসা-সভ্যান্তেয়-ব্রক্ষচর্য্যাপরিগ্রহা যমাঃ।

---পাতঞ্জ, সাধন-পাদ, ৩০

ষ্টিংসা, সভ্য, অন্থের, ব্রহ্মার্যা ও অপরিগ্রহ—এইওলিকে হাস বলে ।

অহিৎসা,—

মনোবাক্কায়ৈঃ সর্বভূতানামপীড়নং অহিংসা ॥'

মন, বাক্য ও দেহ বারা সর্বভূতের পীড়া উপস্থিত না করার নাম

অহিংসা। বধন মনোসধ্যে হিংসার ছারাপাত মাত্র না হইবে, তধনই
অহিংসা সাধন ইইবে।

অহিংসাপ্রতিষ্ঠায়াং তৎস্বিধৌ বৈরত্যাগঃ।

-পাভ্রমল, সাধন পাদ, ৩৫

বখন হৃদয়ে দৃঢ়রূপে আইংসা প্রতিষ্ঠিত হইবে, তথন অপুরে তাঁহার বিকট আপুন আপুন হাজাবিক বৈরিতা পরিত্যাগ করিবে। অর্থাৎ চিত্ত বিংসাশৃষ্ঠ হইলে সর্প, ব্যাম প্রভৃতি হিংমা ক্ষরাও তাঁহার হিংসা ক্রিবে না।

সভ্য,-

পরট্ডার্থং বাঙ্মনসো যথার্থং সভাং।

প্রচিতের জন্ত বাক্য ও মনের বে বথার্থ ভাব, তাহাকে স্ভ্যু বলে। সরল চিত্তে অকপট বাক্য, বাহাতে ত্রভিসন্ধির লেশমাত্র নাই, তাহাঁই সভ্যভাবণ। সভ্য অভাবগত হইলে আর মনে বখন মিগ্যার উদয় হইবে না, তথনই সভাসাধন চইবে।

সভ্যপ্রতিষ্ঠায়াং ক্রিরাক্সাঞ্জয়ত্বস্।

--পাতঞ্জন, সাধন-পাদ, ৩৬

প্রতার সভ্য প্রতিষ্ঠিত হইলে, কোন ফ্রিয়া মা করিয়াই তাহার কললাও ইইয়া থাকে। অধীৎ সভ্য প্রতিষ্ঠিত ব্যক্তির বাক্য সিম্ব হয়।

अटल्स,—

পরক্রব্যাহরণত্যাগোহক্তেরম্।

পরের দ্রবা অপহরণ পরিত্যাগ করার নাম অভেক্স। পরিদ্রবা প্রহণের ইচ্ছা মাত্র বধন মনে উদিত হইবে না, উধনই অভেন্ন সাধন।

অস্তেয়প্রতিষ্ঠারাং সর্বরম্বোপস্থানম্।

—-পাতঞ্চল, সাধন-পাদ, ৩৭

শচোধ্য প্রতিষ্ঠিত হইলে, তাঁহার নিকট সমস্ত রম্ম আপনা-আপনি । আসিয়া থাকে। অর্থাৎ অন্তেয়প্রতিষ্ঠিত ব্যক্তির কথনই ধনরত্বের অভাব হয় না।

ব্ৰহ্মচৰ্য্য,—

বীর্যাধারণং ত্রন্সচর্য্যম্।

শরীরস্থ বীর্থাকে অবিচলিত ও অবিক্ষত অবস্থার ধারণ করার নাম ।
ব্রেক্সাচর্ম্য। শুক্রাই ব্রহ্ম; মুত্রাং সর্বর্জন, সর্বাদা, সর্বাদ্যার মৈপুন
বর্জন করিয়া বীর্যাধারণ করা কর্ত্তব্য। অষ্টবিধ মৈপুন পরিত্যাগ করিলে
ব্রহ্মচর্যা-সাধন হইবে।

ব্ৰহ্মচৰ্য্যপ্ৰতিষ্ঠায়াং বীৰ্য্যলাভঃ।

---সাধন-পাদ, পাতঞ্জল, ৩৭

ব্রশ্বচর্বা প্রতিষ্ঠা হইলে বীর্বা লাভ হর। অর্থাৎ ব্রশ্বচর্বা প্রতিষ্ঠিত ব্যক্তির দেহে ব্রহ্মণাদেবের বিমল জ্যোতিঃ প্রকাশ পাইরা থাকে।*

^{*} आमारतत "अज्ञारवा-माधन" नामक अरङ् अङ्डियत ममाक् अकानिछ इडेनारह छ अज्ञार्था सकात छैनात्र वेर्निङ आरङ् ।

অপরিগ্রহ,—

দেহরক্ষাতিরিক্তভোগসাধনাস্বীকারোহপরিগ্রহঃ।

দেহরকার অতিরিক্ত ভোগদাধন পরিত্যাগ করার নাম অপ্রান্ত্র-**গ্রহ। মূল** কথা, লোভ পরিত্যাগ করাকেই অপবিগ্রহ বলা যায়। ব্ধন 'ইহা চাই, উহা চাই' মনেই হইবে না, তথনই অপরিগ্রহ সাধন हरेदा ।

অপরিগ্রহপ্রতিষ্ঠায়াং জন্মকবস্তাসংবোধঃ।

---পাত্রল, সাধন-পাদ, ৩১

অপরিগ্রহ প্রকিষ্ঠিত হইলে পূর্বজন্মের কথা স্বৃতিপথে উদিত হইবে। এই সমতগুলির সাধনা হইলে ব্যস্থানা হইল। প্রকৃত মনুযুদ্ধ লাভ ক্ষিতে হইলেই সকল দেশের সর্বভ্রেণীর লোকনিগকে এই বমসাধনায় সিদ্ধিলাত করিতে হইবে। ইহা না করিলে মাতুষ ও পশুতে কিছু প্রভেদ थारक ना। जयन---

নিয়ম

কাহাকে বলে ও তাহা কি প্রকারে সাধন করিতে হয়, অবগত হইতে **रहे**(व

मोहनत्स्वावज्याः साधारत्रश्वत्रश्चिमानि निव्नमाः

- ---পাতম্বল, সাধন-পাদ, ৩২
- শৌচ, গভোৰ, তপভা, স্বাধ্যায় ও ঈশ্বরপ্রণিধান—এই পাঁচ প্রকার ক্রিয়ার নাম নিয়ম। ইহালিগকে অভ্যাদের নাম ব্যিয়াসাপ্রক।

শেচি.—

শৌচং তু বিবিধং প্রোক্তং—বাহুমাভ্যন্তরস্তপা। মুজ্জলাভ্যাং স্মৃতং বাহুং, মন:শুদ্ধিস্তথান্তরং॥

—বোগী যাজবন্ধা

শনীর ওমনের মালিক দ্র করার নাম স্পৌচ। তাই বলিরা সাবান, ফুলেলা বা এসেন্স প্রভৃতি বিলাসিভার বাহার নহে: গোমর, मुख्कि । अ क्लामि चात्रा भतीरतत अवः महामि नम् अन चात्रा मरनत मानिना দূর করিতে হয়।

শোচাৎ স্বাক্ষজুগুপা পরৈরসঙ্গত।

---পাতঞ্জল, সাধন-পাদ, ৪০

শুচি থাকায় নিজ দেহকে অশুচি বোধে তৎপ্রতি অবজ্ঞা জন্মে এবং পরসঙ্গ করিতেও দ্বণা জনাদ। তথন অবধ্ত-গীভার এই মহান্ বাক্য मत्न १८५। यथा---

> বিষ্ঠাদিনরকং ঘোরং ভগংচ পরিনির্মিতম্। কিমু পশাসি রে চিন্তং ৷ কৰং ভাত্রেব ধাবসি গ

সভ্তোষ.—

যদৃচ্ছালাভতো নিভাং মন: পুংসো ভবেদিভি। या शेखाग्रस्यः श्राद्यः मत्यायः स्वयनकारः॥

—ধোগী বাক্তবভা

প্রতিদিন বাহা কিছু লাভে মনে সম্বাটন্নপ বৃদ্ধি থাকাকেই সম্বোদু करह । जून कथोत-- शहाकांका পরিভাগে করার নাম সভেন্তাব ।

সম্ভোষাদমূত্তমঃ সুধলাভঃ।

---পাতঞ্জন, সাধন-পাদ, ৪২

সভোৰ সিদ্ধ হইলে অহন্তম ক্লখ লাভ হয়। সে ক্লখ অনিৰ্বাচনীয়, বিষয়-নিরপেক স্থথ অর্থাৎ বাস্থ্য বস্তুর সহিত এই স্থাথের কোন সম্বন্ধ নাই।

> বিধিনোক্তেন মার্গেন কৃচ্ছ্ চান্ত্রারণাদিভিঃ। শরীরশোষণং প্রাক্তস্তপস্থাং তপ উত্তমং॥

> > ---যোগী বাজ্ঞবন্ধ্য

বেদবিধানাসুসারে রুচ্ছ্চাক্রারণাদি ত্রভোগবাস বারা শরীর তক ষরাকে উত্তম ত্রপাস্থা বলে। ত্রপাসা না করিলে বোগনিদ্ধি লাভ করা ষাইতে পারে না। বণা---

নাভপশ্বিনো যোগঃ সিধাতি ৷

ভপক্তা সাধ্য করিলে অণিমানি ঐশ্বর্য লাভ হয়। বপা---

কারেক্সিয়সি জিরগু জিক্ষয়াত্তপসঃ।

---পাডঞ্জ, সাধন-পাদ, ৪৩

তপতা ধারা শ্রীরের ও ইজিবের অতিভি কর হইরা বার। অর্থাৎ দেহত দি হটলে ইচ্ছামুসারে দেহকে হন্দ বা ছুল করিবার ক্ষমতা জন্মে লৈবং ইন্তিয়ণ্ডদ্ধি হইলে স্থান্ন দৰ্শন, প্ৰবণ, প্ৰাণ, স্বাণ,এহণ ও স্পৰ্ণ ইভ্যান্তি श्रम दिवरमञ्ज अहर्त मक्ति करम ।

প্ৰাথ্যায়,---

স্বাধ্যায়ঃ প্রণবঞ্জীরুত্রপুরুষসূক্তাদিমস্ত্রাণাঞ্চপঃ নোক্ষশাক্তাধ্যয়নঞ व्यन्त ७ क्लमज्ञानि वर्षिष्ठा शृक्षक वन वदः दतः ७ छक्तिभावानि। ভক্তি পূর্বক অধারন করাকে ত্রাপ্রাায় বলে।

স্বাধ্যায়াদিষ্টদেবভাসম্প্রযোগ:।

---পাতঞ্জন, সাধন-পাদ, ৪৪

यार्थाक याता इंडेरनरजात मर्मन नाज इहेबा शास्त्र ! ঈশ্বরপ্রণিধান,—

नेषद्रश्रामधा ।

-পাভঞ্জ-দর্শন

ভব্তি-প্রতা সহকারে উবরে চিত্ত সমর্পণ করিরা তাঁহার উপাসনার মাম ঈশ্বরপ্রতিথান।

अमाधिदीश्वद्रश्रिविधानाद ।

--পাভঞ্জল, সাধ্য-পাদ, ৪৫

ঈশ্বরপ্রণিধান ছারা খোগের ট্রম ফল সমাধি সিদ্ধিলাভ হইয়া থাকে। ষ্টাধরপ্রাণিধান ছারা বত শীর্ম টিছের একাঞ্চা সাধিত হর অন্ত প্রকারে তত শীর্ষ কথনই কার্যা সিদ্ধি হয় না। কেনন। তাঁহার চিন্তার ভাঁছার ভাকর জ্যোভিঃ জ্বনরে আপতিত হইরা সমস্ত মলয়াশি বিদুরিত. র্ভারের দেয়। একবে বোগের ভূতীরাক

আসন

কিরূপে সাধন করিতে হয়, তাহা জানিতে হইবে।

क्तियुश्यामनम्।

—পাতঞ্জল, সাধন-পাদ, ৪৩

শরীর না পড়ে, না টলে, বেদনা প্রাপ্ত না ধ্য়, চিড়ের কো্নরূপ উবেগ না জ্বাে, এইরপ ভাবে স্থাে উপবেশন করার নাম জ্বাস্কুর । বােগশাল্রে বহুপ্রকার আসনের কথা উলিখিত আছে। তাহার মধ্যে প্রধান করেকটা আসন ও সাধনকৌশল "সাধনকরে" প্রদর্শিত হইল।

ততো দুশ্বানভিবাত:।

—সাধন-পাদ, পাতঞ্চল, ৪৮

আসন অভ্যাস হারা সর্বপ্রেকার হন্দ নিবৃত্ত হর। অর্থাৎ শীত, গ্রীম, বা, তৃষ্ণা, রাগ ও হেব প্রভৃতি হন্দসকল বোগসিদ্ধির ব্যাঘাত করিতে পারে না। আসন অভ্যাস হইলে বোগের শ্রেষ্ঠ ও গুক্তর বিষয় চতুর্থাল

প্রাণায়াম

--:+:---

অভাস করিতে হর। আগে দেখা বাউক, প্রাণারাম কাহাকে বলে।
ু তন্মিন্ সভি স্থাসপ্রধাসয়োর্গতিবিচেছদঃ প্রাণায়ামঃ।
—পাতঞ্কন, সাধনপাদ, ৪১

খাস-প্রখাসের খাভাবিক গড়ি ডক করিরা শাস্ত্রোক্ত নিরমে বিশ্বত, করার নাম প্রাণাক্রাম। তত্তির প্রাণ ও অপান বায়ুর সংবোগকেও প্রাণারাম বলে। বথা—

প্রাণাপানসমাবোগঃ প্রাণান্তাম ইতীরিড:। প্রাণান্তাম ইতি প্রোক্তো রেচকপুরককুম্ভকৈ:॥

--- (यांगी शंकरका, भार

প্রাণায়াম বলিলে আমরা সাধারণতঃ রেচক, পুরক ও বৃত্তক এই ত্তিবিধ ক্রিয়াই বৃঝিয়া থাকি। বহিঃহ বায়ু আকর্ষণ করিয়া অভ্যস্তর খংশ প্রণ করাকে পুরুক্ক, জনপূর্ণ কুছের প্রায় অভ্যন্তরে বায়্ ধারণ করাকে ব্রুক্তক এবং ঐ ধৃত বার্কে বাহিরে নি:দারণ করাকে ব্রেচক বলে। প্রথমে হন্তের দক্ষিণ অসুষ্ঠ হারা দক্ষিণ নাসাপুট ধারণ করতঃ বায়ু রোধ করিরা প্রাণব (ওঁ) ইজাথবা জাপন আপন ইষ্টমন্ত্র বোড়শ বার জপ করিতে করিতে বাম নাসাপুট বারা বায়ু পূরণ করিয়া, কনিষ্ঠা ও অনাষিকা অকুলি বারা বাম নাসাপুট ধারণ করিয়া বায়ু রোধ করতঃ ওঁ বা মুলমন্ত্র চৌবট্ট বার জ্বপ করিতে করিতে কুম্ভক করিবেন; তৎপরে অকুষ্ঠ দক্ষিণ নাসাপুট হইতে তুলিয়া লইয়া ওঁ বা মূলমন্ত্র ৰূপ করিতে করিতে দক্ষিণ নাসাপুট দিয়া বায়ু ব্লেচন করিবেন; এই ভাবে পুনরায় বিপরীতক্রমে অর্থাৎ খাসত্যাগের পর ঐ দক্ষিণ নাসিকা বারাই ওঁ বা সুদমন্ত জ্বপ করিতে করিতে পুরক এবং উভর নাসাপুট ধরিরা কুম্বক, শেবে বাম নাগার রেচন করিবেন। অতঃপর পুনরার অবিকল প্রথম বারের স্থার নাসাধারণ ক্রমান্ত্রসারে পূরক, কুম্বক ও রেচক করিবেন। বাদ হত্তের কররেথার জপের সংখ্যা রাখিবেন।

প্রথম প্রথম প্রাপ্তক্ত সংখ্যার প্রাণারাম করিতে হইলে, ৮।৩২।১৬ অথবা ৪।১৬৮ বার জপ করিতে করিতে প্রাণারাম করিবেন। অক্ত ধর্মাবদ্দিগণ বা বাহাদের মন্ত্র জপের স্থবিধা নাই, তাঁহারা ১।২ এইরপ সংখ্যার বারাই প্রাণারাম করিবেন; নতুবা ফল হইবে না। কেননা ভালে তালে নিখাস-প্রখাসের কার্য্য সম্পন্ন করিতে হর। আর সাবধান! বেন স্বেগে রেচক বা পূরক না হর। রেচকের সময় বিশেষ সতর্ক ও সাবধান হওয়া কর্ত্তব্য। এরূপ অয় বেগে খাস পরিত্যাগ করিতে হইবে বে. হস্তন্থিত শক্তু বেন নিংখাস্বেগে উড়িয়া না বার। প্রাণারাম-কালীন স্থাসনে উপবেশন করিয়া মেরুলও, ঘাড় ও মন্তর্ক সোজা ভাবে রাখিতে হয় এবং ক্রয় মাঝারে দৃষ্টি রাখিতে হয়। ইহাকে সহিত্ত-ক্রুক্তক বলে। বোগশায়ে অষ্ট প্রকার কুত্তকের কথা উল্লেখ আছে। বথা— '

সহিত: সৃষ্যভেদশ্চ উব্জায়ী শীতলী তথা। ভব্তিকা ভামরী মৃচ্ছা কেবলী চাইতকুদ্ধিকা।

—গোরক্ষসংহিতা, ১৯৫

সহিত, ক্রাভেদ, উজ্জারী, শীতলী, ভত্তিকা, প্রামরী, মৃত্র্য ও কেবলী এই আট প্রকার কৃষ্ণক ।* ইহাদের বিশেষ বিবরণ মূথে বলিয়া, কৌশল দেখাইরা না দিলে সাধারণের কোন উপকার দর্শিবে না, তাই ক্ষান্ত রহিলাম। বিশেষতঃ ভঙ্কার অভাব; তকা থাকিলে শকা ছিল না, ডকা মারিরা এ-লঙ্কা সে-লঙ্কা লিখিতে পারিতাম।

বংশীত ভানী গুরু হছে উক্ত আই প্রকার প্রাণারামের সাধন-পদ্ধতি
নিখিত ইইয়াছে।

ডভ: কীরভে প্রকাশাবরণম।

--পাতঞ্জল, সাধন-পাদ €২

প্রাণারাম সিদ্ধ হইলে মোহরূপ আবরণ ক্ষরপ্রাপ্ত হইরা দিব্যজ্ঞান প্রকাশিত হয়; প্রাণারামণরারণ ব্যক্তি সর্বারোগমুক্ত হরেন: কিন্ত অমুষ্ঠানের ব্যতিক্রমে নানাবিধ রোগ উৎপত্তি হয়। যথা---

> প্রাণায়ামেন যুক্তেন সর্বব্যোগক্ষয়ে। ভবেৎ। অযুক্তাভ্যাসধোগেন সর্বরোগসমূত্তব: ॥ ' 'হ্রিকা খাসন্চ শির:কর্ণাক্ষিবেদনা। ভবস্থি বিবিধা দোষাঃ প্রনস্থ ব্যভিক্রমাৎ ॥

—সিদ্ধিযোগ

নিয়মমত প্রাণারাম করিলে সর্করোগ ক্ষম হয়; কিন্তু অনিয়ম বা; বায়ুর ব্যতিক্রম হইলে হিকা, খাস, কাস ও চকু-কর্ণ-মন্তকের পীড়াদি নানা রোগ সমূত্র হইরা থাকে।

প্রাণারাম রীতিমত অভ্যাস হইলে বোগের পঞ্চমাল

প্রত্যাহার

সাধন করিতে হয়। প্রাণায়াম অপেকা প্রত্যাহার আরও কঠিন वाशित । यथा---

স্বস্থবিষয়সম্প্রয়োগাভাবে চিত্তস্বরূপানুকার ইবেন্দ্রিয়াণাং প্রত্যাহার:।

--- शांख्या, जाधन-शांप, ६६

প্রত্যেক ইন্দ্রিরের স্থাপন আপন গ্রহীতব্য বিষয় পরিত্যাগ করিয়া অবিকৃতাবস্থার চিত্তের অফুগত হইরা থাকার নাম প্রভ্যাহার। ক্রিরগণ বভাবত: ভোগ্য বিষয়ের প্রতি প্রধাবিত হইরা থাকে, সেই বিষয় হইতে ভাছাদিগকে প্রভিনিত্বত করাকে প্রভ্যাহার বলে।

ভতঃ পরমবশ্যভেক্সিয়াণাম।

— পাতঞ্চল, সাধন-পাদ ৫৪

প্রভ্যাহার সাধনার ইক্রিরগণ বশীভূত হয়। প্রভ্যাহারপরারণ বোগী প্রকৃতিকে চিত্তের বলে আনরন করিরা পরম স্থৈর্য লাভ করিবেন, ইহাতেই ৰহি:প্ৰকৃতি বশীভূতা হইবেন। প্ৰত্যাহারের পরে বোগের বঠাত

ধারণা

সাধন করিতে হয়। ধারণা কাহাকে বলে ? দেশবন্ধ শিতত্তত ধারণা।

--পাতল্পল, বিভৃতি-পাদ, ১

िष्ठिक्टक रामविर्माय वक्तन कवित्रा वांचाव नाम धात्रमा व्यर्धार भृत्कीक

বোড়শাধারে কিছা কোন দেবদেবীর প্রতিসূর্ত্তিতে আবদ্ধ করিয়া রাধার নাম ধার্ম্বলা ৷

বিষয়ান্তর চিন্তা পরিত্যাগ করিরা বে কোন একটা বন্ধতে চিন্তকে আরোপণ করতঃ বাঁধিবার চেটা করিলে ক্রমশঃ চিন্ত একমুখী হইবে। ধারণা স্থায়ী হইলে ক্রমে তাহাই

ধ্যান

নামক বোগের সপ্তমাদে পরিণত হইবে। বধা--ভত্ত প্রভ্যারৈকভানতা ধ্যানম্।

—পাতপ্ৰন, বিভৃতি-পান, ২

ধারণা ধারা ধারণীয় পদার্থে চিন্তের বে একাগ্রতা ভাব জন্মে, তাহার নাম প্রান্ত । চিন্ত ধারা আন্ধার বরুপ চিন্তা করাকে ধান বলে । সঞ্চণ ও নিশুণ ভেলে ধান হই প্রকার।

পর্মএন্দের কিছা সহলারস্থিত পরমান্তার ধ্যান করার নাম নিত্রতা প্রাান ৷

সূৰ্য্য, গণপতি, বিষ্ণু, শিব ও আছা প্ৰাকৃতি কিবা বট্টক্ৰেছিত ভিন্ন ভিন্ন দেবভান্ন থান ক্রান্ন নাম স্প্রভা প্রাাল্য।

শশুণ শ্রনিশুণ ধাান ভিন্ন জ্যোভিঃ-ধ্যান আনেকে করিয়া থাকেন। ধ্যানের পরিপক্কাবস্থাই

সমাধি

--+;();+---

ধ্যান গাঢ় হইলে, ধ্যেরবন্ধ ও আমি—এরপ জ্ঞান থাকে না। চিত্ত তথন ধ্যের বন্ধতেই বিনিবেশিত ; স্থুল কথার তাহাতে লীন। সেই লর প্রবন্ধাকেই সমাধি বলে।

তদেবার্থমাত্রনির্ভাসং স্বরূপশৃত্যমিব সমাধিঃ।
—পাতঞ্জল, বিভূতি-পাদ, ৩

কেবল সেই পদার্থ (শ্বরূপ আজা) আছেন, এইরূপ অভ্যাস জ্ঞান মাত্র থাকিবে, আর কিছু জ্ঞান থাকিবে না, চিত্তের ধ্যের বস্তুতে এইরূপ বে ভন্মরতা, ভাষার নাম সমান্দ্রি। জীবাদ্ধা-পরমান্মার সমভাবস্থাকে সমাধি বলে। বথা—

সমাধিঃ সমতাবস্থা জীবাত্মপরমাত্মনোঃ।

—দন্তাত্তেম-সংহিতা

বেদান্তমতে সমাধি ছই প্রকার। যথা সবিকর ও নির্কিকর।
ভাতা, জ্ঞান ক্রের, এই পদার্থত্তরের ভিন্ন ভিন্ন জ্ঞানসত্ত্বেও অবিতীর
বিন্দর্শক্তে অথপ্রাকার চিত্তবৃত্তির অবস্থানের নাম স্বিক্ল্যা
সমাধি। পাতঞ্জন দর্শনে ইহাই সম্প্রস্তাভ সমাধি নামে উক্ত

্ জাতা, জান ও জের এই পদার্থব্রের ভিন্ন ভিন্ন জানের অভাব হইর।

সমাধি। পাতঞ্জন মতে ইহাই অস্ত্রেভাত সমাধি।

এই বক্ষামাণ অন্তাদ বোগের প্রণালী সর্বোৎকট । পর পর এই অন্তাদ বোগ সাধনার সিদ্ধিলাভ করিতে পারিলে মরজগতে অমরম্ব লাভ হর। অধিক কি, কোন প্রকার জিলার অন্তান না করিয়া ইহার বম-নিয়ম পালনেই প্রকৃত মহয়াম্ব জন্মে। অন্তাদ সাধন করিলে আর চাই কি ?—
মানবজ্ঞাধারণ সার্বক! কিন্ত ইহা বেমন সর্বোৎকট, ভেমনি কঠিন ও প্রকৃতর ব্যাপার। সকলের সাধ্যারন্ত নহে। তাই সিদ্ধ্যোগিগণ এই মূল অন্তাদবোগ কইতে ভালিয়া গড়িয়া সহজ্ঞ স্থধসাধ্য বোগের কৌশল বাহির করিয়াছেন্ আমি সেই কারণে প্রাপ্তক্ত অন্তাদবোগের বিশেষ বিবরণ বিশ্বজাবে ব্যক্ত না করিয়া এ-ক্ষেপে সংক্ষেপে সারিলাম।



জন্ধা, বিষ্ণু ও শিব ইহারাও ভিনজনে বোগ-সাধন অফুচান করিরা-ছিলেন। ভাচার মধ্যে পরমবোগী সদাশিবের পঞ্চম আয়ারে দশবিধ খোগের কথা বাক্ত আছি। ভন্মধ্যে

চারিপ্রকার যোগ

--*‡0;*--

প্রধানতঃ প্রচলিত বথা---

ম্<u>শ্</u>ৰবোগো হঠতৈচৰ সন্নযোগস্তৃতীয়কং। চতুৰ্ধো রাজধোগঃ স্থাৎ স বিধাভাবৰব্দিতঃ॥

--শিবসংহিতা, : ৫।১৭

মন্তবোগ, হঠবোগ, লয়বোগ ও রাজবোগ এই চারি প্রকার বোগ যোগপাল্লে উল্লেখ আছে। কিন্তু এখন

মন্ত্ৰযোগ

সাধন করিরা সিছিলাড একপ্রকার অসম্ভব।

मञ्ज्ञभागातालाया मञ्ज्ञाभागः।

মন্ত্ৰপ করিতে করিতে বে মনোলর হয়, ভাহার নাম মাক্রেমেরাগা। মন্ত্রজপ-রহন্ত ও অপসমর্পণ ব্যতিরেকে মন্ত্রজপ সিদ্ধ হয় না। বিশেষতঃ উপবৃক্ত উপদেষ্টার অভাব। শুরু বা উপদেশের অভাব না হইলেও বছজন্ম ীনা খাটিলে মন্ত্রবোগ সিদ্ধি হয় না। এজন্ত সর্ব্ধেপ্রকার সাধনের মধ্যে ্বস্রবোগ অধন বলিয়া কথিত হইরাছে। বথা---

> মন্ত্রবোগশ্চ যঃ প্রোক্তো যোগানামধমঃ স্মৃতঃ। অল্লবুদ্ধিরিমং যোগং সেবতে সাধকাধমঃ॥

> > —দন্তাত্তেম**সংহি**তা

বোগসমূহের মধ্যে মন্ত্রবোগ অতি অধম; অধম অধিকারী এবং স্কর্ছিমান্ ব্যক্তিই মন্তবোগ সাধনা করিয়া থাকেন। বিভীয়

হঠযোগ

সাধন আৰক্ষাল একত্ৰপ সাধ্যাভীত। হঠবোগের লক্ষণে উক্ত আছে :---

হকার: কীর্দ্তিভঃ সূর্যান্তকারশ্চন্ত উচ্যতে। সূর্য্যাচন্দ্রমসোর্যোগান্দঠবোগা নিগছতে ॥

--- সিদ্ধ-সিদ্ধান্তপদ্ধতি

ছ শব্দে স্থা এবং ঠ শব্দে চন্দ্র, হঠ-শব্দে চন্দ্র-স্থোর একতা সংবোগ।
অপান-বারুর নাম চন্দ্র এবং প্রাণ-বারুর নাম স্থা; অভএব প্রাণ ও
অপান বারুর একতা সংবোগের নাম হঠিত্যোগ। হঠযোগাদি সাধনের
উপযুক্ত অবস্থা ও শরীর বাঙ্গালীর অভি কম। আর

রাজযোগ

বৈভভাববজ্জিত হইলেও সংসারী লোকের পক্ষে কটসাধ্য, তাহাতে সন্দেহ নাই। বিশেষতঃ রাজবোগের ক্রিরাদি মুখে বলিয়া বুকাইয়া না দিলে পুথক পড়িয়া,ফ্রদয়লম করা একরপ অসম্ভব। এই জন্ত বর্মজীবী নিরয় কলির মানবগণের জন্ত সহজ্ঞ ও স্থপাধ্য-

লয়যোগ

নির্দিষ্ট হইরাছে। অক্তাক্ত বোগ ব্যতীত শরবোগের অফুষ্ঠান করিবা অনেকেই সহজেও শীম সিদ্বিশাত করিতেছেন। আমিও সেই সম্প্রপ্রত্যক্ষ কলপ্রান শরবোগ সাধারণে প্রকাশ মানগ্নে এই গ্রন্থ আরম্ভ করিরাছি। শ্রুয়োগ অনন্ত প্র্কার । বাহাভান্তর ভেদে বত প্রকার পদার্থের সম্ভব হইতে পারে, তৎসমক্তেই লরবোগ সাধনা হইতে পারে । অর্থাৎ চিত্তকে বে কোন পদার্থের উপর সন্নিবিষ্ট করিয়া ভাহাতে একভান হইতে পারিলেই ক্রমুদ্রেখাগ সিদ্ধ হয় ।

সদাশিবোক্তানি সপাদলক্ষণয়াবধানানি বসন্তি লোকে।
—বোগভারাবলী

ৰগতে সদালিব-ক্থিত এক লক পঁচিল হাজার প্রকার লরবোগ বিশ্বমান আছে। কিন্তু সাধারণতঃ যোগিগণ চান্নি প্রকার লরবোগ অভ্যাস ক্রিয়া থাকেন। চারি প্রকার লয়বোগ, বথা—

> শাস্তব্যা চৈৰ ভামৰ্য্যা খেচৰ্য্যা যোনিমৃত্তৱা। ধ্যানং নাদং রসানন্দং লয়সিজিশ্চভূৰ্বিবধা॥

> > —ধেরগুসংহিতী।

শান্তবীমূলা বারা ধ্যান, থেচরীমূলা বারা রসাবাদন, প্রামরী কৃষ্টক বারা নাদ প্রবণ ও বোনিমূলা বারা আনন্দ ভোগ এই চারি প্রকার উপার বারাই সরবোগ সিদ্ধি হয়।

এই চারি প্রকার সরবোগের আরও সহস্ক কৌশল সিমবোগিগণ ধারা স্ট হইরাছে। তাঁহারা সরবোগের মধ্যে নাদায়সমান, আত্মজ্যোতিঃ দর্শন ও কুগুলিনী উত্থাপন—এই তিন প্রকার প্রক্রিরা শ্রেষ্ঠ ও স্থুপাধ্য বিদিয়া ব্যক্ত করেন। ইহার মধ্যে কুগুলিনী উত্থাপন কিছু কঠিন কার্য। ক্রিয়াবিশেষ অবস্থন পূর্বাক মূলাধার সংক্ষাচ করিরা জাগরিতা কুগুলিনীশাজ্ঞিকে উত্থাপন করিতে হয়। চিনে ক্রেক ব্যনন একটি তৃণ হইতে অপর একটি তৃণ অবসম্বন করে, প্রক্রণ কুগুলিনীকে মূলাধার হইতে ক্রমে

ক্রমে সমস্ত চক্রে উঠাইয়া শেনে সহস্রারে লইয়া পরমশিবের সহিত সংযোগ করাইতে হয়। কিন্ধ কিন্ধপে মূলাধার সন্থচিত করিতে হইবে এবং কিন্ধপেই বা অতীব কঠিন প্রস্থিত্তর ভেদ করিতে হইবে, তাহা হাতে হাতে দেখাইয়া না দিলে, লিখিয়া বুঝাইবার মত ভাষা নাই। স্প্তরাং অকারণ কুওলিনী-উত্থাপন ক্রিয়া লিপিবদ্ধ করিয়া প্রকের কলেবর র্দ্ধি করিতে ইচ্ছা করি না। যদি কাহারও ভাহার ক্রম কানিবার ইচ্ছা হয়, আমার নিকট আসিলে সঙ্কেত বলিয়া দিতে পারি। ক্র অমূপযুক্ত ব্যক্তির নিকট কলাচতপ্রকাশ করিব না।

লয়বেঁশ্রেগর মধ্যে নাদামুসন্ধান ও আত্মজ্যোতিঃ দর্শন ক্রিয়া অতি সহজ্ঞ ও সুথসাধ্য। এই তুই ক্রিখার সাধনকৌশল প্রকাশ করিয়া পাঠকবর্গের উপকার সাধনই এই গ্রন্থকারের উদ্দেশ্ত ।

সাধুসন্মাসী অথবা গৃহস্থগণের মধ্যে পশ্চাছক্ত সঙ্কেত অতি অর লোকেও জানেন কিনা সন্দেহ। নাদামুসন্ধান ও আত্মজ্যোতির্দর্শন এই ছইটী ক্রিয়ার মধ্যে এক একটার ছই তিন প্রকার কৌশল লিখিত হইল। বেটা বাহার মনোমত ও সহজ বলিয়া বোধ হইবে, সেইটা তিনি আছুষ্ঠান করিতে পারেন। সন্তঃ প্রত্যক্ষলপ্রদ ও বাহাতে আমি ফল প্রাপ্ত ইইয়াছি, তাহাই "সাধনকরে" বর্ণিত হইল। ইহার বে কোন একটা ক্রিয়ার অনুষ্ঠানে প্রবৃত্ত হইলে ক্রমশঃ মনে অপার আনন্দ ও তৃথি লাভ করিবেন, আত্মারও মুক্তি হইবে।

বর্ত্তমান সমরে আমাদের দেশের লোকের বে ক্ষরস্থা, তাহাতে প্রাপ্তক্ত ক্রিরার অভ্যাসও অনেকের পক্ষে কঠিন হইবে সন্দেহ নাই; সেইজন্ত তাঁহাদের জন্ত সাধনকল্পের প্রথমেই লর-সঙ্কেত লিখিলাম। ও বে করটা,

^{*} मर्थानेज "क्यानेनिक्त" अरहं क्षितिनी उँचाशरनत्र माध्रानानीत्र विने स्टेनारह ।

লয়-শক্তে সিধিত হইল, ভাহার মধ্যে বে-কোন এক প্রকার অনুষ্ঠান করিলে চিন্ত লয় হয়। সাধকগণের মধ্যে বাঁহার বেরূপ স্থবিধা হইবে, তিনি নেইরূপ জিয়া অনুষ্ঠান করিয়া মনোলয় করিবেন।

व्यथाञ्चलकाः शामः शामाञ्चलकाः गाः।

জন্ম অপেকা ধ্যানে শতগুণ অধিক কল। ধ্যানাপেকা শতগুণ অধিক গরবোগে। অতএব জপাদি অপেকা সকলেরই কোন প্রকার লরবোগ গাধন কর্ত্ব্য।

বোগাভাসে আন্ধার মুক্তি ব্যতীত অনেক আশ্রুণ্ট ও অমার্থী ক্ষমতা লাভ হর। কিন্তু বিভূতিলাভ যোগ-সাধনের প্রকৃত উদ্দেশ্ত নহে, সেইজন্ত আমিও এই প্রান্থে তাহার আলোচনা করিলাম না। বিনা চেষ্টারে বিভূতি আপনা আপনি ফুটারা উঠে, কিন্তু তৎপ্রতি ক্রকেপ না করিরা মুক্তিপথে অগ্রসর হইবেন। বিভৃতিতে মুগ্ধ হইলে মুক্তির আশা স্থাপুরপরাহত।

আজি ইউরোপথণ্ডে এই যোগ-সাধনা লইয়া বিশেষ আন্দোলন আলোচনা চলিতেছে। পাশ্চাত্য নরনারীগণ আর্থালাব্রোক্ত যোগযোগাল শিক্ষা করিয়া থিয়সন্ধিষ্ট নাম ধারণ করিতেছেন। মেস্মেরিজম্, হিপ্নো-টিজম্, ক্রেয়ারভয়েল্স, সাইকোপ্যাথি ও মেন্টাল্ টেলীগ্রাফী প্রভৃতি বিদ্যা শিখিয়া জগতের নরনারীকে মুগ্ধ ও চমৎকৃত করিয়া দিতেছেন। আমরা আমাদের ঘরের পূঁথি রৌদ্রে শুকাইয়া বত্তাবন্দী করতঃ ঘরে তুলিয়া ইক্র, আর্থলা ও কীটাদির আহার-বিহারের স্থবন্দোবত্ত ও "আমাদের ঘনেক আছে" বলিয়া গৌরব করিডেছি। কিছ কি আছে, তাহার অ্যুসন্ধান করি না বা সাধ্ন করিয়া থাটাইয়া দেখি না। দোব নিতান্ধ আমাদের নরে। শ্রুক্তে যোগ বোগালের বে সকল ব্রিয় ও নিয়ম উক্ত

আছে, ভাহা অভি সংকিপ্ত ও জটিব। কেহ জানিবেও ভাহা প্রকাশ করেন না। জাহারা বলেন, ইহা অভি

গুছবিষয়

বোগ জটিল বা গুছ বিষয় নছে। টেলিগ্রাফে সংবাদ প্রেরণ, আকা-শের চক্র বা সূর্ব্য প্রহণ পরিদর্শন, ফনোগ্রাফে সঙ্গীত প্রবণ যেমন বাস্থ বিজ্ঞাৱের কাজ---বোগও সেইরূপ অধ্যাত্ম-বিজ্ঞানের কাজ। তবে তাঁহারা • জানিয়া শুনিয়া প্রকাশ করেন না কেন ? শান্তের নিষেধ আছে, বধা-

> (वतास्त्रभाञ्चभूद्रागानि সামাশ্বগণিকা ইব। ইয়ন্ত শান্তবী বিদ্যা গুপ্তা কুলবধূরিব।

বেদ ও পুরাণাদি শাস্ত্রদকল প্রকাশ্তা সামান্ত বেপ্তার ভার; কিছ শিবোক্ত শান্তবী বিভা কুলবধৃতুলা। অতএব বদ্বপূর্বক ইহা গোপন বাধিবে--সাধারণের নিকট প্রকাশ করিতে নাই।

ন দেয়ং পরশিয়োভ্যোহপ্যভক্তেভ্যো বিশেষতঃ।

---শিববাক্যম্

পর্নিয়া, বিশেষতঃ অভক্ত জনের নিকট এই শাত্র কর্নাচ প্রকাশ ফরিবে না। আরও কথিত আছে বে-

रेमः (यागत्रस्यकः न वाह्यः मूर्थनित्रियो।

বোপরহন্ত মূর্থ সন্নিধানে বলিবে না। নিন্দুক, বঞ্চক, ধূর্ত্ত, ধল, ছন্ধতা-চারী ও ভাষসিক ব্যক্তিগণের নিকট বোপরহন্ত প্রকাশ করিতে নাই।

> অভজে বঞ্চকে ধূর্ত্তে পাষণ্ডে নাস্তিকে নরে। মনসাপি ন বক্তব্যং গুরুগুহুং কদাচন॥

ভক্তিহীন, বঞ্চক, ধ্রু, পাষও ও নাত্তিক, এই সকল হেতুবাদীকে গুক্ত-ক্ষিত গুছবিষয় কথনও বলিবে না। এই সকল কারণে শাস্ত্রজ্ঞ বোগিগণ সাধারণের নিকট আত্ম-তথবিক্তা প্রকাশ না করিরা "গুছবিষয়" বলিয়া গোপন করেন। কাহাকেও শিক্ষা দিবার পূর্ব্বে সাধারণের নিষ্ট প্রকাশ করিতে বিশেষরূপে নিষেধজ্ঞা প্রদান করিয়া থাকেন। এইরূপ নিষ্ণে থাকায় সমস্ত বিষয় প্রকাশ করিতে পারিলাম না। বাহা সাধারণের নিকট প্রকাশ থবং সকলের কর্মীর, তাহাই সন্ধিবেশিত করিলাম। এতদমুসারে কার্য্য করিলে প্রত্যক্ষ ফল পাইবেন। এখন সুধী সাধ্কগণ

ক্ষব্যো মেহপরাধঃ

ওঁ শান্তিঃ



দ্বিতীয় অংশ

সাধন-কল্প

যোগী গুরু

ON ORO

দ্বিতীয় অংশ—সাধ্শকল্প

一条*卷一

সাধকগণের প্রতি উপদেশ

--(:#:)---

ত্র্গাদেবি জগন্মাভর্জগদানন্দদায়িনি। মহিষাস্থরসংহন্তি প্রণমামি নিরস্তরম্।

মদন-মদ-দমন-মনোমোহিনী মহিষাস্থরমর্দিনী ভবানীর মৃত্যুপতিলান্থিত সরাষরবান্থিত পদপক্ষকে প্রণতিপুরঃসর সাধনকল আরম্ভ করিলাম।

বোগাভ্যাসকালে সাধকগণকে কতকগুলি নিরম-সংব্যের অধীন হইতে । হয়। সাধারণ মান্থবের মত চলিলে সাধন হয় না। বোগকরে অটাঙ্গ বোগী বর্ণনাকালে ব্য ও নিরমে ভাহার আভাস দেওরা হইরাছে। কিছ গৃহ-সংসারে সে নিরম পালন করা বার না। পারিলেও গুণধর গ্রামবাসীর গুণে অচিরেই সর্ববান্ত হইরা বৃক্ষতল আশ্রম করিতে হইবে। স্থতরাং ক্ষকরা করিতে হইলে, শিবদ্ধ ছাড়িয়া বাকে বোল-আনা জীবদ্ধ বজার না রাখিলে

একটা রান্তার পার্শে একটা কুলাপানা চক্রধারী ভীষণ কেউটে সর্প বাস করিত। রান্তা দিয়া লোক বাইতে দেখিলেই গর্জন করিতে করিতে সবেগে ধাবিত হইয়া দংশন করিত। বাহাকে দংশন করিত, সে সেইখানেই পতিত হইয়া প্রাণত্যাগ করিত। ক্রমশঃ সর্পের কণা গ সর্বক্রে রাষ্ট্র হইল। কেহ সে রান্তা দিয়া ভয়ে গমন করিত না। এইরপে সেই রান্তার লোক-যাতায়াত বন্ধ হইল।

একদিন একটা মহাপুরুষ ঐ রাস্তা দিয়া গমন করিতেছিলেন; তাঁহাকে সর্পের কথা অক্লাইয়া ঐ রাস্তা দিয়া বাইতে অনেক নিষেধ করিল; কিন্তু তিনি কাহারও কথার কর্ণপাত না করিয়া চলিতে লাগিলেন। সর্পের নিকটন্ত হুইবামাত্র সর্প গর্জন করিতে করিতে দংশন্মানসে ধারিত হুইল। মহাপুরুষ দগুরুমান হুইলেন; সর্প নিকটে আসিলে এক মুষ্টি খ্লা তদীর গাত্রে নিক্ষেপ করিবামাত্র সর্প শির নত করিয়া শাস্ত ভাব ধারণ করিল। তথন মহাপুরুষ জলদগভীর ছরে বলিলেন, "বেটা! পূর্বজন্মে এই ছিংসার কারণে সর্প্রোনি প্রাপ্ত হুইয়াছিস্, তব্ও ছিংসা পরিত্যাগ করিতে পারিলি না?"

এই বাক্যে সর্পের দিব্যজ্ঞানের উদয় হইল, সে নদ্র ভাষে বলিল, শপ্রভো! আমার পূর্বজন্মের কথা শরণ হইয়াছে; এখন উদ্ধারের উপায় কি ?"

"সর্বতোভাবে হিংসা পরিত্যাগ কর" এই বলিরা মহাপুরুষ প্রস্থান করিলেন। সেই অবধি সর্প শাস্তভাব ধরণ করিল। ছই একজন করিরা সকলেই এ কণা জানিল। প্রথমতঃ ভরে ভরে সাবধানের সহিত লোকজন চলিতে লাগিল; বাস্তবিক সাপ আর কাহারও হিংসা করে না— পথে পড়িরাই থাকে, পার্ম দিরা কেহ গমন করিলেও মাথা তুলিরা দেখে লা। সকলেরই সাহস হইল। তথন কেহ প্রহার করে, কেহ লাঠি ঘারা मृद्र (क्लिबा मिन्ना बान्ना । वालक-वालिकाशन लाकून ध्रिका है। निवा लहेनी বেড়ার। তথাপি সর্প আর কাহাকেও হিংসা করে না। কিন্তু লোকের এইরূপ অভ্যাচারে সে ক্রমে ক্রমে তুর্বল ও মৃতপ্রার হইয়া গেল।

কিছুদিন পরে পূর্বোক্ত মহাপুরুষ ফিরিলেন, সর্পকে মৃতবৎ পতিত দেখিয়া বিজ্ঞাসা করিলেন, "তোর এরপ অবস্থা কেন প" সর্প উত্তর क्त्रिन, "आशनात उपलिए हिश्मा छा छित्रा व नमा चित्राहि।"

মহাপুরুষ হাসিয়া বলিলেন, "আমি ভোকে হিংসা পরিত্যাণ করিতে বলিয়াছিলাম, কিন্তু গৰ্জন করিতে নিষেধ করি নাই। তোমার প্রতি কেহ অত্যাচার ক্রিতে আদিলে সর্পের স্থভাবার্যায়ী ফোঁদ্ ফোঁদ্ করিও, কিন্ত কামডাইও না।"

महाश्रुक्त श्रञ्जान कतिरामन । त्मरे व्यवधि निकारे लाक प्रिथित পূর্বভাব ধারণ করিত, কিন্তু কাহাকেও দংশন করিত না। পুনরায় পূর্ব তেজ দর্শন করিয়া কেহ আর তাহার নিকটে ঘেঁসিত না।

আমিও তাই বলিতেছি, বংহিরে যোল-আনা জীবছ বজার রাখ। কিন্তু মনে যেন ঠিক থাকে, কাহারও অনিষ্ট করিব না। মন পবিত্র शिकित्न वाहित्त्रत्र कार्र्सा किছू सांहेरर जातिरव ना।

> মন: করে।তি পাপানি মনো লিপাতে পাতকৈ:। মন্দ্ৰ ভন্মনা ভূৱান পুণ্যৈ ন'চ পাতকৈ:॥

> > -জানসঙ্গলনী-ডন্ত্র, ৪৫

অত এব মনকে দৃঢ় করিয়া সকল কার্য্য করা উচিত। বেন মনে থাকে, কেহ আমাকে অত্যাচার-উৎপীড়ন করিলে, কেহ আমার (कान खरा हूति कतिरग रकर इतिकिनिकि शामिक हरेना आमात गृह-মধ্যে প্রবেশ করিলে আমার বেমন কষ্ট হয়, কাহারও প্রতি আমার বারা

ঐসকল কাৰ্য্য হইলে সে ব্যক্তিও এইরপ কট পাইর। থাকে। নিজ হলু-রের বেদনা অনুভ্য করিয়া পরের প্রতি ব্যবহার করিবে । বধন গলিতপত্র এবং বস্তজাত কটু-কবায় কলামূলফল খাইয়াও মাহুষ জীবিত থাকে, তথন পরের প্রাণে কষ্ট দিয়া, হর্বলের প্রতি অভ্যাচার করিয়া আহার-চেষ্টা বৈশা প্রতিদিন যা কিছু উপারে সম্ভট থাকা কর্ত্তবা। ধনীর সঙ্গে অবস্থা তুলনা করিতে গিয়া কট পাই কেন? ছরাকাজ্জাপুরায়ণ বাজি कथनहे ऋषी ब्हेंएक পांद्र ना। निधन गांकि अनाहात्रीत कथा छावित्रा দিনান্তে শাকার ভোজন করিয়া ভৃগু থাকিবে, নিরাশ্রর লোক দেখিয়া ভগ্ন কৃটিরে ছিন্ন মাহুরীতে শান্তিলাভ করিবে, শীতকালে জুড়া সংগ্রহে অক্ষম হইলে আপনাকে ধিকার না দিয়া ধঞ্চ ব্যক্তিকে শ্বরণ পকরতঃ স্বীয় ্বিবল পদের দিকে দৃষ্টিপূর্বকে নিজকে সৌভাগ্যবান্ জ্ঞান করিবে। পুত্র-: হীন ব্যক্তি অসৎ পুত্রের পিতার ত্র্দশা মনে করিয়া সুধী হটবে। মঙ্গল-। মর পরমেশ্বর সমস্তই জীবের মঙ্গলের অক্ত করিরা থাকেন। পুত্র নিধনে ংশোকে মুছমান না হইয়া, গৃহ-দগ্ধ হইলে জ্ঞানশৃক্ত না হইয়া, বিষয়বিচ্যুত ্ হইলে কাতরতা প্রকাশ না করিয়া ভাবা উচিত্ত—এ পুত্র জীবিত গাকিলে : হয়ত তাহার অসম্বাবহারে আজীবন মর্মপীড়া পাইতে হইত ; গৃহ থাকিলে ্ হয়ত গৃহস্থিত দৰ্প দংশনে জীবন ত্যাগ করিতে হইত ; বিৰয় থাকিলে হয়ত . ঐ বিষয় লোভে কেহ হত্যা করিত ; যধন যে অবস্থায় থাকা যায়, তাহাতেই পরমেশ্বরকে ধঞ্চবাদ দিরা সম্ভট্টিত্তে কাল্যাপন করা কর্তব্য। ক'দিনের জ্ঞ ভবেৰ বৈভব ? যথন শৈশবের বিমল জ্যোৎসা দেখিতে দেখিতে ডুবিরা ধার, যৌবনের বল-বিক্রম জোরারের জল, প্রোচ়াবস্থা তিন দিনের খেলা—সংসার পভিতে না পাতিতে ফুরাইরা বাব, "এ পর্যান্ত উচিত অব-ৃষ্টাৰ জীবন কাটান হয় নাই" "এর মনে কষ্ট দিয়াছি," "ভার সহিত এরুণ ংকরা ভাল হয় নাই," বখন এই আকেপ করিতে করিতে বার্দ্ধকা কাটিয়া

বার, তথন ছ'দিনের অন্ত আসজি কেন ৷ অক্সের প্রতি বলপ্রকাশ কেন ৷
ছর্বলের প্রতি অভ্যাচার করা কেন ৷ পরনিন্দার এত ক্রি কেন ৷ পার্ণিব
পদার্থের অন্ত অন্তশোচনা কেন ৷ কিন্তু কি বলিতেছিলাম, ভূলিয়া গেলাম

हैं।, मत्न जित्र वाहित्त्रत कार्या त्मिया नामन धार्या कता यात्र ना ; একজন বিপুল সমারোহে দোল ছর্গোৎসব করিতেছে, কাঙ্গাল গরীবকে ভোজন করাইতেছে; কিন্তু তজ্জনিত অহুক্লারের সঞ্চায় হইলেই সব মাটি —নরকের দার উদ্বাটিত হইবে। একই কার্য্য মনের বিভিন্ন গতিতে ভিন্ন ভিন্ন ফুল প্রদান করিয়া থাকে। সক্ষমেণীর লোকই পাত্র মার্জনা ক্রিয়া থাকে। কিন্তু অসং-চিত্ত-কলুবিত নরনারীগণ পাত্র-মার্ক্জন কালে নিজ দেহের প্রতি দৃষ্টিপূর্বক "ক্ষিতকাঞ্চন বর্ণ দেখিয়া নরনারীগণ মৃগ্ধ ছইবে, কত জনই আমার মিলন কামনা করিবে" এই ভাবিয়া সমধিক পাট করিতেছে। তাহার ফলে নরকের পথ পরিষ্কৃত হইবে, সন্দেহ নাই। সংজ্ঞানসম্পন্ন ব্যক্তিগণ দেহকে ভগবানের ভোগমন্দির ভাবিয়া পরিফার করতঃ হরিমন্দির মার্জ্জনের ফল লাভ করিতেছে। আর বিবেকিগণের দেহ মার্ক্ষনা করিতে করিতে দেহের উপর একটা বিতৃষ্ণা অন্মিরা থাকে। নবখারবিশিষ্ট দেহ, রক্ত ক্লেদ মলমূত্র ক্ষেণাদি খারা তর্মদ্ধীকৃত; ইহাকে সর্বাদা পরিকার না করিলে বখন ইহা অতি অপরিকার ও গ্রুপরিষ্কু হর, তখন ইছার প্রতি এত আসজি কেন ? তাহা হইলে আর রমণীর কবি-করনা-সন্তুত খর্ণ-কান্তি, আবর্ণবিপ্রান্ত পটলচেরা নয়ন, রক্তাভ গও, ভক্ষণ-অক্ষণ-ভাতি অধরোষ্ঠ ও কীণ কটির প্রতি চিত্ত ধাবিত হইবে না।

অথবা ধর্মাধর্ম কার্য বলিয়া কিছুই নিন্দিট নাই। এক অবস্থার বাহা পাপজনক, অবস্থান্তরে ভাষাই প্রাঞ্জনক। পুরাণে কণিত আছে,— "বলাক নামক ব্যাধ প্রাণীহিংলা করিয়া স্বর্গলাভ করিয়াছিল, কৌশিক নামক ব্যান্থ সভা কণা বারা নরকে গমন করিয়াছিলেন।" স্থভরাং বাহ্ কার্যে ভাগ্যক্ষ নাই; মন সংশিপ্ত না হইলে ভাহার ফলাফল ভোগ করিতে হয় না। মানবের মনই বন্ধনের কারণ, বধা—

> মন এব মন্ত্রাণাং কারণং বন্ধমোক্ষরো:। বন্ধায় বিষয়াসক্তং মুক্তৈয় নির্বিষয়ং স্মৃতম্॥

> > —অন্তমনস্বগীতা, ৫৫

মনই মন্নয়ের বন্ধন এবং মোক্ষের কারণ, বেহেতু মন বিষয়াসক্ত হইলেই বন্ধনের হেতু হয় এবং বিষয়ে বৈরাগ্য জন্মিলেই মুক্তি হইয়া থাকে। শঙ্করাবতার শঙ্করাচার্য্য বলিয়াছেন,—

> বন্ধো হি কো ?—বো বিষয়াসুরাগঃ। কো বা বিমুক্তি ?—বিষয়ে বিরক্তিঃ।

> > -মণিরত্বমালা

বন্ধন কাহাকে বলে ?—বিষয় ভোগে মনের বে অনুরাগ, ভাহার
নাম বন্ধন। আর মৃক্তি কাহাকে বলে ?—বিষয়-বাসনা রহিত বা বিষয়ে
বিরক্তি হওয়ার নাম মৃক্তি। স্থতরাং আসক্তিপরিশৃন্ধ হইতে পারিলে
কিছুতেই দোষ নাই। কার্যোর আস্তিই দোষ, —

ন মন্তভক্ষণে দোষো ন মাংসে ন চ মৈথুনে। প্রবৃত্তিরেষা ভূতানাং নিবৃত্তিস্ত মহাফলা॥

—মন্তুসংহিতা

মন্ত পানে, মাংস ভক্ষণে বা মৈণুনে দোষ নাই, ভূতগণের প্রবৃত্তির নিবৃত্তিই মহাফল। অর্থাৎ আসন্তিশৃষ্ট বে কার্য্য, ভাহাই শ্রেষ্ঠ। সংপথে থাকিরা বত অর্থ উপার্জন করুন, কিন্তু ব্যাকুলতা প্রকাশ করিবেন না। ব্যাকুলতাই আসক্তি। বেন মনে থাকে, সুমন্তই ভগবানের

আমরা কেবল অনির্দিষ্ট সময়ের ছ'দণ্ডের প্রহরী। পুরা, কলতা, নাম্বৰ, টাকা-কড়ি, গৃহ-আসবাৰ এইসকলের উপর বেন "আমার" মার্কা জোরে বসান না হর। আমাদের পিররে করাল মৃত্যু নৃত্য করিতেছে। কর্মপুত্রের পরিচেদে এই সংসার; এই বিষয়-সুক্রা পড়িরা থাকিবে—অনাদি অনম্ভকাল হইতেই ইচা পড়িরা আছে,— আমার মত কডজন,—আমারই পিডা, পিডামহ, প্রপিডামহ প্রভৃতি এই বাড়ীর উপরে—এ জমির উপরে—এ পুকুর বাগানের উপরে फ'मित्नत कम मानवी मीक्षित हाइनी हाहिया. वामना-विवरमंत्र चामिकन-বন্ধনে বাঁধিয়ার চেষ্টা করিয়াছিলেন: কিন্তু কালে, কালের স্রোভে সব কোঁণার ভাসিয়া গিয়াছেন: বাঁহার অক্ষর ভাঙারের জিনির—তাঁহারই ভাগুরে পড়িয়া আছে। আমি তাঁহার ভূত্য মাত্র, ইহ-সংসারের মৃত্যুত্রণ অবাবপত্র পাইলেই সমস্ত ছাড়িয়া চলিয়া বাইতে হইবে। ভূতা বেষন প্রভুর বাড়ীতে কার্যা করিয়া, প্রভুর ধনদৌলত সমস্তই রক্ষণা-বেক্ষবে সমধিক বত্ন করিয়া থাকে, কিন্তু অবশ্রুই ভাহার জ্ঞান আছে, সে মনে মনে অবগত আছে, "আমি চাকরি করিতে আশিরাছি, এই দ্রব্যকাত আমার নহে-প্রভু ক্রবাব দিলেই চলিয়া বাইতে হইবে।" আনাদেরও সেইরূপ মনে করা উচিত। নতুবা ধনদৌশতে আসক্তি জিয়িলেই এই পৃথিবীরাজো প্রেতবোনি ধারণ করিয়া কত দীর্ঘ কান খুরিয়া খুরিয়া বেড়াইতে হইবে।

ন্ত্রী, পুত্র, ক্সাদির উপরে মায়াও ঐরপ ক্লানে সম্বন্ধ রাখা উচিত। ভগবান আমার উপর তাহাদের বক্ষণাবেক্ষণ ও ভরণ-পোষণের ভারার্পণ করিয়াছেন, ভাই স্বত্নে লালন-পালন করিভেছি। ভাষাদের ছারা ভাবী খুখের আশা করিলেই মাসজির আঞ্চনে গ্র হইতে হইবেশ পুত্র . বা কস্তার বিয়োগে মুহুমান না হইয়া, তগৰানের গুরুতর ভার

হইছে নিছতি পাইতেছি ভাবিরা প্রেম্বর হওয়া উচিত। আত্মস্থাৎের অন্তর্গত হইরা উাহার প্রীতির উদ্দেশ্তে বাহা করা বার, তাহাতে পদ্মপত্তের জলের ভার আপজি বা পাপে লিগু হইতে হর না। ভক্তিবোগের শ্রেষ্ঠাবিকারী

আছেরিরপ্রীতি-ইচ্ছা তারে বলি কাম।

কৃষ্ণেক্রিরপ্রীতি-ইচ্ছা ধরে প্রেম নাম॥

কামের তাৎপর্য্য নিজ সম্ভোগ কেবল।

কৃষ্ণস্থ-তাৎপর্য্য মাত্র প্রেমেতে প্রবল॥

— চৈতক্সচরিতামৃত

আছেরিরের পরিভৃত্তির জন্ত বে কার্য্য করা বার, তাহাকে কাম
বলে। আর রুক্ষ অর্থাৎ ঈশরেরিরেরের প্রীতির জন্ত বালা করা বার,
ভাহাকে প্রেম বলে। সমস্ত কার্য্য নিজ সন্তোগদরূপে প্রয়োগ না করিরা
রুক্ষ-সূত্র-ভাৎপর্য্যে প্ররোগ করিলে ভাহাকে আর কলাকল ভাগ করিতে
হইবে না। কাহারও পরের উপকার করিলে আনক হয়, তাই সে
পরোপকারী; গ্রংখীকে থাওয়াইলে একজনের স্থুখ হয়, সে দাতা;
একজন খুব নাম বল হইলে স্থুখী হয়, ভাই সে বাগ-বজ্ত-ত্রত-উপবাসাদি
করিয়া থাকে। ইহাদের মধ্যে কাহারও কার্য্য কামগদ্ধস্থ নহে;
সকলেরই মূলে আন্মেলির-প্রীতি-ইছো রহিয়াছে, কেননা এরুণ করিলে
আমার স্থুখ হয়, ভাই আমি করি। জগবান্ সর্বভৃত্তের হৃদয়ে অধিষ্ঠিত,
ভাঁহারই প্রীভ্যুর্থে কর্ম্ম করা; ভাঁহার সেবার আনক্ষ পাই, ভাই ভাঁহারই
স্থুপের জন্ত কাল্ড করি। ভিনি রুণ ভালবাসেন, আমরা রূপের উৎকর্ম
লাধন করিবঁ না কেন ? তিনি চন্দন-চুয়া ভালবাসেন, আমরা রূপের উৎকর্ম

অভিকোপন বাবহার করিব না কেন ? তিনি ফুল-মালা ভাগবাসেন, আমরা **८** इन-चार्टी शतिरम रागव कि? छांहात जानकहे द जामात जानक। ধনী, দরিজ, পশ্তিভ, মূর্থ, কাণা, খোঁড়া, রোগী, ভোগী ইহাদের উপকার করিয়া তাহাদের বে আনন্দ হয়, সেই আনন্দের প্রতিভাগই । মার্মির भानमा। পुषक् भानमा भाद कि ? हेरावरे नाम क्षेत्रवानमा, अभवानतक সৌন্দর্যা উপভোগ করাইয়া, ভগবানের সেবা করিয়া বে আনন্দের পূর্বতম ভাব, তাহাই প্রেম। ধর্মজগতের শ্রেষ্ঠ মহাজন লিখিয়াছেন—

> আর'এক অম্ভুত গোপীভাবের স্বভাব। বৃদ্ধির গোচর নহে যাহার প্রভাব॥ গৈপীগণ করে যবে কৃষ্ণ দরশন। সুধ-বাঞ্চা নাহি, সুখ হয় কোটি গুণ॥ গোপিকা দর্শনে কুষ্ণের যে আনন্দ হয়। তাহা হইতে কোটী গুণ গে।পী আস্বাদয় ॥ তাঁ স্বার নাহি নিজ-ত্র্থ অমুরোধ। ভথাপি বাড়য়ে হুখ-পড়িল বিরেধ # এ বিরোধের এক এই দেখি সমাধান। গোপিক।র স্থুখ কৃষ্ণ-স্থুখে পর্য্যবসান ॥

> > — চৈতন্ত্ৰচাৰতামত

গোপীগণের কৃষ্ণদরশনের ফুখের বাস্থা নাই, কিন্তু কোটা ঋণ সুখের উদয় হয়। বড়ই কঠিন কথা। ইহার ভাব অফুভব করা পাণ্ডিত্য-বুদ্ধির সাধ্যায়ত্ত নহে। গোপীগণকে দেখিল ক্ষেত্র যে আনন্দ হর, তাহা হইতে গোপীদের কোটা গুণ আনন্দ হয়। কেন ?—গোপীদের স্থ বে कुकुक्त भौतिनिछ। कुक स्वी इहेबार्डन मिविया शिक्षिमान्त्र स्व,

জ্বাৎ তাঁহাদের স্বকীর ইক্রিয়াদির স্থথ নাই, ক্রফন্থই স্থথ। আহা কি
মধুর ভাব। এই জন্ত গোপীভাব শ্রেষ্ঠ। ক্তকগুলি কাণ্ডজানশৃষ্ক ব্যক্তি
এই নিশ্বল ভাব অমূভব করিতে না পারিয়া, কদর্য ভার্বে ব্যাথ্যা করিয়া

তাই বলিতেছিলান, ক্লুনন্ন সর্বভূতের স্থথে স্থী ইইতে ইইবে।
ভাল কাজ করিয়াছি বলিয়া আনন্দিত ইইতে ইইবেনা, আমার কার্য্যে
বিশ্বরূপ ভগবানের স্থা ইইরাছে বলিয়া আমারও স্থা। স্ত্রী, পুত্র, দেশের
দশের ও সমাজের সেবা করিয়া তাদের যে আনন্দ, তাহাই আমার
আনন্দ। সমুদর ভূতের—সমুদর বিশ্বের প্রীতি-ইচ্ছা সাধনই প্রোম।
ভোজন, বলসংগ্রহ, সৌন্দর্যা-সংরক্ষণ, বসন-ভূষণ পরিধান সমস্তই বিশ্বের
সর্বাভূতের আয়োজনের জন্ত। বর্থন যে কাজে যাহা লাগিবে, তাহাই
লাগাইতে ইইবে। সে সকল করিতে ইইবে, না করিলে সর্বাভূতের কাজ
করিব কি প্রকারে? বিশ্বের কাজে লাগিবে বলিয়াই দেহের এত বত্ব।
কিন্তু আমাক্রির ছায়া পড়িলেই আর প্রেম ইইল না, আসক্রিই কাম।

অভএব ফলাশা পরিত্যাগ করিয়া ভগবানের তুটি সম্পাদনোদ্দেশে বে কার্যা করা যায়, তাহাই শ্রেষ্ঠ। পুত্রকলত্র বল, বিষয়-বিভব বল, দান-ধানি বাগষজ্ঞ বল, সমস্কই ভগবানের—কিছুই আমার নহে; বেমন ভৃত্য প্রভুর সংসারে পাকিয়া এ সকল করে, কিন্তু ভাহার ফল তাহার নহে, ভাহার প্রভুর। ভজপ আমরাও ভগবানের এই বিরাট গৃহেয় এক কোণে পড়িয়া ভাঁহারই কার্যা করিতেছি। ইহাতে আমাদের শোক তৃঃথ ভাল-মন্দ-আনন্দের কি আছে ?

এইরপ নিশিপ্তভাবে কার্যা করিন্তে শিথিলে আর আসন্তির দাগ লাগিবে না। ক্তিএকটি ভূণেও যদি আসন্তি থাকে, ভবে ভাহার জয় কত জন্ম পুরিতে হইবে কে জানে? সর্ববত্যানী পরম যোগী রাজা ভরত সসাগরা বস্থার মারা ভ্যাগ করিরাও ভূচ্ছ হরিণশিশুর আসজিতে কতবার জ্ঞান প্রহণ করিয়াছিলেন। সেইজজ রলি, ইন্দ্রির ধারা কার্য্য কর, যেন ব্যাক্লভা না জ্ঞান,—প্রাণে বাসনা-কামনার দাগ না লাগে। পূর্বে ভাবিয়া চিজিয়া ব্যাক্ল না হইয়া, যথন যে কার্য্য উপস্থিত হইবে, ধৈর্যের সহিভ্রেন নালি করা কর্ত্তর। জীবের চিস্তা বিফল, স্থতরাং বুথা চিস্তা বা আশার হার না গাঁথিরা পরম্পিভার পদে চিত্ত সম্পূর্ণপূর্বক উপস্থিত কার্য্য করিয়। যাইবে।

> যা চিন্তা ভূবি পুত্র-পোত্র-ভরণ-ব্যাপারসন্তাষণে, যা চিন্তা ধন-ধান্ত-ভোগ-যশসাং লাভে সদা জারতে, সাঁ চিন্তা যদি নন্দনন্দন-পদ-দ্বন্দারবিন্দে ক্ষণং— বা চিন্তা যমরাজ-ভীম-সদন-দারপ্রয়াণে প্রভো ॥

মর্ত্তাভূমে আসিরী, আপনগারা হইরা, পুত্র পৌঞাদির ভরণ-পোষণব্যাপারে যেরূপ চিন্তা করিরা খাকি, যেরূপ চিন্তা ধন-ধান্ত-ভোগ-যশ
প্রভৃতি লাভ করিবার জন্ত ব্যরিত করিয়া থাকি, সেই চিন্তা যদি কণকালের
জন্ত নক্ষ-নক্ষন শ্রীকৃষ্ণের পদযুগলারবিক্ষে নিয়োজিত করিতে পারি, তবেযমরাজের ভীম ভবনের দারে প্রয়াণে কি এতটুকুও ভর হয় ? অতএব রূথা
চিন্তা বা ত্রাশার দাস না হইরা ফলাফল ভগবানে অপণ করতঃ অবশ্রকর্ত্তবির করিয়া যাও। সাধকাগ্রগণ্য তুলসীদাস আপন মনকে
সম্বোধন করিয়া বলিতেছেন,—

'তুলসী, ঐসা ধেরান ধর, জৈসী ব্যান কী গাই। মুছমেঁ তৃণ চনা টুটে চেৎ রক্ষে বছাই।

· "তুল্দী ৷ এই ধান ধর-বেমন বিন্নানো গাই, নৰপ্ৰস্তা গাভী মুখে ভূণ ছোলা প্রভৃতি ভক্ষণ করে, কিন্তু চিত্ত বাছুরের উপর ফেলিয়া রাখে, তেমনি সংসারের কাজ কর, চিত্ত ভগবানে অর্পণ করিবা রাধ।"

ব্যক্তিএক কথা, সর্বাদা সর্ব-অবস্থায় যেন মনে থাকে, আমাকে মরিতে ছইবে । 'আমাদের মন্তকের উপর যমের ভীমদণ্ড নিম্নত বিঘূর্ণিত হইতেছে। কোন্ মুহুর্তে মরশের ছন্দুভি বাজিয়া উঠিবে, ভাহার নিশ্চরতা নাই। কথন কোন্ মজাত প্রদেশ হইতে সলক্ষিতে আদিয়া সে গ্রাস করিবে---কে জানে ? ভাগ মন্দ যে কোন কার্যা করিবার পূর্বের "আমাকে একদিন মরিতে হটবে" এই ভাবিরা ভাহাতে হস্তক্ষেপ করিবে। মরুনের ফণা মনে থাকিলে আর মরজগতে মদন-মরণের অভিনয়ে মন অগ্রসর ছইবে না।

মৃত্যুই জগৎপিতা জগদীখনের পরম কাক্সনিক ব্যবস্থা। মৃত্যু নিয়ম-নির্দারিত না থাকিলে পৃথিবী ঘোর অশান্তিনিলয় হুইত, তদ্বিয়ে সন্দেহ নাই। ধর্ম-কর্মের মর্ম কেহই মর্মে স্থান দিও না। সতীর সতাত, চুর্মলের ধন, নিধনীর মান রক্ষা করা কঠিন হইত। মানব মৃত্যুর ভর করিয়া পর-কালের কণা ভাবিয়াই ধর্মের অমুষ্ঠান করিয়া ধাকে। নতুবা স্বেচ্ছাচারী হুইয়া আপন আপন বলুবীধা-ধনসম্পদের গৌরবে নিরাশ্রয় তুর্বলগণকে পুদদলিত করিত। তুর্বল দরিদ্রগণ প্রবলের অভ্যাচার-উৎপীড়নে লওভও হইরা চকুজলে গণ্ড ভাদাইত; আর গণ্ডে প্রচণ্ড চপেটাখাত করিয়া অদৃষ্টকে ধিকার বা অদৃষ্ট-পূর্ব্ব বিধির বিবদ বিধানের নিকা করিত। মৃত্যু আছে বলিয়াই আমাদের মহুধাত্ব বজায় রহিয়াছে। এই পরিবর্ত্তনশীল জগতে সকলই আনিশ্চিত, কোন বিবয়ের স্থিরতা নিশ্চয়তা নাই; কিন্তু সূত্য নিশ্চিত। ছালা বেষন বস্তুর অঞ্গামী, মৃত্যুও তেমনি দেহীর সদী; শ্রীমন্তাগবতের উক্তি.—

অব্দ বাৰূপভাৱ্যে বা মৃত্যুৰ্কৈ প্ৰাণিনাং এবা:।

আৰু হউক, কাল হউক বা তু'দখ বৎসর পরেই হউক: এক্দিন नकन्दकरे रमरे मर्सवामी भगन-मन्दन वावेटक शरेरत । व्यनगा रेमग्र-ममावृक লোক-সংহারকারী শব্রসমন্থিত সম্রাট হইতে বুক্ষতলবাসী ছিন্নকন্থাসন্থল ভিথারী পর্যাম্ব সকলেই একদিন মৃত্যুমুখে পতিত হইবে। মৃত্যু অনিবার্যাক্র মৃত্যু বয়দের অপেকা করেনা, সাংসারিক কার্যাসম্পাদনের অসম্পূর্ণতা, ভাবে না, মৃত্যুর মায়ামমতা নাই, কালাকাল বিচাব নাই। মৃত্যু কাহারও উপরোধ-অমুরোধ শুনে না,—কাহারও স্থবিধা-অস্থবিধা দেখে না,— কাহারও স্থ-চঃথ বুরে না, ভাল-মন্দ ভাবে না ; কাহারও পুঞা-অর্চনা চাহে না,--কাহারও তোষামোদ বা প্রলোভ্নে ভূলে না,--কাহারও কুপ-গুণ-কুণ মান নানে না, কাছারও ধনগোরবের প্রতি দৃক্পাত করে না। কত দোর্দণ্ড প্রতাপান্থিত মহার্থী এই ভারতে জন্মগ্রহণ করত: আপন আপন বলবীয়ে সসাগরা বস্তুমরা প্রকম্পিত করিয়াছিলেন; কিন্তু কেহই জীবিত নাই, সঁকলেই করাল মৃত্যুর কবলিত হইয়াছেন। বাস্তবিক মফুষ্মের এমন কোন সাধ্য নাই, ষদ্ধারা ভীষণ বিভীষিকামর মৃত্যুর গতিরোধ করিতে পারে। শারীরিক বলবীর্যা, ধনজন, সম্পদ্, মান, গৌরব, দোর্দণ্ড প্রতাপ, প্রভূষ প্রভৃতি সর্বা গর্বা মৃত্যুর নিকট থর্দ্ হইবে। এই মৃত্যুর কথা ভাবিয়াই মহাদহ্য রত্নাকর সর্ব্ব মাধা পরিত্যাপ পুরংসর ধঁর্মজগভের মহাজন-পদ প্রাপ্ত হইরাছিলেন। শ্মশানে শবদাহ করিতে গিয়া নশ্বর দেহের পরিণাম দেখিরা ক্ষণকালের জক্তও কত জনের মনে শ্বশানবৈরাগ্য উপস্থিত হয়।

এই কারণে বলিতেছি, সর্বাদা মৃত্যু চিস্তা করিয়া কার্য্য করিলে হাদরে পাপপ্রবৃত্তি স্থান পাইবে না—ছর্বলের প্রতি অত্যাচার করিতে চিত্ত ধাবিত হইবে না—বিষয়-বিভব, আস্মীয়-স্বন্ধনের মারা শতরাহ স্ক্রন করিয়া আসক্তিশৃথ্যলে বাঁধিতে পারিবে না। বেন মনে থাকে, আমাদিগের

যত কত জন এই সংসারে আসিরাছিলেন; এই ধনৈখনা, এই ঘরবাড়ী "আমার আমার" বলিরাছিলেন, আমাদেরই মত স্ত্রী-পূত্র-কল্পাগণকে মেহের শতবাত্ব স্ফান করিরা জড়াইয়া ধরিরাছিলেন। কিছু এখন তাঁহারা ক্রেয়ে গতবাত্ব স্ফান করিরা জড়াইয়া ধরিরাছিলেন। কিছু এখন তাঁহারা ক্রেয়ে গ্রুত্র আলা দেশে হইতে আসিরাছিলেন, সেই অজ্ঞানা দেশে চলিরাইগিরাছেন। যেন মনে পাকে—ধন-সম্পদের অহন্ধার, বলবিক্রমের অহন্ধার, রূপবৌবনের অহন্ধার, বিভাবুদ্ধির অহন্ধার বা কুলসানের অহন্ধার—সকলি বুগা। এক দিন সকল অহন্ধার—অহন্ধারেরও অহন্ধার চ্লীকৃত হইবে। যেন মনে পাকে. আল পার্থিব পদার্থের অহন্ধারে উন্মন্ত হইয়া একজন নিরাশ্রম গ্রন্থানকে হয়ত পদাঘাত করিতেছি; কিছু একদিন এমন হইবে যে, শাশানে শবাকারে শরন করিলে শৃগাল কুরুবে পদদলিত করিবে, পিশাচ প্রেত্তে বুকে চড়িয়া তাগুব নৃত্য করিবে; সেদিন নীরবে করিবে চইবে। এইরূপ চিন্তা করিলে ক্রমনঃ পার্থিব পদার্থের অসারতা হৃদরক্ষম হইবে, তথন আসক্তির বন্ধন টিলা হইরা যাইবে।

আক্রকাল অনেকে শিক্ষার দোষে, সংসর্গের গুণে, বরুসের চাপল্যে পরকাল ও কর্মগুণে জন্ম-কর্ম-অনৃষ্ট স্বীকার করেম না; কিন্তু পরিণামে একদিন নিশ্চয়ই ন্বীকার করিতে ইইবে। স্বীকার না করিলেও—জীবন তো চিরস্থায়ী নহে, একদিন মরিতে ইইবেই; ধনজন গৃহ-রাজত্ব পরিত্যাপ করিয়া বাইতে ইইবে। স্কতরাং ছ'দিনের জক্ত মারা কেন ?—বুণা আসক্তিকেন ? মৃত্যু চিন্তার, সেই স্থান্তর অতীতের স্পন্তুল ববনিকার অন্তরাণে দৃষ্টি পতিত ইইয়া তত্বজানের উদর ইইবে। পাঠক! আমিও বতদিন মৃত্যুর কোলে ঢলিয়া না পড়ি, ততদিন মৃত্যুকি জাগ্রত রাখিব বলিয়াই মরণের মহাক্ষেত্র মহাক্ষেত্র মহাক্ষাল আমার বাসস্থান, মানবাস্থির দক্ষাবন্ধে চিতাতক্ত আমার অক্ষান জ্বান বর্মরা ক্ষান্তর ক্ষান সর্বার পথের পথিক; দিবানিশি মরণের কোলে বনিয়া আছি!

সিদ্ধ বোগিগণ উপদেশ দির। থাকেন, অপরের হুখ, তঃখ, পৃণি ও পুণা **दिन्या क्यांकरम् रेमबी, कक्न्या, मूनिका ७ উপেকা कतिरव। व्यर्थार शरतत**ः स्थ (मथित स्थी हरें ७, सेवा। कति ७ ता; भरतत स्थ स्थी हरें क बजान করিলে তোমার ঈর্যান্য দুরীভূত হটবে। তুমি ফেমন সর্কদা আজ্ঞাক্ত মিবারণের ইচ্ছা কর, পরের ডঃখ দেখিলেও ঠিক সেইরপ ইচ্ছা ছরিও। আপনার পুণো বা ভভাত্তানে বেমন হাই হও, পরের পুণো বা ভভাততানে দেইরূপ হুট হুইও। পরের পাপে বিছেষ করিও না, ঘুণা করিও না, ভাল মুন্দু কিছুই আন্দোলন করিও না। সর্বভোভাবে উদাসীন থাকিও। এরপ থাকিকে আমাদের চিত্তের অমর্বনল নিবারিত হুইবে। চিত্তের বৃত্তিসকল •অমুশীলন-সাপেক্ষ: বাস্তবিক প্রত্যেক অসদ্যুত্তির পরিবর্ত্তে সদ্যুত্তি অফুশীলন করিলে ক্রমশঃ চিত্তমল বিদ্রিত হয়। ক্রোধের বিপরীত দয়া, কানের বিপরীত ভক্তি, এইরূপে প্রভাকে রাষ্ণ্য ও তামস বৃত্তির বিরুদ্ধে সাত্ত্বিক বৃত্তিসকল উলিত করিতে করিতে চিত্ত অরে অরে নির্মাণ ইইরা উত্তমরূপ একাগ্রতা-শক্তিসম্পন্ন হইবে। বাঁচার চিত্ত যত নির্মাল, জগবান্ তাঁহার তত নিকট, আর বাঁহার চিত্ত পাণত্যুসাচ্ছর, ভিনি ভগবান হইতে তত দূরে অবস্থিত। আরও এক কথা, পোয়বর্শ্বকে প্রতিপালন করিতে হইবে বলিয়া কশ্মী হ'ও, যতদ্র সম্ভব যত্ন ও চেষ্টা কর ; কিন্তু তাই विवा कर्मान (यन नाम मध इहेर्द ना। जनदर्भाय अर्थीनार्कन क्रिल ভাছার ফল আমিই ভোগ করিব, আর কেহই সে পাপের অংশ গ্রহণ করিবে না। পোষাবর্গ সমাজের উপবোগী আহার, পরিচ্ছদ প্রভৃতি না পাইলে মুখ মান করিবে সভা; কিন্তু ভাই বলিয়া আমরা কি করিব ?

অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম শুভাশুন্।
• —কৃতি,
কৃতকর্ম শুভাবা অশুভাইক, অবশুই তাহার দশ ভোগ করিতে হইবে।

পোশ্ববর্ণের মধ্যে যে ষেত্রণ অনুষ্ট সঞ্চর করিয়া আসিরাছে, সে সেইরূপ ফলভোগ করিবে,—আমি শভ চেষ্টাতে ভাহার অক্তথা করিতে পারিব না। কেবল অহম্বারের আগুন বুকে লইয়া ছুটাছুটা করিয়া জন্মজন্মের ভাপ <u>সংগ্রহ</u> করিব কেন ? অসৎ উপায়ে অর্থ উ**পার্জ**ন করিয়া বাসনাবহিতে দ্ধ হইব কেন ? ক'দিনের জন্ত জন্মজনাস্তবের কটের আগুন স্ষ্টি করিরা আগক্তির দানবী-নিঃখানে দগ্ধ হইব কেন ? আর বদি পুত্রকল্পার মলিন মুখ দেখিতে না পারিব, তবে ত্যাগী হইব কিন্ধপে? কিন্তু কর্ম করিব না, কর্ম্মে সংসিদ্ধিলাভ করিব—ইহা তো ছাড়ের কথা ৷ তবে चार পথে बहिर ना-काशंत्रक ल्याल राजा निर ना, त्यन वह अख्डिका দৃঢ় পাকে। সংপথে থাকিয়া যেমন ভাবে চলে চলুক। ব্যক্ষর ফল ও निमात सम - हैशांत्र छ आत असार हहेरव ना ? आत मकन विवस छभवारन আত্মনির্ভর করিতে শিক্ষা করা উচিত। তিনি কাহাকেও অভ্যক্ত রাথেন না। আমাদের জন্মগ্রহণের কত পূর্বেভগবান্ মান্তের বক্ষে স্তনের স্ষ্টি করিয়া রাখেন, জন্মনাত্রেই সেই স্বন্তপান করিয়া আমরা পরিপুষ্ট হই। যাঁহার এমন ব্যবস্থা, এমন শৃথ্যশা, এমন দগা---আসরা তাঁহাকে ভলিয়া, তাঁহার কাধ্যশৃত্থলা ভুলিয়া, কেন ছুটাছুটী গৌড়াদৌড়ি করিয়া মরি ?



আর একটা কথা বলিয় এই বিষয় উপসংহার করিব। সেই কথাটা এই, ষাহাত্তে জগজ্জীব অত্যাক্তই হইরা আছে, তাহা রমণীর মোহিনী মোহ। বোগদাধন কালে সকলেম্বই

- উ**ৰ্দ্ধ**রেতা **সাধ**

হওয়া কর্ত্তব্য। যোগাভ্যাসকালে স্ত্রীসঙ্গাদি নিবন্ধন কোন কায়ণে শুক্র নষ্ট হইলে আত্মকয় হয়। যথা—

> যদি সুঙ্গং করোত্যেব বিন্দৃস্তস্থ বিনশ্বতি। আব্বাহাক্ষরো বিন্দুহানাদসামর্থ্যঞ্জারতে॥

> > —দন্তাত্রের

ষদি জীসক করে, তবে বিন্দুনাশ হয়। বিন্দুনাশ হইলে আজুকর ও সামর্থাহীন হইরা থাকে। অতএব—

ভন্মাৎ সর্বব্রথত্বেন রক্ষ্যো বিন্দুর্হি যোগিনা।

—দন্তান্ত্রের

এই বন্ধ বোগাভ্যাসকারী বন্ধের সহিত বিন্দুরক্ষা করিবেন। শুক্র নাই হইবা থাকে, কারণ শুক্রই ওজঃবর্রণ অটম থাতুর আশ্ররহল। বীর্বাই ব্রহ্মতের ব্লুলিরা বিখ্যাত। ইহার অভাব হইলে মার্যবের সৌন্দর্য্য, শারীরিক বল, ইন্দ্রিরগণের ক্রুলি, শরণশন্তি, বৃদ্ধি ও ধারণাশন্তি প্রভৃতি সমন্তই নাই হইরা যার। শুক্র নাই হইলে বন্ধা, প্রমেহ, শক্তিরাহিত্য প্রভৃতি নানাবিধ রোগের উৎপত্তি হইরা অকালে কালকবলে পত্তিত হইতে হর। নতুবা অবাভাবিক আলক্ত জারিরা সর্ক্রকার্যে ওলালীক্ত আসিরে, তথ্য করেও ক্রার জীবন বাপন করিতে হইবে। এই ক্রম্ভ সকলেরই সবঙ্গে বীর্ব্য রক্ষা কর্ম্বরা। কিন্তু বড়ই ক্রিন কথা—

পীষা মোহময়ীং প্রমোদমদিরামুম্মত্তভূতং জগৎ।

মোহমরী প্রমোদরপ মদিরা পান করিয়া এই অনস্ত অগৎ উন্মন্ত হইরা বহিষ্টাহে। বে কোন জীবই হউক, ভাহার পুরুষকে ভাহার ত্রীজ্ঞাভি মোছাকর্বে টানিরা রাথিয়াছে। সকলেই রিপুর উত্তেজনায়, অজ্ঞানতার ভাড়নার নরকবৃহ্রিতে বাঁপ দিতেছেন। বিভালয়ের বালক হইতে বুড়ো মিনসে পর্বান্ত সকলেই ক্ষণস্থায়ী স্থাধের অন্ত শুক্রক্ষর করিয়া জীবনের সুখ বিনষ্ট করতঃ বজ্ঞদগ্ধ ভরুর স্থায় বিচরণ করিতেছে। ভাষাদের উৎপাদিত সম্ভানগণ আরও নির্বাধ্য হইয়া জন্মগ্রহণ করতঃ ফুর্জন্ন রোগপ্রস্ত হইয়া সংসার অশান্তি-নিলয় করিতেছে। এইরূপ নিরুষ্ট বৃত্তির অধীন হইলে নরনারীগণের হাদ্রুত্তি একেবারে বিনষ্ট হইয়া বায় : বস্তুগত্যা স্কান থাকে না। কেবল আমরা নহি, দেবতাগণও প্রমোদমদিরার উন্মন্ত, ভাহাও मश्मूनि मखारञ्ज धाकाम कत्रित्रारहन---

> ভগেন চর্ম্মকুণ্ডেন হুর্গন্ধেন ত্রণেন চা খণ্ডিতং হি জগৎ সর্ববং সদেব। স্থরমানুষম্॥

> > —অবধৃতগীতা, ৮৷১৯

 এই আকর্ষণ হইতে উদ্ধার পাইবার উপায় কি ? অভ্যাস ও সংব্দে সকলই হর। তত্ত্তানে ও সংখ্য অভ্যাসে ইহা হৃদরে দৃঢ় ধারণা করিতে ছইবে, বাহা নরকের কারণ---রোগের কারণ---আত্মার অবন্তির কারণ---সে কার্য কেন করিব ? বাহার জন্ত কর্ত্তব্য-পন্থা হইতে বিচলিত হইতেছি, त्र बी कि १------

> কৈটিল্যদন্তসংযুক্তা সভ্যশোচবিবৰ্জ্জিভা। क्रिमानि निर्म्मिका नाजी रक्षनः मर्बरामिनाम्॥ —অব্যূত্ৰীতা, ৮৷১৪

অতথাব বিবেচনা করা উচিত—কি দেখিরা আমাদের প্রাণভরা
পিপাসা—কিসের অক্স এ পাশব বাসনার আগুন ?—দৈহিক সৌন্দর্য !
কিন্তু দেহ কি ? পঞ্চরাভূতের সমষ্টি অবস্থা ভিন্ন ত আর কিছুই কুরে ।
বাহার বিকাশ সমস্ত জগৎ জুড়িয়া—যাহা বিশ্বের সকল বস্তুতেই বিজ্ঞমান,
ভাহার জক্ত একটা সীমাবদ্ধ স্থানে আকর্ষণ কেন ? বিশেষতঃ রূপ-যৌবন
কর মুহুর্ভের জক্ত ? সে বাল্যকালে কি ছিল,—বৌবনে কি হইরাছে—
আবার প্রোচ়-বার্দ্ধকোই বা কি হইবে,—এইরূপ পরিবর্ত্তনশীল দেহের
পরিণাম কিং ভাহা ভাবিরা দেখা উচিত। ঐ বে জীর্ণা শীর্ণা বৃদ্ধা
মৃত্যু-শিব্যার শরন করিরাছে, ঐ বৃদ্ধাও অবস্তু একদিন বৃদ্ধতী ছিল; কিন্তু
এখন কি হইরাছে ? আবার যৌবনেও রোগোৎপত্তি হইরা এই স্কলর
দেহকে পচাইরা ধসাইরা প্রেতের অধম করিরা দিতে পারে, ভাহার জক্ত
আসক্তি কেন ? যেন মনে থাকে—

ভগাদিকুচপর্যান্তং সংবিদ্ধি নরকার্ণবন্। যে রমন্তে পুনস্তত্র তরন্তি নরকং কথম্॥

—অবধৃভগীতা, ৮৷১৭

নৈৰ ব্ৰী ন পুমানেৰ ন চৈবারং নপুংসক:। বদ্বচহুরীরসাদক্ষে তেন তেন স পক্ষাতে ॥

^{*} এই মোক কর্টার কল্প ব্রহ্মজ্ঞানে প্রতিষ্ঠিত মহান্ধাগণ ও লগনাতার অংশসভূত্ত ভারতমাতাগণ লেথককে ক্যা ক্ষিবেন। গুরুর কুগার ঐরপ জ্ঞান আনার হৃদরে সংবদ্ধ নাই। আমি জানি, রী ও পুরুষ চৈতভেরই বিকাশ—আধারতেদে গুণভেদে বিভিন্ন মাত্র। স্তরাং ঐক্প বিবেচনা আমি অসক্ষত মনে করিব। আমি জানি,—

[—]বেতাৰতরোগনিবৎ ৫ খা

মতএব হি বোগীক্র: দ্রীপুংভেদং ন মন্ততে। নর্কা ক্রমনদং ক্রমন্ শবৎ পশুতি নারদ।

[—]বক্ষবৈৰ্ধ-পুরাণ, প্রকৃতিধঞ্চ, ১ অঃ

আমি ত্রী ও পুরুবের মধ্যে কোনত্রপ বিভিন্নতা বোধ করি না।

আরও এক কথা—ব্রী-সহবাসে আনন্দ আছে, ব্রীকার করি, কিছ
ভত্তবিচার করিয়া দেখা উচিত, সে আনন্দ কাহার নিকট ? বন্ধবন্ধ বীর্ব্য
আমাদের নিকট বলিয়াই আনন্দ, নতুবা রমনীদেহে কিছুই নাই। বালকগণ
রমনীর রমনীয় দেহ দেখিয়া সুন্ধ না হইয়া মাতার ক্রোড়ে থাকিতে ভালবাসে কেন ? খোজাগণের নিকট বালিকা, যুব্তী বা বৃদ্ধা সবই সমান।
একটা দুইাত ভারা বুঝাইতে চেটা করি।

পদ্মীবাসী ব্যক্তিগণ বোধ হয় দেখিয়া থাকিবেন, পদ্মীর পালিত কুকুর শ্রাম মধ্যে আহার না পাইলে গো-ভাগাড়ে গিয়া বছ দিনের পুরাতন গৰাছি সংগ্ৰহ কৰিয়া লইয়া আইসে; পরে কোন নির্জ্ঞন স্থানে বসিয়া সেই ওছ নীরস অস্থি কুধার জালার কামড়াইতে থাকে। ' কিন্তু অস্থিতে কি আছে—তত্ত কঠিন অন্থির আঘাতে তাহার মুধ কত বিক্ষত হইয়া কৃধির নির্গত হয়; নিজ রক্ত রসনায় লাগিয়া খাদ অমুভূত হর; তথন আরও বছে ও আগ্রহের সহিত সেই শুক্ষ অন্থি কামড়াইতে থাকে। পরে বধন নিল মুখ আল। করিতে থাকে, সেই সময় বুঝিতে পারে, আপন রক্তে রুসনা পরিতৃপ্ত করিতেছি। কাজেই তথন অন্থি ফেলিয়া অন্ত চেষ্টায় গমন করে। আমরাও তজ্ঞপ আনন্দ-প্রদ বস্তু নিজ শরীরাভান্তরে রহিয়াছে. কিছ ভাৰা বুৰিভে না পারিয়া রমণীর সৌন্দর্ব্যে মুগ্ধ হইরা ক্ষণিক আনন্দের্ধ জন্ত সেই বস্ত নট করিছেছি। স্থাধের আশার প্রধাবিত হইরা শেষে প্রোণ-ভরা অনুভাপ দইরা ফিরিয়া আসিভেছি। সুধ বে আমানের নিকট, তাহা উপলব্ধি করিতেছি না। পতকের ক্লার রূপবহিতে ব'াপ দিয়া পুড়িরা মরি-ভেছি। বে শিনিব শরীর হইতে বহির্গমনকালে ক্রণকালের জন্ত অনির্বাচ-नीय चानक धारान कतिता वात, ना वानि छारास्य नवाद नतीत तका 'করিলে ক্ডই অনহভবনীর জানক প্রদান করে। আমরা এমনি অঞ্চ, সেই পদার্থ রুধা নট করিতে আপনার জীবন ও মন উৎসর্গ করিতেছি।

এইরূপ তল্পভানে মনকে দৃঢ় করিয়া বিনি উর্জরেতা হইরাছেন, তিনিই বধার্থ নর্ম্মণী দেবতা। মহাদেব বলিয়াছেন—

ন্ তপস্তপ ইত্যাহত্ত ব্যচ্য্যং তপোত্তমন্। উদ্ধরেতা ভবেং বস্তু স দেবো ন তু মাসুষঃ॥

ব্রহ্মর্যা অর্থাৎ বীর্যা ধারণই সর্বাপেক। উৎক্রপ্ট তপক্স। বে ব্যক্তি এই ।
সৌভাগ্য বৃদ্ধি এবং পৃথিবী বহুণক্তশালিনী হয়। জলতত্ত্বর উদরেও ঐরপ ফল জানিবে। বদি জয়িতত্ত্বর উদর হয়, তবে ছর্ডিক্স, রাষ্ট্রবিপ্লব, অরবৃষ্টি এবং লাক্ষণ রোগোৎপত্তি হইরা থাকে। বায়ুতত্ত্বের উদর হইলে উৎপাত, উপশ্রেব, ভয়, অভিবৃষ্টি কিমা অনাবৃষ্টি উপস্থিত হয়, আর আকাশতত্ত্বের উদরে মানবের উদ্যার, সন্তাপ, অর ও ভয় এবং পৃথিবীতে শক্তহানি হইয়া থাকে।

পূর্ণে প্রবেশনে খাদে খ-খ-ভদ্তেন সিজিদঃ।

—হরোদ্র শাস্ত্র

মেবসংক্রান্তিকালে যথন বেদিকেই নাসাপুট বাযুপূর্ণ থার্ফে অথবা।
নি:খাস-বায়ু প্রবেশ করে, সেই সময়ে যদি সেই সেই নাসিকার নির্দিষ্ট মত
ভত্তমকলের উদর হর, তাহা হইলে লেই বংসরের ফল ভত্তমনক হইয়া
থাকে। অক্সথার অভত জানিবে।

যাত্রা-প্রকরণ

--*-

কোনস্থানে কোন কার্য্যোপলকে বখন বাত্রা করিবার প্রবোজন হইবে, তখন বেদিকের নাসিকার নিঃখাস প্রবাহিত হইবে, সেই দিকের পুদ অত্রে বাড়াইরা বাত্রা ক্রিলে ভড় ফ্ল প্রাপ্ত হওরা বার।

> বামাচারপ্রবাহেন ন গচ্ছেৎ পূর্বব উত্তরে। দক্ষনাড়ীপ্রবাহে ডু ন গচ্ছেৎ যাম্যপশ্চিমে॥

--পবন-বিজয়-স্বরোদর

ব্যন বাম নাসিকার খাস চলিতে থাকিবে, তথন পূর্বে ও উত্তর দিকে গমন করিবে না এবং বথন দুক্ষিণ নাসাপুটে খাস প্রবাহিত হইতে থাকিবে, তথন দক্ষিণ ও পশ্চিম দিকে বাজা করিবে না। এসকল দিকে এ ঐ সমরে বাজা করিলে মহাবিদ্ধ উপস্থিত হইবে, এমন কি বাজাকুারীর আর গৃহে ফিরিয়া আসিবার সম্ভাবনা থাকিবে না।

ষদি সম্পদ-কার্যোর অন্ত যাত্রা করিতে হয়, তাহা হইলে ইড়া নাড়ীর বহনকালে গমন করিলে শুভফল লাভ করিতে পারিবে। আর মদি কোন রূপ বিষম অর্থাৎ ক্রেকর্ম সাধনের অন্ত গমন করিব।র আবশুক হর, ভাহা হুইলে বঁজা পিকলা নাড়ী প্রবাহিত হুইবে, সেই সময় যাত্রা করিলে সিদ্ধি-লাভ হইবে। বিচক্ষণ ব্যক্তি শুক্ত ও শনিবারে কোন স্থানে গমন করিলে মৃত্তিকাতে সাতবার, আর অন্ত যে কোন বারে যাত্রা করিতে হইলে একা-দশবার ভূতলে পাদ প্রক্ষেপ করতঃ বাত্রা করিবে, কিন্তু বুচম্পতিবারে কোন কাৰ্য্যে গৃহ হইতে বহিৰ্গত হইলে অৰ্দ্ধপদ মুক্তিকাতে নিক্ষেপ করিয়া যাত্রা করিলে বাঞ্চিত ফল লাভ করিতে পারা বার। কোন কার্ব্যোদেঞ্জে বদি শীঘু গমন করিবার আবশুক হয়, কুশল কার্যোই হউক, শক্রণহ কলচেই হউক, কি কোন ক্ষতি নিবারণার্থেই হউক, যাত্রা করিতে হইলে তৎকালে বেদিকের নাসিকার নি:খাস্থায়ু প্রবাহিত হইতে থাকে, সেই দিকের অলে হস্তার্প্র করিতে হইবে, পরে সেই দিকের পদ অগ্রে বাড়াইছা সে সময়ে চক্তনাড়ী বহিতে থাকিলে চারিবার এবং স্থানাড়ী বহিতে থাকিলে পাঁচবার মৃত্তিকাতে পদনিক্ষেপ করিয়া গমন করিবে। এইরূপ নিয়মে যাত্রা করিলে ভাষার সহিত কাছারও কলহ হয় না এবং ভাষার কোন হানিও হর না: এমন কি তাহার পারে একটা কটকও বিদ্ধা হর না। সে वाकि नर्स आंभान-विभान-विविक्षित हरेशा सूर्य, बाह्यत्म निक्रांवर्ग शृहर প্রভাগমন করিছে পারে-শিববাকো সম্ভে নাই।

কোন কোন স্বরভন্তবিদ্ পশুভ বলেন, দ্বদেশে বাত্রা করিতে হইলে চক্রনাড়ীই সঙ্গলনক এবং নিকটস্থ স্থানে গমান করিতে হইলে স্থানাড়ীই কল্যাণকর। স্থ্যনাড়ী দক্ষিণনাসার প্রবেশকালে বাত্রা করিতে পারিলে শীঘ্রই কার্য্যোভার হইয়া থাকে।

আক্রম্য প্রাণপবনং সমারোহেত বাহনম্। , সমুত্তরেৎ পদং দত্বা সর্ববকার্যাণি সাধয়েৎ॥

--- খরোদরশাস্ত্র

কোনরূপ বানারোহণ করিয়া কোন কার্য্যে গমন করিতে ইইলো, প্রাণ-বায়ুকে আকর্ষণ করিয়া গমন করিবে, তৎকালে যেদিকের নাসায় খাস বহন হয়, সেই দিকের পদ অগ্রে বাড়াইয়া বানারোহণ করিবে; তাহা হইলে কার্যাসিদ্ধি হইবে। কিন্তু বায়ু, অগ্নি বা আকাশতত্ত্বের উদয়ে গমন করিবে না। অর-জ্ঞানাম্সারে বাত্রা করিলে শুভ্যোগের জন্ত ভট্টাচার্য্য মহাশরদিগের মুখ চাহিয়া থাকিতে হইবে না।

-:*:--

গৰ্ভাধান

—(**:*:**)—

ঋতুর চতুর্থ দিবস হইতে বোড়শদিন পর্যান্ত গর্ভধারণের কাল। ঋতু-শাভা ত্রী ক্র্যা-চক্র সংবোগে পৃথিবীতত্ব কি জনতত্ত্বের উদয়কালে শব্ধবদ্ধী ও গোছ্য পান, করতঃ স্বামীর বামপার্শ্বে শন্তন করিরা স্থামীর নিকট পুত্র-কামনা করিবে। ক্র্যানাড়ী ও চক্রনাড়ীকে একতা সংযুক্ত করতঃ ঋতু মুক্তা করিলে পুত্রসন্তান উৎপন্ন হর না। চক্র-ক্র্যা সংযোগ অর্থাৎ রাত্রিকালে যথন পুরুষের স্থানাড়ী বহিবে, তথন ধনি জ্রীর চক্সনাড়ী বহে, তবে সেই সময়ে উভয় সুদত হইবে।

> বিষমাক্ষে দিবারাত্রো বিষমাঙ্কে দিনাধিপঃ। চক্রনেত্রাগ্নিতত্বেরু বন্ধ্যা পুক্রমবাপ্নুয়াৎ ॥

> > —স্বরোদয়শাস্ত্র

কি দিবা, কি রাত্রিতে যদি সুষ্মানাড়ী বহিতে পাকে, অথবা সুর্যানাড়ী বহে, আর সেই কালে বদি অগ্নিতন্ত্রের উদন্ন হয়, সেই সময় ঋতুরক্ষা হইলে বদ্ধ্যা নারীপ্র প্ত্রবভী হইবে। যথন সুযুমানাড়ী দক্ষিণনাসায় প্রবাহিত হয়, সেই সময় ঋতুরক্ষা করিলে পুত্র জন্মিরে, কিন্তু হীনাক ও কুল হইবে। গ্রী-পুরুবের একই নাসায় নিঃশাস প্রবাহিত পাকিলে, গর্ভ হইবে না। জলতত্ত্বের উদয়কালে গর্ভাধান হইলে, সেই গর্ভে যে সন্তানের উৎপত্তি হইবে, সে ধনী, স্থী ও ভোগী হইবে এবং তাহার যলঃকার্ত্তি দিগ্দিগন্ত-ব্যাপিনী হইবে। পৃথিবীতন্তের উদয়ে গর্ভাধান হইলে সন্তান অতি ধনী, স্থী ও সৌলাগাশালা হইবে। পৃথিবীতন্তের উদয়ে গর্ভাধান হইলে সন্তান অতি ধনী, স্থী ও সৌলাগাশালা হইবে। পৃথিবী-তত্ত্বের উদয়ে গর্ভ হইলে পুত্র এবং জল-তত্ত্বের উদয়ে গর্ভ হইলে কলা জন্মিরা থাকে। অগ্নি, বায়ু ও আকাল-তত্ত্বের উদয়ে গর্ভ হইলে কলা জন্মিরা থাকে। অগ্নি, বায়ু ও আকাল-তত্ত্বের উদয়কালে গর্ভ হইলে গর্ভপাত হইবে, অথবা সেই গর্ভ হইতে সন্তান ভূমিন্ঠ হইবাসাত্রি বিনষ্ট হইবে।

কার্য্যসিদ্ধি করণ

কোন কার্যা সিদ্ধির অক্ত কাহারও নিকট গমন করিতে হইলে, বৈ নালিকার খান বহন হইছেছে, সেই দিকের পা আগ্রে বাড়াইয়া গমন করিবে। কিন্তু বারু, অগ্নি কিন্তা আকাশ-তন্তের উদরে বাত্রা করিবে না।
তদনন্তর গল্পব্য স্থানে উপস্থিত হইরা, বে নাসিকার শাস প্রবাহিত
হইতেছে, বাহার নিকট হইতে কার্য্য সিদ্ধি করিতে হইবে, তাহাকে সেই
দিকে রাখিয়া কথাবার্ত্তা বুলিলে নিক্তরই কার্য্যসিদ্ধি হইবে। চাকুরী
প্রভৃতির উমেদারী করিতে বাইরা এই নির্মে কার্য্য করিলে স্ক্ল লাভ
করিতে পারিবে।

মোকল্ম। প্রভৃতি কার্য্যে উপরোক্ত নিরমে বিচারকের নিকট এজা-হারাদি প্রদান করিলে মোকল্মায় জরলাভ করিতে পারা বার।

প্রভূবা উদ্ধৃতন কর্মচারীর সহিত যথনই কথা বলিবার প্রয়োজন হইবে, তথন বে নাসিকার নিঃশাসবায়ু প্রবাহিত থাকিবে, তাহাদের সেই পার্বে রাখিরা কথাবার্তা বলিবে, তাহা হইলে মনিবের প্রিম্নপাত্র হইতে পারিবে। দাসদ্ব-উপজীবী ব্যক্তিগণের পক্ষে ইহা কম স্থবিধার বিষয় নহে। তাহাদের সম্বাদ্ধে এই ক্রিয়ার প্রতি মনোবোগী হওয়া কর্মবা।

বে দিকের নাসিকার নিঃখাসবারু বহিতে থাকে, সেই দিক আশ্রর পূর্বাক বে কোন কার্য্য করিবে, ভাহাতেই সিদ্ধিলাভ করিতে পারিবে। কিয়—

শক্ত বশীকরণ

-):+:(-

কার্য্যে ভবিপরীত ক্রিয়া অবলয়ন করিতে হইবে। অর্থাৎ বে নাসিকার নিঃখান বায় বহিতে থাকিবে, শক্রকে তাহার বিপরীত পার্যে রাখিয়া কথাকর্তা বলিবে, ভাহা হইলে খোর শক্রও ভোষার অমুকুলে কার্য্য করিবে। উভয়ো: কুস্তকং কৃষা মুখে খাসো নিপীয়তে। নিশ্চনা চ যদা নাড়ী ঘোরশক্রবশং কুরু।

-- পবন-বিজয় श्रद्धानन

কুন্তক পূর্বক মুখ দারা নিঃশাসবায় পান করিবে, এইরপ করিতে করিতে যথন নিঃশাসবায় স্থির হটয়া থারিবে, তখন শক্রুকে চিন্তা করিবে, তাহা হইলে ক্রমশঃ বৈার শক্রুও তাহার বশীভূত হটয়া থাকিবে। চন্ত্রনাড়ী বহন সমরে বামলিকে, স্থানাড়ী বহিবার কালে দক্ষিণ দিকে এবং স্থায়ার চালবার কালে মধ্যভাগে থাকিয়া কার্য করিলে বিবাদে জয় লাভ করিতে পারা বার।

যত্র নাড্যাং বহেদ্বায়ুস্তদন্তঃ প্রাণমের চ। আকৃষ্য গড়েং কর্ণান্তং জয়ভ্যের পুরন্দরম্ ।

—-যোগ-স্বরোদর

বে নাড়ীতে বায়ু বহন হয়, তন্মধান্থিত প্রাণবায়ুকে আকর্ণ স্থাক বে দিকের নাসিকার বায়ু বহিতে থাকিবে, সেই দিকের চরণ অগ্রে ক্ষেপণপুরঃসর গমন করিলে শক্রকে পরাত্তব করিতে পারিবে।

অগ্নি-নির্বাপণের কৌশল

বৃদ্দেশে প্রতি বংসর আগুন লাগিয়া অনেকের সর্ক্ষয়ন্ত হইয়া ধার।
নির্দাণিত উপায়টা জানা থাকিলে অভি সহজে ও অত্যাশ্চর্যায়ণে অগ্নি
নির্দাণিত করা যায়।

আগুন লাগিলে বে দিকে তাহার গতি, সেই দিকে দাঁড়াইরা বে নাসিকার নিঃখাস বহিতেছে, সেই নাসিকার বায়ু আকর্ষণ করিয়া নাসিকা ছারাই জল পান করিবে। একটা ছোট ঘটিতে,করিয়া বাহার তাহার ছারা আনীত জলে ঐ কার্য হইতে পারে। তদনস্কর সপ্ত রতি জল

> "উত্তরাঁস্থাঞ্চ দিগ্ভাগে মারীচে। নাম রাক্ষসঃ। তস্ত মূত্রপুরীযাভ্যাং হুতো বহ্নি: স্তস্ত স্বাহা॥"

এই মত্ত্রে অভিমন্ত্রিত করিয়া অগ্নিতে নিক্ষেপ করিবে। এই কার্যাটী না করিয়া কেবল মাত্র উপরোক্ত প্রণালী অবলম্বন করিলেও স্ক্ষল লাভ করিতে পারিবে। আমরা বহুবার ইহার সত্যতা উপলব্ধি করিয়া বিশ্বিত ইইয়াছি; অনেকের ধন-সম্পত্তিও রক্ষা হইয়াছে।

রক্ত পরিষ্কার করিবার কৌশল

ষ্থানিরমে প্রত্যন্থ শীতলীকুন্তক করিলে কিছুদিনে শরীরের রক্ত পরিষ্টার ও শরীর জ্যোতিবিশিষ্ট হয় । শীতলীকুন্তের নিয়ম— জিহ্বয়া বায়ুমাকৃষ্য উদরে পুরয়েচ্ছনৈঃ। ক্লণঞ্চ কুন্তকং কৃষা নাসাভ্যাং রেচয়েৎ পুনঃ॥
—গোরক্দংহিতা

ি ভিছ্যা যারা ধায়ু আকর্ষণ করিরা অর্থাৎ ঠোঁট ছথানি সক্ষ করিরা বাহিরের বাতাস ধীরে ধীরে আকর্ষণ করিবে। এইরূপে আপন আপন দমভোর বারু টানিরা মুখ বন্ধ করতঃ ঢোক গিলিবার মত করিয়া বায়ুকে উদরে চালনা কর; পরে ক্ষণকাল ঐ বায়ুকে কুন্তক দারা ধারণ করিয়া উভর নালা দারা রেচন করিবে। এইরপ নিরমে বারদার বায়ু টানিলে কিছুদিন পরে রক্ত পরিদার এবং শরীর কলপ্রদূশ কান্তি-বিশিষ্ট, হইবে। শীতলীকুন্তক করিলে অজীর্ণ ও কফপিতাদি দ্বোগ জন্মিতে পারে না। চর্ম্ম-রিরা প্রভৃতি রোগে রক্ত পরিদারের জন্ত সালদা ব্যবহার না করিয়া, তৎপরিবর্ত্তে এই ক্রিয়া কবিয়া দেখিবে, সালদা অপেকা শীঘ্র স্থারী সুক্ষণা লাভ করিতে পারিকে।

প্রত্যত্ত্ব দিনা-রাত্রের মধ্যে অস্ততঃ তিন চারি বার পাঁচ সাত মিনিট হিরভাবে বসিয়া ঐরপ মুখ দিয়া বায় টানিতে ও নাসিকা হারা ছাড়িতে ছইবে। ফলে বত বেশী বার ঐরপ করিতে পারিবে, তত শীগ্র স্থফল লাভ করিবে, সন্দেহ নাই।

নয়লা, আবর্জনাদিপূর্ণ বায়ুদ্ধিত স্থানে, বৃক্ষতালে, কেরোসিন তৈলী দারা আলো-আলিত গৃহে ও ভুক্ত এব্য পরিপাক না হইলে এই ক্রিনা করা কর্ত্তব্য নহে। বায়ু রেচনান্তে হাঁপাইতে না হয়, তংপ্রতি বিশেষ লক্ষ্য রাখিবে। বিশুদ্ধ বায়ুপূর্ণ স্থানে স্থিরাসনে উপবিষ্ট হইয়া ধীরে ধীরে রেচক ও পুরকের কার্য্য করিবে।

ু প্রক্রিয়ায় ছর্জ্জয় শূলবেদনা এবং বুক, পেট প্রভৃতিতে যে কোন আভ্যস্তরীণ বেদনা থাকিলে নিশ্চয়ই আরোগ্য হইয়া থাকে।



কয়েকটা আশ্চর্য্য সঙ্কেত

- াছাই ছউক, কোনক্ষপ পীড়াক লক্ষ্য বুৰিতে পারিলে তথন বে নীসিকার নাস প্রবাহিত ছইতেছে, সেই নাসিকা তৎক্ষণাৎ বন্ধ করিয়া দিবে। বত-দণ বা বতদিন শরীর স্বাভাবিক অবস্থা প্রাপ্ত না হইবে, ততদিন সেই নাক কে করিয়া রাখিতে ছইবে, তাহা হইলে শীঘ্র শরীর স্ক্র্ ছইবে, বেশীদিন ছুগিতে ছইবে না।
- ২। রাত্তা চলিয়া বা কোন প্রকার পরিশ্রমজনক কার্যান্তে শরীর প্রান্ত ক্লান্ত ক্লান্ত থাতু গরম হইলে দক্ষিণ পার্বে কিছুকণ শরন করিয়া থাকিবে; তাহা হইলে অচিরে—অতি অর সমরে প্রান্তি-ক্লান্তি দূর হইয়া শরীর স্বস্থ হইবে।
- ০। প্রভাই আহারাত্তে আচমন করিয়া চিক্রণী হারা চুল আঁচড়াইবে।
 চিক্রণী এমন ভাবে চালাইবে বে, ভাহার কৃঁটে। মন্তক স্পর্ল করে। ইহাতে
 শিরংপীড়া ও উর্দ্ধা সম্বন্ধীয় কোন পীড়া এবং বাতব্যাধি জন্মিবার ভর
 থাকিবে না। এক্রপ কোন পীড়া থাকিলেও ভাহা বৃদ্ধি হইবে না; বরঞ্চ
 ক্রমে আঁরেগো হইবে। শীত্র চুল পাকিবে না।
- ৪। প্রথর রৌজের সময় কোন ছানে বাইতে হইলে, রুমাল বা চাদর তোরালে প্রভৃতির ঘারা কর্ব ছইটা আজ্ঞাদন করিয়া, রৌজমধ্যে ইাটিলে রৌজমনিত কোন দোষ শরীর স্পর্শ করিবে না এবং রৌজতাপে শরীর জ্ঞাপিত বা ক্লিই হইবে না। কর্ব ছইটা এরপে মাজ্ঞাদন করা কর্ববা বে, সমস্ত কাণ লক। পড়ে এবং কাণে বাতাস না লাগে।
 - ৫। শুরণশক্তি ছাস হইলে, সন্তকের উপর একথানি কার্চলীলক

রাধিয়া, তাহার উপর আর একখণ্ড কাঠ রাধিয়া, ধীরে ধীরে তাহাতেই আখাত করিবে।

- ৬। প্রতাহ অর্থনটা পদ্মাননে বসিরা দম্ভমূলে বিহ্বাপ্র চাপিরা রাখিলে সূর্বব্যাধি বিনষ্ট হয়।
- ৭। ললাটোপরি পূর্ণচন্দ্রসদৃশ জ্যোতিখান করিলে আয়ু বৃদ্ধি হয় এবং कृष्टीमि आद्रांभा इत्र । मर्तमा मृष्टित ऋत्वा शीखवर्ग उच्चन उद्याजिशानि कतित्व विना थेयत्व नर्सदत्तात्र व्यादत्ताता ७ त्वर विन्तिविहीन इत्र। মাথা গরম হইলে বা[®]ঘুরিতে থাকিলে মন্তকে খেতবর্ণ বা পূর্ণশরক্তর ধ্যান করিলে খাঁচ সাঁভ মিনিটে প্রভাক ফল দেখিতে পাইবে।
- ৮। ज्ञार्ख इहेटम बिस्तात উপরে अम्रतमिष्ट ज्ञता আছে, এইরপ চিন্তা করিবে। শরীর উষ্ণ হইলে শীতল বস্তুর এবং শীতল হুইলে উষ্ণ বস্তর ধ্যান করিবে।
- ৯। প্রত্যহ ছইবেলা স্থিরাসনে উপবিষ্ট হইরা নাভিদেশে একদৃষ্টে চাহিয়া, নাভিতে বায়ু ধারণ ও নাতিকল ধান করিলে অধিমান্যা, হুরারোগ্য অনীর্ণ ও উৎকট অভিসার ইত্যাদি সর্বপ্রকার উদুরামর নিশ্চর আরোগ্য এবং পরিপাকশক্তি ও জঠরাগ্নি বর্দ্ধিত হয়।
- ১০। প্রভাতে নিদ্রাভদ হইলে যে নাসিকার নিংমাস প্রথাইউ হুইবে, সেই দিকের করতল মুখে সংস্থাপন করিয়া শ্যা হুইতে উঠিলে বাস্থাসিদ্ধি হইয়া থাকে।
- ১১। রক্ত অপামার্গের মূল হল্তে ধারণ করিলে ভূতপ্রেতাদিসম্ভূত गर्वविश अन्त विनष्ठे रहा।
- ১২। ভেঁতুলের চারা তুলিয়া তাহার মূল গর্ভিণীর সন্মুধস্থ চুলে বাঁধিরা দিবে, যাহাতে ঐ মূলের গন্ধ নাসারকে, প্রবিষ্ট হয়; ভাচা হইলে পর্জিণী তৎক্ষণাৎ <u>স্থাথে প্রস্বর</u> করিবে। প্রস্ববাত্তে চূল সম্ভে ঐ ভেঁতুলমূল

কাঁচি ৰান্না কাটিয়া কেলিও, নতুবা প্রস্থৃতির নাড়ী পর্যন্ত বাহির হইবার সম্ভাবনা। যথন পড়িণী প্রস্ববেদনার অভান্ত কট পাইবে, বে সমর ব্যক্ত না হইরা এই উপার অবলয়ন করিও। খেতপুনর্ন বার মূল চূর্ণ করিয়া জননেজ্রিয়ের ভিতর দিলে গর্ভিণী শীত্র স্থুপে প্রস্বাব করিতে পারে। ১৩। বে দিবাভাগে বাম নাসিকার এবং রাজিকালে দক্ষিণ নাসিকার খাস বহন রাথে, ভাহার শ্রীরে কোন পীড়া জল্ম না, আল্লু দুরীভূত ও দিন দিন চেতনার বৃদ্ধি হয়। দশ পনর দিন তুলা হারা ঐরপ অভাস করিলে, পরে আপনা হইতেই ঐরপ নির্মে নিংখাসের গতি হইবে। ১৪। প্রাত্তেও বৈর্কালে কাগ্ জি লেব্র পাতার আণ কইলে প্রাত্তন ও স্মৃত্বের জন্ম আরোগ্য হয়।

১৫। প্রত্যাহ একচিত্তে খেত, ক্লফ ও গোহিত বর্ণাদির ধ্যান করিলে দেহত্ব সমস্ত বিকার নই হয়। এই অন্ত ব্রহ্মা, বিষ্ণু ও মতেশর হিন্দ্র নিত্যধ্যের। ব্রাহ্মণপণ নিরমিত ব্রিস্কায়া করিলে সর্করোগমুক্ত হইরা অন্থপরীরে জীবনবাপন করিতে পারেন। হঃথের বিষর, অন্যদেশীর ছিল্পপণের মধ্যে অনেকে সন্ধ্যাদি করিয়া সমরের অপব্যর করে না। বাহারা করে, ভাহারাও উপবুক্তরূপে সন্ধ্যাদি করিছে লানে না। সন্ধ্যার উদ্দেশ্য কিল্পে এইন করা গারপ্রীর অর্থাদি পর্যন্ত জানেন না; প্রাণায়ামাদিও উপবুক্তরূপে অন্তর্ভিত হয় না। সন্ধ্যার সংস্কৃত বাক্যাবলী আওড়ানো, এই পর্যন্ত নতুবা সন্ধ্যাদি ছারা কি করিতেছে, ছাইভন্ম, মাথামুও কিছুই বুবে না। আমার বিশ্বাস, ভাব হৃদরক্ষম না হইলে ভক্তি আসিতে পারে না; ক্রমণ সন্ধ্যা করা অপেকা ভক্তিবৃত চিন্ধে আপন ভাষার হৃদরের প্রার্থনা ভগবান্কে আনাইলে অধিক অ্বফলের আশা করা বায়। পরমেশর আর তো মহারারীর বংশে জন্মগ্রহণ করেন নাই বে, সংস্কৃত ভিন্ন বালাল। শৃশ্ব বুবিতে পারিবেন না! সন্ধ্যান্ন প্রাণাম্যান বেরপ বিধিবন্ধ আছে,

ভাহাতে প্রাণায়াম ক্রিয়া এবং ব্রহ্মা, বিষ্ণু ও দিবের ধ্যানে বথাক্রমে লোহিত, কৃষ্ণ ও খেত বর্ণের চিম্বা—এই গুই মহতী ক্রিয়া অনুষ্ঠিত হইরা ू थारक। ইहात्र अक्र अक्री कित्रात कछ खन, छाहा रक्हरे बूर्स ना। আবার ত্রিসন্ধার গায়শ্রীর ধানেও এরও বর্ণ চিন্তা হটরা থাকে। আর্বা-ৰ্ষিগণের সন্ধাপুঞ্চাদির মহৎ উদ্দেশ্ত আমাদের ছুল বৃদ্ধিতে বৃথিতে পারি না, অথচ নিজে স্থা বৃদ্ধির মুন্সিয়ানা চালে ঐ সমস্ত বিক্লভমন্তিকের প্রকাপবাকা বলিয়া অগ্রাহ্ম করি। নিশ্চর জানিও,—হিন্দু দেবদেবীর नाना पृत्ति, नाना वर्ग वाश भारत निर्मिष्ठ आह्न, छाश दूश नरह। जकन প্রকার ধর্মসাধন ও তপস্থার মূল—হস্থ-শরীর । শরীর হস্থ না থাকিলে ও नीर्यक्रीयी ना इटेरन धर्मगांधन ও अर्पानाक्कनानि किहु है इस ना। অসীম জ্ঞানসম্পন আর্যাঞ্চিগণ শরীর স্কল্প ও পরমার্থ সাধন করিবার সহল উপার অরপ দেবদেবীর নানা বর্ণ নির্দেশ করিয়াছেন। সন্ধা উপাসনার সময় খেত, রক্ত, ও ভামাদি বর্ণের ধ্যান করিতে হয়। ভারাভে বায়ু, পিন্ত, কফ-এই ত্রিধাতু সাম্য হর ও শরীর স্বস্থ থাকে। এইবল্প স্কোলের ত্রাহ্মণ-ক্ষত্রিয়গণ কত অনির্মে থাকিয়াও স্কুখনীরে দীর্ঘনীবী হইতেন। প্রাতে নিদ্রাভক হইলে শির্ভিত শুক্লাজে খেতবর্ণ ওক্লেব ও বক্তবর্ণ তৎশক্তির ধানে করিবার বিধি আছে; তাহাতে বে শরীর कुछ खुष्ट शांदक, विकालि वार्युशन छात्रात वृत्रित्व कि ? वाहा हछक, तकह বদি ব্রহ্মা, বিষ্ণু, শিবমূর্ত্তির কিয়া শুরু ও তৎশক্তির ধ্যান করিয়া পৌত্ত-निक, बार्फाभागक वा कुमःकात्रोक्त रहेता जक्कमाम निकिश रहेरछ ताकी না হও, তবে সভ্যতার অসল-ধবল আলোকে থাকিয়া অন্ততঃ খেড. লোহিত ও খ্রামবর্ণ ধান করিলেও আশাতীত ফল পাইবে। বর্ণ বান क्त्रित एका जात्र वर्ग काम इहेरव ना ; वत्रः विक्रूप्टे-शाँ छेन्द्री-शाख्या जीर्-नीर्व, विश्व मंत्रीत सूचर्वशृष्ट इहेरव । वाहा इडेक, जामि प्रकारक अहे বিষয় পরীকা ভয়িতে অনুরোধ করি।

১৬। পুরুষের দক্ষিণ নাসার ও শ্বীলোকের বাম নাসার নিংখাস বছন-কালে <u>দাম্পত্য-সম্ভোগ-মুখ</u> উপভোগ করিবে। ইহাতে উত্তরের শরীর ভাল পাকিবে, দাম্পতা-প্রেম বর্দ্ধিত হইবে; প্রাণরিণীও বনীভূতা থাকিবে।

১৭.। সম্ভোগান্তে দ্বী পুক্ষ উভরেরই দম্ভোর শীঙ্গ জল পান করিলে।
শরীর সুস্থ হইরা থাকে।

১৮। প্রভাই এক ভোলা স্থতে আট দশ্টী গোলসরিচ ভালিরা, ঐ
বুত পান করিলে <u>রক্ত পরিকার ও দেহের পুটি</u> হইরা থাকে।



চিরযৌবন লাভের উপায়

বৌবন লাভ করিতে—আশা করি, সকলেই আশা করিয়। থাকে।
মহাভারতে উক্ত আছে, যবাতি খীর পুত্রকে নিজের জরা অর্পণ করিয়া
পুত্রের বৌবন লইয়া সংসারস্থ লৃটিয়াছিলেন। বর্ত্তমান যুগেও দেখা যায়,
বালকগণ খন খন বদনে কুর ঘবিয়া মোচ-দাছি তুলিয়া অসমরে বুবক
সাজিতে বুথা প্রয়াস পাইয়া থাকে, আর বৃদ্ধগণ পাকা চুল-দাছিতে কলপ
চড়াইয়া এবং নীরদন বদন-গহবরে ডাক্তার সাহায়ে ক্রত্রিম দক্ত বসাইয়া,
পার্বাতীর ছোট ছেলেটীয় জার সাজসজ্জা করতঃ পৌত্রের সহিত ইয়ার্কি
দিয়া, বাই, থেমটা, থিরেটারের আড্ডার ব্বকের হদমআ লৃটতে চেটা
করিয়া থাকে। ইংরেজ নারীগণও বৌবন-জোয়ারে জাটা ধরিলে প্রাণাভ
পণ করিয়াও বৌবনের অবথা-অত্যাচারজনিত য়েছেডা, ত্রণাদিয় কলজ
বিনট করিবার জন্ম বদনের চর্ম উন্তোলন-পূর্কক বৌবন-সৌলর্য্যে বিভূবিতা

चाक्टिक माथ करत । चत्रभावाङ्मारत चत्रावारम योगम तका कता बाव । वथा—

বখন বে অঙ্গে বে নাড়ীতে খাসবছন হইবে, তখন সেই নাড়ী রোধ ফরিতে হইবে। বে পুনঃ পুনঃ খাসবায়ুর রোধ ও মোচন করিতে সমর্থ ছয়, সে দীর্ঘলীবন ও চিরবৌবন লাভ করিতে পায়ে। পাকা চুল, ফোক্লা দাড, শিথিল চার্ডায় যুবক সাজিতে গিয়া বিড়খনা ভোগ না করিয়া, পুর্বে এই নিয়ম অবলখন করিতে পারিলে, আর লোকসমাজে হাত্রাম্পদ হইতে হইবে নাঁ।

অনাহত পদ্ধের বর্ণনাম বলিনাছি বে, উক্ত পদ্ধের কর্ণিকাছান্তরে অরুণবর্ণ স্থামগুল আছে; সহলারহিত অমাকলা হইতে বে অমৃত করণ হয়, সেই স্থামগুলে তাহা প্রস্ত হয়। এজন্ত মানবদেহে বলি, পলি ও জরা উপস্থিত হয়। বোণিগণ বিপরীতকরণ মুদ্রা অর্থাৎ উর্দপনে ইেট-মুখে থাকিয়া কৌশলক্রনে করিত অমৃত স্থামগুলের প্রাণ হইতে সক্ষা করেন। তাহাতে দেহ বলি, পলি ও জরা রহিত এবং দীর্ষ কাল স্থায়ী হয়। কিন্তু—

. গুরুপদেশতে। জ্ঞেরং ন চ শাস্ত্রার্থকোটিভিঃ।
অর্থাৎ ইহা সম্পূর্ণ গুরুপদেশ-সাপেক। বিপরীতকরণ মুদ্রা ব্যতীত
খেচরী মুদ্রা হারা সহজে ঐ ক্ষরিত অত্তরকা করা হার। থেচরী মুদ্রার
নির্ম হথা—

রদনাং তালুমধ্যে তু শনৈং শনৈং প্রবেশরেং। কপালকুহরে জিহ্বা প্রবিষ্টা বিপরীতগা। জ্রবোর্দ্মধ্যে গতা দৃষ্টিশুক্তা ভবতি পেচরী। বিহ্বাকে ক্রমে ক্রমে ভালুমধ্যে প্রবেশ করাইবে। পরে ক্রিহ্বাকে উর্দ্ধিকে উপ্টাইরা কপালকুহরে প্রবিষ্ট করাইরা ক্রবরের মধ্যস্থলে দৃষ্টি ছির রাখিলে খেচরী মুদ্রা হইবে।

কেহ কেহ ভালুমূলে রসনাগ্র শার্প করাইয়। ওতাদী করে। কিন্ত এ পর্যান্ত !—ঝাসলে কিছু হয় না। ঐরপে জিহবা রাথিয়া কি করিতে হয়, ভাহা কেহ জানে না। খেচরীমূলা খারা ত্রহ্মরদ্ধু-সলিত সোমধায়া পান করিলে অভ্তপূর্ব্ব নেশা হয়; মাথা খোরে, চক্ষু আপনি অর্থনিমীলিত ও হিয় থাকে, ক্ষ্যা-তৃষ্ণা অন্তর্হিত হয়; এইয়পে খেচরীমূলা সিদ্ধ হয়। খেচরীমূলাসাথন খারা ত্রহ্মরদ্ধু হইতে যে হাধা করণ হয়, ভাহা গোধকের, সর্বাদ্ধীয় প্লাবিত করে। ভাহাতে সাধক দৃঢ়কায়, বলি, পলি ও জরা-রহিত, কলপের স্লায় কান্তিবিশিষ্ট এবং পরাক্রমশালী হইয়া খাকে। প্রকৃত খেচরীমূলা সাধন করিতে পারিলে সাধক ছয় নাস মধ্যে সর্ব্বব্যাধি-মূক্ত হয়।

'ধেচরীমুদ্রা সিদ্ধ হইলে নামাবিধ রসাখাদ অফুভূত হর । খাদ-বিশেষে পৃথকু ফল হইরা থাকে। ক্লীরের খাদ অফুভূত হইলে ব্যাধি নট হর। স্থাতের আখাদ পাইলে অমর হর।

আরও আঞ্চান্ত উপারে শরীর বলি, পলি ও জরারহিত করিরা যৌবন চিরস্থারী করা বার। বাহুল্য ভরে সমস্ত উপার লিখিত হইল না।

দীর্ঘজীবন লাভের উপায়

---C:*:C---

শংসারে দীর্ঘকাল বাঁচিতে কাহার না ইচ্ছা ? কচিৎ কেঁহ রোগে, শোকে বা অক্সান্ত দারুণ বন্ধণার মৃত্যুকে শ্রের: মনে করে; আর বোগিগণ জীবন ও মৃত্যু উভয়ের প্রতি উদাসীন। ভত্তির সকলেরই দীর্ঘকাল বাচিতে লাধ আছে ৷ কয়জন মমুদ্যাকে দীর্ঘজীবন লাভ করিতে দেখিতে পাওরা বার ? . জুকালমৃত্যু এত লোককে প্রত্যন্থ শমন-সদনে প্রেরণ করিডেছে (प, कीवत्नव भूर्व प्रश्वा (प कलिन, जारा काशाक कानितक (पत्र नाः) অকালমৃত্যু কেন হয় এবং ভন্নিবারণের উপায় কি ? আর্যাঝবিগণ মৃত্যুর कांत्रण निर्प्तम बात्रा रिवारेबाह्न रव निर्द्ध निक मृजात कांत्रण । अन्हें वा मुष्टे, এই উভয় कांद्र(गंत्र मृगहे पत्रः। छाँहाता वर्तान, कर्षकन লাভের জন্ত দেহ তত্পযোগী হইয়া থাকে। সম্বর-বিক্রই জীবের জন্মযুত্যর প্রধান কারণ। স্থতরাং কর্মানল বতক্ষণ, দেহও ভড়কণ; ৰখন কৰ্মফল থাকিবে না, তখন আর দেহের প্রয়োজন কি? অভএব **८** तथा बाहेरलट्ह ८१, ८५२ कथनहे **डिब्र**कादी हहेरल शास्त्र ना । जस দেহের পরিত্যাগ ছই প্রকারে হয়; এক, কর্ম নিঃশেষিত হইলে, শীব বধন পূর্বজানের সহিত অনারাসে পঞ্চেক্রিয়সময়িত দেহকে পরিত্যাগ করে, তথন তাহাকে মোক বলা বার; অপর, বধন জীবের সঞ্চিতকর্ম বেহকে অভুরণ ভোগের অহুপযুক্ত বোধে, জীবকে অবশ ও অজ্ঞানার্ভ क्रबंधः वनभूर्वक पूनरहर भविष्णांभ क्रवात्र, उपन छारारक मृष्ट्रा वना सात्र। এইক্লপ মৃত্যুকে জ্ঞান অথবা বোগাছচানাদি ধারা অভিক্রম করা বাইডে পারে। চিত্তকে সর্বাপার বাসনা, ছরাশা প্রভৃতি হইতে নিযুদ্ধ রাখা দীর্ঘজীবন লাভের উপায়। কাম, ক্রোধ, লোভাদি প্রবল রিপুগণ

বাহাতে কোনমতে চিন্তকে পীড়া দিতে না পারে, ভাহাই করা কর্ত্বর ।

ক্রীবর ভক্তি ও নির্ভর করিরা সম্ভোবস্থাপানে রত হুইতে পারিলে
দীর্বনীবন দাভ বিশেষ অসাধ্য বোধ হর না । দর্শন-বিজ্ঞান
প্রভৃতি শাল্তবেত্তাগণ বিশেষ গবেষণাপূর্ণ যুক্তি ছারা জীবের জন্ম-মৃত্যুর
কারণ এবং দীর্বজীবন লাভের উপার নির্দেশ করিরাছেন; স্কভরাং
ক্রিবরে আলোচনা আন্দোলন এখানে নিপ্ররোজন । স্বরশান্তাম্পারে
ক্রিবেণ দীর্ব্বীবন লাভ করা বার, ভাহাই আলোচনা করা ঘাউক ।

মানবদরীরে দিবারাত্ত বে খাস-প্রখাস বহিতেছে, তাহার 'নাম প্রাণ। খাস বাহির হটুরা পুনং দেহে প্রবেশ না করিলেই জীবের মৃত্যু চইরা গিকে। নিঃখাসের একটা খাভাবিক গতি আছে। বথা—

প্রবেশে দশভি: প্রোক্তো নির্গমে বাদশাকুলম্॥

—चटत्रांषत्र

সমুখ্যের নিংখাস গ্রহণ সময় অর্থাৎ নাসিকার দ্বারা সহল নিংখাস টানিবায় সময় দশ অসুলি পরিসিত নিংখাস ভিতরে প্রবেশ করে। নিংখাস দ্যাগের সময় বা'র অসুলি খাসবায় বহির্গত হয়। নাসারক হুইতে একটা কাঠি দ্বারা অসুলি মাপিয়া সেই স্থলে একটু তুলা ধরিয়া দেখিও, বদি তাঁহা ছাড়াইয়াও বাছু বায়, তবে তুলা সরাইয়া দেখিবে, কতদ্র তাহার গতি হইল;—খাভাবিক অবস্থার বা'র অসুলির অধিক গতি হইলে বুকিতে হইবে, জীবন করেয় গথে গিয়াছে। প্রাণায়াম জানা থাকিলে, সহজে সেই কর নিবায়ণ করা বায়।

মানবের নিংখাদ পরিত্যাগের সমর বা'র আঙ্গুল পরিমাণে নিংখাসবার্ নির্দ্ধি হয়, কিছ ভোজন, গমন, রমণ, গান প্রভৃতি কার্যবিশেষে আডাবিক গতি অপেকা অধিক পরিমাণে নির্গত হইরা থাকে। বথা— দেহাদ্বিনির্গতো বায়ু: স্বভাবাদ্দাদশাঙ্গুলি:। গায়নে ষোড়শাঙ্গুল্যা ভোজনে বিংশতিস্তথা ॥
চতুর্বিংশাঙ্গুলি: পাছে নিজায়াং ত্রিদশাঙ্গুলি:।
মৈপুনে ষট্তিংশছক্তং ব্যায়ামে চ ভভোহধিকম্ ॥
স্বভাবেহস্ত গভৌ মৃলে পরমায়ু: প্রবর্জতে।
আয়ুক্ষয়োহধিকে প্রোক্তো মারুতে চাস্তরোদ্গতে ॥

গান্দফুরিবীর সময়ে যোল অঙ্গুলি, আহার করিবার সমরে কুড়ি অঙ্গুলি, গমন কালে চবিবশ অঙ্গুলি, নিদ্রাকালে ত্রিশ অঙ্গুলি এবং স্ত্রী-সংসর্গকালে ছত্রিশ অঙ্গুলি নিঃখাসের গতি হইরা থাকে। শ্রমজনক ব্যারামকার্ব্যে ভাহারও অধিক নিঃখাস পাত হইয়া থাকে।

বে কোন কার্যাকালেই হউক, বা'র অঙ্গুলির অধিক নিঃখাসের গতি হইলেই জীবনীশক্তির বা প্রাণের ক্ষয় হইডেছে বৃঝিতে হইবে। প্রাণারামাদি দারা এই অঘাভাবিকী গতিকে ঘভাবে রাধাই দীর্মজীবন লাভের প্রধানতম উপায়। নৈপুনে বে জীবনের হানি হয়, নিঃখাসের গতির দীর্মতাই তাহার প্রধান কারণ। জাবার বাহাদের জীবনী শক্তির হান হইরাছে, ছুল কৃথার ধাতুদোর্ম্বলা রোগ জন্মিরাছে, ভাহাদের নিঃখাস অতি ঘন যন ও আলী আঙ্গুল দীর্ম পাত হয়, কাজেই তাহাদিগকে আরও শীপ্র মৃত্যুর পথে টানিয়া লইয়া থাকে।

বোগালীভূত ক্রিয়াহঠান যারা ঐ নিঃখাসকে ঘাভাবিক অবস্থার রাখাই জীবনী শক্তি রক্ষার একমাত্র উপার। আবার বে ব্যক্তি যোগ-প্রভাবে খাভাবিক গতি হ'এক অসুনি করিরা হ্রাস করিছে পারে, সর্কানিকি ও অনার্কী ক্ষমতা ভাষার ক্রতলগত।

তিকাবছার উপনীত হইলে একেবারে বায়ু নিরোধ করিয়া বছদিন কাটাইয়া
দিভে পারা বায়। প্রাচীন যোগিগণের কথা ভঙ্ম; বর্জমান কালেও
ভূকৈলাসের সাধুর কথা কে না জানে ? ৺কানীধামের ত্রৈলজ্বানীর বিবিধ
বিচিত্র শক্তিলীলা কে না ওনিয়াছে ? ত্রৈলজ্বানী ছই চারি ঘণ্টা জলময়
হইয়া থাকিতেন, ভাষাতে ভাষার মৃত্যু হইত না। মহায়াজ রণজিৎ
সিংহের সময়ে মাাক্ত্রেগর্ প্রভৃতি সাহেবের সায়্থে হরিদাস সায়ুকে
চল্লিদিন এক বাজ্যের মধ্যে চাবি বন্ধ করিয়া মাটিতে পুঁতিয়ার্থাথ
হইয়াছিল; চল্লিদিন পরে দেখা হইয়াছিল, ভাষার মৃত্যু হয় নাই।

প্রাণবার্র বহির্গতি সভাবস্থ রাখিতে পারিলে পরমার্ র্জি হর।
কিন্তু নিংখাস নির্দিষ্ট পরিমাণের অধিক হইলে আয়ুক্তর নিশ্চিত। নিজা,
গানা, মৈথুন প্রভৃতি বে বে কার্ব্যে প্রাণবায় অধিক পরিমাণে বহির্গত হর,
সেই কার্য্য বত অর করিবে, ততই হুস্থ শরীরে দীর্ঘলীবন লাভ করিবে
সংক্রেশনাই। নিয়মিত রূপে প্রাণায়াম করিলে দীর্ঘলীবন লাভ হইরা
খাকে। প্রাণ শব্দে বায়ু, আর আয়াম অর্থে নিরোধ; প্রাণায়ামের
সমর কুম্বক করিলে প্রাণবায়ু নিরোধ হয়, খাস প্রবাহ হয় না, এই
হেন্তু জীবন দীর্ঘ ও রোগশৃক্ত হয়।

--- প্रन-विजय परवाष्ट्र

একাপুনত্তনানে প্রাণে নিক্সামতি বতা।

 আনন্দম্ভ বিতারে ভাৎ কবিশক্তিত্তীরকে।

বাচঃ দিখিশতুর্বে তু দ্রদৃষ্টিভ পঞ্মে।

বঠে ভাকাশগমনং চন্তবেগশ্চ সপ্তমে।

ভাইনে দিখাশভাক্তী নবমে নিধরো নব।

কশমে দশম্ভিশ্চ ছারানাশো দশৈককে।

ভাকশে হংসচারশ্চ গঞান্তরসং পিবেং।

ভানধানে প্রাণ্ড্রিক চ্যান্তরসং পিবেং।

ভানধানে প্রাণ্ড্রিক ভ্রান্তরসং পিবেং।

ভানধানে প্রাণ্ড্রিক ভ্রান্তরসং পিবেং।

ভানধানে প্রাণ্ড্রিক ভ্রান্তরসং প্রান্তরস্থ

শালবেক্তা পণ্ডিভগণ বলেন, কার্যগুণে পরমারু বৃদ্ধি এবং কার্য্য-लांख अज्ञायु वत्र । देवकानिक, नार्मनिक वरणन-कान, त्कार, ठिखा, ছরাশা প্রভৃতিই জীবের মৃত্যুর কংরণ। একট কথা,—স্বরশাস্ত্রকারগণ এক কথার ইহার মীমাংসা করিয়া দিয়াছেন। খাসের হ্রস্তা ও দীর্ঘতাই দীর্ঘায়ু ও অরায়ু হইবার প্রধান কারণ। শান্তবেভাগণের বুক্তির সহিত স্বক্ষানীর সম্পূর্ণ ঐক্য দেখা বাইতেছে। কেননা তাঁহারা যে সকল কাৰো মৃত্যুর কারণ নির্দেশ করিতেছেন, সেই সকল কার্ব্যেই নিঃখাসের দীর্ঘণতি অন্ধারিত হইতেছে। অতএব বাহার যত প্রাণ্বারু অর খরচ • হইবে, তীহার তত আয়ুবৃদ্ধি ও রোগাদি অল হইবে। তদক্তবার নানাবিধ পীড়া ও আয়ুনাশ হইবে, সন্দেহ নাই। বিচগণ পাঠক নি:খাসের গভি বুঝিয়া কার্যাদি করিতে পারিলে দীর্ঘজীবন লাভ বিশেব কঠিন ব্যাপার নহে বুঝিতে পারিবে। নিঃশাসবায়ুর একেবারে বাহুগতি রুদ্ধ করিয়া তাহা অন্তরাভ্যন্তরে প্রবাহিত করিতে পারিলে, সেই বোগেশ্বর হংসম্বরূপ ছইরা গদামুত পান করত: অমরত্ব লাভ করিয়া থাকেন। তাঁহার মন্তকের চুল হইতে নধের অগ্রভাগ পর্যান্ত প্রাণ বারুতে পরিপূর্ণ থাকে; স্থভরাং তাঁহার পান-ভোজনের প্রয়োজন কি। তিনি বাহুফ্লানশৃক্ত হইয়া জীবাত্মাকে পরমান্তার সহিত সন্মিলিত করতঃ অন্তরমধ্যে পরমানক ভোগ করিতে থাকেন। বে উপারে দীর্ঘলীবন লাভ করা বার, তাহাতেই मानदवत्र मुक्ति इहेशा शास्त्र ।



পুর্বেই মৃত্যু জানিবার উপায়

DOG-

প্রাতঃকার্লে স্ব্রোদর হইলে স্থান্ত বেমন অবশুজাবী, দিবালোক অপসারিত হইলে ধামিনীর অন্ধকার বেমন নিশ্চিত, তেমনি জন্মগ্রহণ করিলে মৃত্যু হইবেই। শঙ্করাবতার শঙ্করাচার্য্য বলিয়াছেন—

यार्यक्रननः जारमात्रशः जारक्रननीक्रिटतं भग्नम्।

--- মোহসুকার

বাস্তবিক অনবরত পরিবর্ত্তনশীল নখর সংসারে কোন বিবরের স্থিরত। নিশ্চরতা নাই; কেবল মৃত্যু নিশ্চিত। আমাদের দেশের মধু কবি মধুর বরে গাছিরা গিরাছেন—

> জন্মিলে মরিডে হবে, অমর কে কোণা কবে,—

চিরস্থির কবে নীর হায় রে জীবন-নদে ? এই মর জগতে কেহই অমরত্ব লাভ করিতে পারে নাই। কেবল শাস্ত্রমূবে শুনা বার বে—

> শ্বেশবামা বলিব্ব্যাসো চমুমাংশ্চ বিভীষণঃ। কুপঃ পরশুরামশ্চ সবৈপ্ততে চিরজীবিনঃ॥"

এই সাভন্তন মাত্র মৃত্যুকে রস্তা দেখাইয়াছেন; কিন্ত ভাহাও লোক-লোচনের প্রত্যক্ষীভূত নহে। মৃত্যু অনিবার্থ্য, জন্মগ্রহণ করিলে আর কিছু মৃত্যুক বা না হউক মৃত্যু অবশ্রস্তাবী। আল হউক, কাল হউক কিবা দশ মুখ্যুক্ত পরে হউক, একদিন সকলকেই সেই সর্ব্যাসী শমন সদনে গ্রম করিন্তেই হইবে।

একদিন মৃত্যু বধন নিভা প্রভাক্ষ সভ্যা, তধন কভদিন পরে প্রেম-পুত্তলিকা প্রণরিণী ও প্রাণাধিক পুত্র-করা ছাড়িরা, ধনজনপূর্ণ স্থাধের भः गांत कि निष्ठा घाटेरा इटेरव, छाटा कानिए कोटाब ना टेक्टा हत ? বিশেষতঃ মৃত্যুর পূর্ব্বে জানিতে পারিলে সাংসারিক ও বৈধন্ধিক কার্যোর বিশেষ স্থবিধা হয় এবং নাবালক পুত্র-কক্সার ভত্মাবধার্যুনর ও রক্ষণা-বেক্ষণের স্থবন্দোবন্ত, বিষয়বিভবের স্থাত্থালা বিধান করা যায়। আরও স্থবিধা এই ষে, মৃত্যুববনিকার অন্তরালে দৃষ্টি নিপতিত হইলে পরকালের পণও পরিষ্কৃত করা যায়। সংসার-আবর্তে ঘূর্ণামান ও মারামরীচিকার মুহ্মান, বিবিধ বিলাস-বাসনা-বিজ্ঞাড়িত হইয়া যাহারা সরক্ষগতে অসর ভাবিষী সতত স্বার্থসাধনে রত—ধর্মপ্রবৃত্তি মনোবৃত্তিতে স্থান দেম না, ভাহারাও যদি জানিতে পারে যে, মৃত্যু ভীষণবদন ব্যাদান করিয়া সম্মুথে ভাণ্ডৰ নৃত্য করিতেছে, আর ছর মাস, এক মাস কি দশদিন পরে প্রাণা-রামদারিনী সহধর্মিণী ও আবৈদ্বকাংশ ছাড়িয়া--পুত্রকলা, সাধের ধন ख्यन, विनाम-वामत्नत उपकर्म हेलानि ख्य मश्मात्वत मय हाड़िया मुख হত্তে নিঃসম্বল অবস্থায় একা চলিয়া বাইতে হইবে, ভাহা হইলে অবশ্ল ভাছারা তত্ত্বপথের পথিক হইয়া ধশ্মকর্ম্মের হারা পরলোকের ইষ্ট সাধন করিতে পারে। তন্ত্র, পুরাণ, আরুর্বেদ, জ্যোতিষ ও স্বরোদর প্রভৃতি শাস্ত্রে বছপ্রকার মৃত্যুলকণ লিখিত আছে । তৎপাঠে মৃত্যুলকণ নির্দারণ করা সাধারণের পক্ষে একেবারেই হঃসাধ্য। আমি খোগী ও সাধু-সন্ন্যাসীর নিকট যে সকল মৃত্যুলকণ শুনিয়া বছবার বছলোকের হারা পরীকার প্রত্যক্ষ সত্য ফল দেখিয়াছি, ভাহার মধ্যে বছ-পরীক্ষিত করেকটা লকণের মূল উদ্ধৃত করিয়া সময় নষ্ট না করিয়া সাধারণের স্থ্বিধার্থে বলভাবার লিখিত হইল।

वरमत्र, मांम किया পক्षित्र अथम पितन अक पिरातार्क वाहात छेन्त्र।

'নানিকার সমান বেগে বায়ু প্রবাহিত হর, সেই দিন হইতে সম্পূর্ণ ডিন বংগর পরে তাহার মৃত্যু হইবে।

বংসর, মাধ কিয়া পক্ষের প্রথম দিন হইতে ছই দিবারাত্র যাহার দক্ষিণ নাসিকারু খাস বহন হর, সেই দিন হইতে ছই বংসর পরে ভাহার মৃত্যু হইরা থাকে।

বংসর, মাস কিখা পক্ষের প্রথম দিন হইতে তিন দিবারাত্র বাহার দক্ষিণ নাসাপুট দারা নিঃখাস বাহির হয়, সেই দিন হইতে এক বংস্র পরে তাহার মৃত্যু হইবে।

বংসর, মাস কিখা পক্ষের প্রথম দিন হইতে নিরস্তর বাহার রাত্রিকাঁলে ইড়া ও দিবসে পিদ্যানাড়ীতে খাস প্রবাহিত হয়, ছর মাসের মধ্যে ভাহার মৃত্যু হইরা থাকে।

বংসর, মাস কিছা পক্ষের প্রথম দিন ছইতে বোল দিন পর্যান্ত বাহার দক্ষিণ নাসরক্ষে খাস বহিতে থাকে, সেই দিন হইতে এক মাসের শেষ দিনে তাহার মৃত্যু হইবে।

বংসর, মাস কিলা পক্ষের প্রথম দিনে ক্লণমাত্রও বাম নাসাপুটে শাসবহন না হইয়া, বাহার দক্ষিণ নাসায় নিরম্ভর নি:খাস প্রবাহীত হর, পনর দিন মধ্যে তাহার মৃত্যু হইরা থাকে।

বংসর, নাস বা পক্ষের প্রথম দিনে বাহার মল, মৃত্যু, শুক্র ও জ্বধোবায়ু এককালে নির্মত্ হর, দশ দিনের মধ্যে নিশ্চরই ভাহার মৃত্যু হর।

বে ব্যক্তি নিজের জার মধ্যস্থান দেখিতে না পায়, সেই দিন হইতে সংগ্রম কিছা নবম দিনে ভাহার মৃত্যু হর। বে ব্যক্তি নাসিকা দেখিতে না শায়, তিন দিনে এবং জিহবা দেখিতে না পাইলে, এক দিনের মধ্যেই ভাহার মৃত্যু ঘটে সলেহ নাই। আসয়মৃত্যু ব্যক্তি আকাশহ অক্সমতী, শ্রম্ব, বিষ্ণুপদ ও মান্ত্রামওল নামক নক্ষম দেখিতে পায় না। ৰাহার উভন নাসাপুটে একেবারেই নিংখাস প্রবাহ রহিত হইরা মুখ দিয়া খাস বাহির হর, সম্ভ সম্ভই তাহার মৃত্যু হইরা থাকে।

ৰাহার নাসিকা বক্তে, কর্ণন্ধ উন্নত হয় এবং নেত্র নারা অন্বর্ভ আঞ্চ নির্গত হয়, সেই ব্যক্তির শীঘ্র মৃত্যু হয়।

যুত, তৈল অথবা জলজ্বায়ায় আপনার প্রতিবিধ দর্শনকালৈ বে ব্যক্তি নিজ মন্তক দেখিতে না পায়, সে এক মাসের অধিক বাঁচে না।

স্বতে রত হইলে প্রথমে, মধ্যে ও অস্তে যে ব্যক্তির হাঁচি হয়, সে ব্যক্তি পঞ্চম মাসের অধিক জীবিত থাকে না।

ক্ষানু করিবামাত্র বাধার হৃদয়, চরণ ও মন্তক শুক্ত হয়, তিন মাসে ভাষার মৃত্যু হইয়া পাকে।

বে ব্যক্তি স্বপ্নে আপনাকে গৰ্দভার্ক, তৈললিপ্ত ও ভূষিত দর্শন করে, গে ব্যক্তি শীঘ্র ব্যালয়ে নীত হয়।

বে ব্যক্তি স্বপ্নে লোহদগুধারী, কৃষ্ণবন্ত্র পরিধান, কৃষ্ণবর্ণ পুরুষকে সম্মুধে দর্শন করে, সে ব্যক্তি তিন মাসের মধ্যে বমালয়ে অতিথি হইরা থাকে।

বাগার সর্বাদা কণ্ঠ, ওষ্ঠ, জিহ্বা ও তালু শুক্ষ হয়, ভাহার ষ্মাসের মধ্যে মৃত্যু হয়।

বিনা কাঝুৰে সহস। স্থলকায় ব্যক্তি যদি রুশ হয় এবং রুশ ব্যক্তি স্থল 'হয়, তবে এক মাস সধ্যে মৃত্যু নিশ্চিত।

হস্ত ধার। কর্ণকুহর অবস্থ করিলে, কর্ণের অভ্যন্তরে এক প্রকার অস্পষ্ট শব্দ শ্রুতিগোচর হয়, ইহাই খাভাবিক নিয়ম। যে ব্যক্তি ঐ প্রেকার শব্দ শুনিতে না পায়, এক মাস মধ্যে তাহার মৃত্যু হইবে।

বান্ধালীর চিরপ্রচলিত মাটির প্রদীপ, যাহা সর্বপ তৈল ধারা সলিতা সহযোগে আলিত হয়, সেই প্রদীপ নির্বাণের গন্ধ নাসারকে প্রবিষ্ট না হইলে বশ্বাসের মধ্যে মৃত্যু নিশ্চিত। বাহার দক্ত ও কোব টিপিলে বেদনা অহত্ত হয় না, ভিন সাস মধ্যে ভাহার মৃত্যু হটরা থাকে।

এত ত্তির আরও বছবিধ মৃত্যুচিত্র আছে; কিন্তু সমস্ত বলা স্থলীর্ঘ সময় লাপেক, সন্দেহ নাই। আর এক কথা, এই সকল লক্ষণ কাহারও পরীরে প্রকাশ না হইলেও না হইতে পারে। বিশেষতঃ নিঃখাসের মতি ও খাসের পরিচর জানা না থাকিলে, প্রথম লক্ষণগুলি বুঝা যায় না। সিদ্ধ মহাপুরুষ বলিরাছেন, করেকটা লক্ষণ প্রত্যেক ব্যক্তির হইবে, ইহা হির নিশ্চয়। পরীক্ষায় তাহার সত্যতা উপলব্ধি করিতে পারিরাছি। প্রিক্সণের অবগতির জন্ত একটা লক্ষণ লিখিত হইল।

দক্ষিণ হস্ত মৃষ্টিবদ্ধ করিয়া নাকের সমান মস্তকের উপর কিন্ধা ক্রর উদ্ধে কপালের উপর রাখিয়া নাসিকার সমূথে হাতের কজীর নীচে সমান ভাবে দৃষ্টিপাত করিলে হাত অত্যক্ত সরু দেখা যায়; ইহা সাভাবিক নিয়ম ৷ কিন্ধ যে দিন হাতের সহিত মৃষ্টির যোগ নাই, হাত হইতে মৃষ্টি বিভিন্ন দৃষ্ট হইবে, সেই দিন হইতে ছয় মাস নাত্র আয়ু অবশিষ্ট আছে বৃষিতে হইবে।

ঐ লক্ষণ প্রকাশ হওরার পরে প্রত্যহ প্রাতে চক্ষু যুক্তিত করিয়া অঙ্গুলির অগ্রভাগ দারা নেত্রের কোন কোণ কিঞ্চিৎ টিপিয়া ধরিলে তাহার বিপরীত দিকে নেত্রাভাস্তরে সমুজ্জল তারকার ভার একটা বিন্দু দৃষ্ট হর কি না পরীক্ষা করিবে। বে দিন হইতে ঐ জ্যোতিঃ দেখা না বাইবে, সেই দিন হইতে দশ দিনে তাহার নিশ্চরই মৃত্যু হইয়া থাকে।

আমি অনেক লোকের বারা ইহা বছবার পরীকা করিয়া নিঃসন্দেহ হইয়াছি। মৃত্যুর পূর্বে ঐ ছইটা লকণ সকল ব্যক্তির শরীরে হইবে; ঐ শুক্ষণ ব্বিবার জন্ত কাহারও নিকট বিছা-বৃদ্ধি ধার করিতে হইবে

না। এই হুইটী পরীকা সকলেই নিজে নিজ নিজ শরীরে দৃষ্টি করির। মৃত্যুর পূর্ব-লক্ষণ বৃবিতে পারিবে।

বোগী, অবোগী প্রভৃতি সকলেরই শরীরে মৃত্যুর পূর্বে এইসকল লক্ষণ প্রকাশ পার এবং বিবিধ শারীরিক ও মানসিক বিকার ঘটরা থাকে। মৃত্যুর পূর্বে ঐসকল লক্ষণ বৃঝিতে পারিলে, মৃত্যুর জন্ম প্রস্তুত হওয়া অতি কর্ম্বর। বেন ধন-সম্পদ্, বিবয়-বিভব, স্ত্রী-পুত্রাদির ভাবনা ভাবিয়া, ক্ষমার সায়াসোহে মুহুমান হইরা আসল কণা ভূলিও না। কিছুই সকে ষ্ট্রেরে-নি কেবল---

এক এব স্থল্ড বৰ্মা নিধনেইপামুহাভি বঃ।

অতএব পরজন্মে বাহাতে পরমা গতি প্রাপ্ত হইয়া সর্বাপ্তকার সুখসম্পদ্ ভোগ করা বার, তাহার অন্ত প্রস্তুত হওরা একাস্ত কর্তব্য । মৃত্যুকালীন সাংসারিক কোন বিবরে চিত্ত আসক্ত থাকিলে পুনরার ক্ষমগ্রহণ করিয়া ছঃখ-বন্ত্রণা ভোগ করিতে হইবে। ভগবান বলিয়াছেন,—

> षः यः वाशि न्त्रतम् ভावः छाज्ञ छात्सः करनवत्रम्। তং তদেবৈতি কৌস্তের সদা তত্তাবভাবিতঃ ॥

মরণকালে যে যাহা ভাবনা করিলা দেহ ত্যাগ করে, সে সেই ভাবই প্রাপ্ত হইরা থাকে। এই বন্ধ পরম্যোগী রাকা ভরত, হরিণশিশুকে াচন্তা করিতে করিতে মরিরাছিলেন বলিয়া পরকরে হরিণদেহ প্রাপ্ত হইরাছিলেন। "তপ ৰূপ বৃথা কর, মরিতে শানিলে হয়" এই চলিত বাক্য ভাহার প্রকৃষ্ট প্রমাণ। এই দকল কারণে স্পষ্ট বুঝা বার বে, বেরুপ ট্রাপ চিন্তা ক্রিতে করিতে প্রাণ্ডাাগ করিবে, সে ভরমুরণ দ্বপ প্রাপ্ত

হইরা থাকে। এইবার মৃত্যুকালে বিষয়-বিভবাদি ভূলিয়া ভগবানের পাদপত্মে মন-প্রাণ সমর্পণ করা সকলেরই কর্ত্তবা। ভগবান্ বলিরাছেন,——
স্কৃত্তকালে চ মামেব স্মরস্থত্বা কলেবরং।
বং প্রান্তি স মন্তাবং বাভি নাস্তাত্র সংশয়ঃ।

শীতা, ৮।৫

বে ব্যক্তি মৃত্যুকালে ভগবানের চিন্তা করিয়া দেহ পরিত্যাগ করে, সে
ব্যক্তি ভগবানের অরণ লাভ করিয়া থাকে, ইহাতে কিছুমাত্ত সংশর নাই-!
অভতাব সকলেরই মরণের পূর্বাককনগুলি জানিয়া সাবধান হওয়া গোবশুক।
বাহারা বোগী, তাহারা মৃত্যুকে নিকট জানিয়া বোগাবলমন করিয়া দেহ
ভ্যাগ করিতে চেটা করিলৈ জ্যোতিঃর পথে গমন করিয়া উত্তমাগতি লাভ
কলিতে পারিবে। অন্ততঃ মৃত্যুকালে বদি বোগ-স্থিত বিল্পু না হয়. তবে
ক্যান্তরে সিদ্ধিলাতে সমর্থ হটবে। আর বাহারা অবোগী, তাহারা
মরণের লক্ষণগুলি দেখিয়া অন্তির না হইয়া, বাহাতে ভগবানের প্রতি
সভত মন সমর্পণ করিয়া থাকিতে পার, নিয়ত সেই চেটা করিবে।
ভগবানের ধ্যান ও তাঁহার নাম শ্রণ করিতে করিতে মৃত্যুর সম্মুখীন
হইলে আর কোন বাতনা ভোগ করিতে হয় না। পরিশেবে—

উপসংহার —):•:(—

কালে কুত্ৰ গ্ৰন্থাকাৰের বহুৰা এই বে, এই পুত্তকের প্রতিপাম্ব বিষয় আমার প্রত্যক্ষ সত্য—বিশেষতঃ সরক্ষের "বিনা উৰ্ধে রোল আরোগ্য" শীৰ্ক হইতে শেষ পৰ্যান্ত ৰাহা লিখিত হইল, তাহা বহু শিক্ষিত ব্যক্তি প্রীক্ষা দারা প্রত্যক্ষ কল দেখিয়া বিশ্বিত হইয়াছেন। অতএব পাঠকগণ ্জ্ঞান-পরিষ্ঠ ধবিশ্রেষ্ঠগণের প্রচারিত সাধনে অবিশাস করিও না। তাঁহাদের সাধনসমূল মছনৈ এই স্থার উত্তব হইরাছে, এ স্থাপানে মরজগতে মাতৃষ অসর্থ লাভ করিবে, আত্মজ্ঞানের সম্পূর্ণ আক্রাজ্ঞা দুরীভূত হইবে। পাশ্চাত্য দেশীয়গণের বাহ্ বিজ্ঞান দেখিরা ভূলিরা আর্যাশান্ত্রে অনাদর করিলে, স্বগৃহে পারসায় পরিভ্যাগ করিয়া পরগৃহে মৃষ্টিভিকা করার স্তায় বিক্ষনা ভোগ করা হইবে। হিন্দু বাহা বুঝে, এখনও তালার সীমার পৌছিতে অন্ত ধর্মাবলখিগণের বহু বিলম্ব আছে। আজিও হিন্দুগণ যে জ্ঞান বকে আকৌ করিতেছে, তাহা বুঝিবার শক্তি অঞ্চের নাই। এই দেখ না, बांकामी हेश्त्राक्षि ভाषा भिका कत्रछः हामात्र, ভार्किन, छाटके, मिक्सिनत्र প্রভৃতি প্রধান প্রধান ইংরাজ-কবিগণের পু[®]জিপাট। ভর ভর করির। বেওরারিস মরদার স্থার বাহা ইচ্ছা তাহাতেই পরিণত করিতেছে : কিছ ক্মঞ্জন ইংবাজ শঙ্কাচার্ব্যের একথানি সংস্কৃত গ্রন্থের সর্ব্য জনমূলন করিতে পারে ? কোন্ ইংরাজ পাতঞ্গস্তোর এক ছত্তোর প্রকৃত ব্যাখ্যা করিতে সক্ষ इटेर्स ? छट्ट हिन्मून्न वहिन इटेर्ड अधीनडा-मृक्षण পরিश अफ़ इवेशारह, কালেই হিন্তে জড়োপাসক প্রভৃতি বাহা ইচ্ছা বলা বাইতে পারে,---নতুবা বে জড়বাদীদের ধর্মের অফি সক্ষার জড়ড, বাংগৈর ধর্ম এথন ও ছুল্পায় শিশুর স্তার যথেচছাগমনে পরমুখাপেকী, আশ্চর্যোর বিবর

চাছারাই হিন্দুধর্শের নিন্দাবাদ করিয়া পাকে। তাই বলিতেছি, পাঠক ! "গণ্ডার আ্ডা" বলার স্তার অপরের যুক্তিতে "হাঁ" বলিরা বাওরা गपूरुजात कार्या। हिन्सूधर्य वृत्रिएं हिही कत, ज्राद मिश्रिद, हिन्सू बाहा करत, जारा अकविष्यु अ कुमश्कांत अवर मिश्रा नरेंह । हिन्मुक्ष मञ्जीत आधा-স্থিক বিজ্ঞানসম্মত, দার্শনিকভার পরিপূর্ণ। পাশ্চাভ্যশিকাদৃপ্ত ব্যক্তিগণ ভাবিরা পাকে বে, বাহার বৈজ্ঞানিক ব্যাখ্যা নাই, তাহার কোনও মূল্যও नारे :-- তारे जाराता नकन कारबात देखानिक युक्ति युक्तिया त्रिणाय। বিজ্ঞান জ্ঞানের একমাত্র উপায় হইলেও সকল বিষয়ের উপযোগী নহে অথবা ভর্ক বৃদ্ধি সকল লোকের সকল কালের উপবোগী নহে। সকল জ্বাহ্ণাডেই ৰদি বৈজ্ঞানিক বৃক্তি অবলম্বনে চলিতে হয়, তাহা হইলে মানবের হুঃথের শীমা থাকে না। প্রত্যেক কার্যোর বৈজ্ঞানিক সভ্য জ্ঞানিয়া ভবে ভাহার অমুঠান করিব, ইহা বিবেচনা ভূল। নিঞ্জীব রঞ্জ:কণা হইতে এমন **(एट्टांश्य म्यूग्रम्डान किक्र्र्ट्स क्या शहर करत ?** तक्रनीट किन्हे वा कीव নিক্রাতে আছর হয়, রঞ্জনী অবসানেই বা কে আবার তাহাদের কাগাইর। দের ? পালাঁজর এক বা তই দিন অন্তর ঘড়ি দেকিরা ঠিক নিয়মিত সময়ে অলুক্তিতে আসিয়া কিরুপে রোগীকে আক্রমণ করে ? এই गर्मेंग विवस्त वृक्ति दक्र प्रैविश পारेग्रोह कि ?—ज्द जनस्त, আবৌজ্ঞিক বলিয়া চীৎকার করা কেন? বিশ পনর টক। বেতনের না করিরা যদি বলে, "কোন শক্তির বলে তারবোগে এই কার্ব্য সম্পন্ন इब, जाहा ना कानिया ना वृतिया काका मश्वानगाजात कावा कतिव ना ।"---ভবে ভো ভাহার এ জীবনে চাকুরীর সধুর স্বাদ উপভোগ হইবে না। কেননা, ভাষাদের স্থুল বৃদ্ধিতে সেই রিশাল ভল্কের ধারণা একেবারেই আঁজব। নিজ বিবেচনার উপরে নির্ভর করিয়া স্বাধীনভাবে কার্যা করে

বিলিয়া শিক্ষিতের যান নহে। পশুতেই স্বাধীনভাবে কার্য্য করিয়া থাকে।
শিক্ষিত ব্যক্তি জানিয়াছে, কিরুপ কার্য্য করিয়া লোকে কিরুপ কলা
পাইতেছে; সেই সমস্ত স্মরণ করিয়া ম্পাপ্রয়োগ করিছে পারে বিলিয়া
শিক্ষিতের এত মান। সূর্থ কিছুই জানে না, জাপন প্রকৃতি অনুসারে
কার্য্য করে, তাই তাহার পদে পদে দোর। বর্ত্তমান বুগে হীনবৃদ্ধি জয়ার্
হইয়া জামরা ধর্মেরও যুক্তি-বিজ্ঞান খুঁলিয়া বেড়াই; কিন্তু প্রত্যেক কার্য্যে বে বৈজ্ঞানিক বৃক্তি নাই, তাহা কে জানে? তবে বহুকালের বহুপুরুষগরস্পরার প্রকাশিত জ্ঞান-গরিমা গগুরে উদরসাৎ করা একেবারে অসক্তর্ত্ত ভিগবানের বিশাল বিচিত্র ভাত্তারে অনস্তশক্তি-সম্পত্তি সঞ্চিত, উর্দ্ধে, নিয়ে, পশ্চাতে, সমুথে, স্থুলে, স্থেম্ম, ইহপরকালের কত অগণিত, অজ্ঞানিত, অপ্রকাশিত তব্ত স্তরে স্তরে সর্জ্জিত, কে তাহার ইয়ত্তা করে? অনন্তের অনস্ত শক্তিত্ত নিরূপণ করা ব্যক্তিগত ক্ষমতার আয়ন্ত নহে! ভাই বলিতেছি, জ্ঞান-গরিষ্ঠ ঋষিশ্রেষ্ঠগণের বাক্যে বিশ্বাস করিয়া
অধিকার অমুসারে ধর্মকার্য্য করা সর্মধ্য করিবা হ

আমাদের কি বে সভাষের দোষ, কেইট আপন বৃদ্ধির হীনতা স্থীকার করিতে চাই না। বে সর্বাবাদিশত বোকা, সেও তাহা বিশ্বাস করে না। একদা আমি, আমার জন্মপলীর স্ত্রধরগণের কারখানার বসিয়া একটা বৃদ্ধুর সহিত নিউটন-প্রচাবিত মাধ্যাকর্ষণের আলোচনা করিতে-ছিলাম। নিকটে এক স্তর্ধর গাড়ীর পারা গড়িতেছিল, "কলটা শৃষ্ঠে বা উদ্ধি কিলা আলোগালে না বাইরা নিমে কেন পড়িলাস্থ এই রাখ্যে সেহাসিরা অন্থির;—সে নিমে পড়ার কতকগুলি কাঠকাটা বৃদ্ধির বৃক্তি দেখাইরা আমাদের এমন কি নিউটনকে পর্যান্ত গ্র-আকার না ধ্র-আকার

বানাইয়া দিল। তবেই বেশ, আমরা নিজে সেই আর্বা-কবিগণের জ্ঞান-পরিম। স্থান্তম করিন্ডে পারি না, কুড় যজিকে সেই বিশাগতবের ধারণা হর না—ভাহা খীকার না করিবা শাল্রবাক্যকে বিক্রতমন্তিকের প্রকাপ ৰাক্য বলিয়া উড়াইয়া দেই। পাঠক! আমিও একদিন এই শ্ৰেণীর অগ্রণী ছিলাম। আমার বে গ্রামে করা হর, তথার ভদ্রলোকের বাস নাই; বে ছুল্পবর ব্রাহ্মণ আছে, ভাহারা প্রাক্ত জ্ঞানের আলোক দেখে নাই অথচ প্লাশ্চাত্য-শিকাদীপ্তও নহে—অন্ধ বিশ্বাদী। কেবল বিরাট্ তৰ্কলাল, কাতীয় দলাদলি, গ্রামে না ঘাইয়া পিঁড়েই বসিয়া পেঁড়োর্ সমাচার প্রভৃতি প্রাম্য বিজ্ঞতার বড়াই লইয়া কাল্যাপন করে। 🚜 সন্ধ্যা-আহিক, তপ-জপ, পূজাদির প্রকৃত মর্ম জানে না ও উপযুক্তরূপে অমুটিত হর না। কেবল সৈ প্রামে নহে, প্রায় পৌলে-যোল মানা প্রামেই এইরূপ দেখা যায়। এই জন্তই ক্রমে লোকের ধর্ম্মে-কর্ম্মে কপ্রদা জন্মিতেছে। স্মামিও ঐক্লপ স্থানে ক্ষরিয়া তাহাদের সংগর্গে লালিড-পালিত হইয়া সেইরপ শিকাই প্রাপ্ত হুই। পরে বয়োর্ছিসহকারে নানা স্থানে নানা সম্প্রদারে মিলিত হইরা মনের গৃতি কেমন কিন্তুত-কিমাকার হইরা দীড়াইল; তথন দেবতাতত্ব ৪ মারাধনা কুসংশ্বার সনে করিলাম। আমার পুর্বপুরুষণণ আধ্যাত্মিক ধ্যান-জ্ঞানে জীবনা বাপন করিয়া গিয়াছেন, আমি সেই মহান বংশে অক্সপ্রত্ন করিরা, সন্ধ্যা উপাসনা নিত্যকার্য পর্বাস্ত প্রভাবার মনে করিলাম। ভানের অভাবে বুঝিতাম না—স্টট রাজ্যের সীমা কোথার? হালুক্যাসনের বিবেকবাদিগণের বিবেকবৃদ্ধি-াশ্যত নজীয়ে নবা অভিজ্ঞ সাজিয়া অনভিজ্ঞের স্থায় বিজ্ঞ বৃদ্ধগণের কথা व्यवका कृतिया एकारिया नियाद्याः किया ठिवनिन नमान यात्र नाः; चमुहेठकरनिवर चार्वहरन-भटिगणित शतिवर्त्तर-चक्क इशात थ भाव-ষাহান্ত্রো এবং কার্যাকারণের প্রান্ত্রক্ষতা মধ্যে পূর্বের অপূর্ব্ধ সংখার উদ্ধিরা

গিয়াছে, সভনাং এখন স্বক্ষোল-কলিত ধর্মমতের অসাব ভিত্তি অবলয়ন করিয়া আতীয় শাল্প অগ্রাহ্ম করিতে পাবি না। সেই কল্প বলিতেছি, আর্থাশাল্পেক জটিল বহস্ত উদ্ভেদ কবিতে না পারিলে, নিজ ক্ষুত্র বৃদ্ধিব ফেটী ফুলিয়া তল্পজানী ধ্বিস্থাবে মহ্বাক্য অগ্রাহ্ম কবিও না।

এই গ্রাহেব পবে বাজ্ঞবোগ, হঠবোগ প্রাকৃতি বোগেব উচ্চান্ত ও সাধন-বৌশল, ব্রহ্মচর্যা সাধনোপার, বিন্দুসাধন, শৃলাবসাধন, কুমাবীসাধন, পঞ্চানুকাবে কালীসাধন প্রভৃতি ভয়োক্ত গুজ্সাধন এবং বসভন্ত ও সাধা-সাধনা প্রভৃতি আব্যাশাস্থেব জটিল বহস্ত কামি "জ্ঞানী গুরুত "তান্ত্রিক গুরুত্ব ও "প্রেমিক গুরুত গ্রহে প্রকাশ কবিরাছি। জ্ঞান, ধন্ম ও সাধনপিপাস্থ স্কুর্তিবান্ সাধকগণ যদি শাস্ত্রোক্ত সাধনেব সম্যক ভব্ব জানিবাব বাসনার এই দীনেব আশ্রমে অন্থ্রাহপূর্কক উপস্থিত হন, ভবে গুক্তপার বেরুপ শিক্ষা আছে এবং আলোচনা-আন্দোলনে বে ক্ষুত্র জ্ঞান লাভ কবিরাছি, ভদ্মসারে সাদবে সম্বন্ধে বুঝাইতে ক্রটী কবিব না।

একণে পাঠকগণের নিকট সন্ধিক্ষ অমুবোধ এই বে, জানেব উৎকর্ষ
সাধন কবিয়া, অজ্ঞানের সুস্থা ববনিকাব অস্তবালে দৃষ্টি নিক্ষেপ করিয়া
শিক্ষা কর, দেখিবে, এই বৈচিত্র্যান্ত্র স্থানিব্যান্ত্র সীমা কোণায়—তথন
বুরিতে পারিবে, আর্যান্ত্রিগণের সুগ্রসান্তরের আবিস্কৃত ও তপংপ্রভাবে
বিজ্ঞাত এবং লোকহিতার্থে প্রচারিত কি অমুলা রম্ম লাজে সজ্জিত আছে।
আক্রবিধাস ভাল নহে, অমুসন্ধান করিয়া—সাধন কবিয়া শাল্রবাহেল্যর
সভ্যতা উপলব্ধি কর। পিতামহ, প্রপিতামহের স্বাবদ্ধিত সনাতন
হিল্পথে বিখাস স্থাপন কবিয়া, তদমুসারে সাধন-তল্পন করিয়া মানুরুল্য
সার্থক ও সর্মানক উপভোগ কর। হিল্পথেয় বিজ্ঞান-ক্ষম্বিবাভে দিগ্র

শিসন্তর প্রতিধ্বনিত কব। হিন্দুগর্জেব বিমল লিখা কিরণ বিকীবণ ক্ষিলা সন্তা ক্ষেণের সন্তা ক্ষাতিকে উদ্ধাসিত ও প্রকৃত্ত কব। আমলাও এখন ক্ষন্য মবণ ভ্যানিবারণ সভাসনাতন সচিচ্চানন্দ পৃষ্কুসের পদাববিন্দ-বন্দনাপুরংসর ভারুক ভক্তসংগর নিক্ট বিদার প্রথণ কবিলাম।

> হংসাঃ শুক্লাকু গ্রেন শুকাশ্চ হবিভাকৃতা:। ময়ুবাশ্চিত্রিভা যেন স দেবো মাং প্রসীদতু॥

ওঁ ঐকিষার্পণমন্ত

